ঝঞ্ঝা

শ্রীনগেন্দ্রপ্রসাদ সর্ব্বাধিকারি

প্রণীত

কুন্তলীন প্রেস,

৬১ ও ৬২নং বোবাজার ষ্ট্রীট, কলিকাতা ;

দ্বিতীয় সংস্করণ
সন ১৩২০ সাল।

কুন্তলীন প্রেস,
৬১ ও ৬২নং বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা ;
শ্রীপূর্ণচন্দ্র দাস কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

উৎসর্গ পত্র।

স্বর্গীয় রায় বাহাদুর ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী
শ্রীচরণ কমলেষু—

সর্ব্বদেবময়,

অনন্ত কর্ম্মের মধ্যেও অবসর করিয়া লইয়া যে দিবস আপনি 'নলিনী-বসন্ত' বা 'টেম্‌পেষ্ট্'এর অনুবাদ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, সেই সময়ে কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় আপনার সহিত সাক্ষাৎ করিতে আগমন করেন। আপনার অনূদিত দুই পৃষ্ঠা 'নলিনী-বসন্ত' আপনার বন্ধুকে উপহার প্রদান করেন। সুকবি হেমচন্দ্র প্রিয় বন্ধুর অনুরোধে "টেম্‌পেষ্ট্"এর উপাখ্যান অবলম্বনে তাঁহার 'নলিনীবসন্ত' সম্পূর্ণ করেন ; কিন্তু অনুবাদকার্য্য অসম্পূর্ণ রহে। সেক্‌স্‌পিয়রের বঙ্গানুবাদ আপনার চির অভিপ্রেত ছিল। আপনার প্রীত্যর্থে সেই মহাব্রত গ্রহণ করিয়া বহু আয়াসে প্রথমাহুতি প্রদান করিলাম। ইতি—

"কাল।"

ঝঞ্ঝা।

নাট্টোলিখিত ব্যক্তিগণ।

এ্যালঙ্গো — নেপল্‌স্‌ নৃপতি।
সিবাষ্টিয়ন্‌ ... ঐ ভ্রাতা।
প্রস্পেবো .. প্রকৃত মিলান্‌-সামন্ত।
এ্যাণ্টোনিও — ঐ ভ্রাতা ও অপ্রকৃত মিলান-সামন্ত।
ফার্ডিনাণ্ড্‌ ... নেপল্‌স্‌-নৃপতিব পুত্র।
গঞ্জালো ... সাধু বৃদ্ধ অমাত্য।
এ্যাড্রিযান্‌ }
ফ্রান্সিস্কো } ... পাত্রগণ।
ক্যালিব্যান্‌ ... বিকলাঙ্গ বর্ব্বব (দাস)।
ট্রিন্‌কুলো — বিদূষক।
ষ্টীফানো ... মদ্যপ-ভাণ্ডাবী।
পোতাধ্যক্ষ।
কর্ণধাব।
নাবিকগণ।
মিবাণ্ডা — প্রস্পেবোব কন্যা।
এবিযল্‌ ... কামচব।
আইবিস্‌
শিবীশ্‌
জুনো
জলদেবীগণ
বাথালগণ } কামচবগণ কর্ত্তৃক অভিনীত দেবদেবীগণ।

প্রস্পেবোব অনুজীবী অন্যান্য কামচবগণ।

দৃশ্য—সমুদ্রে ভাসমান এক পোত; এক দ্বীপ।

ঝঞ্ঝা।

প্রথম অঙ্ক।

প্রথম দৃশ্য।

সমুদ্রবক্ষে এক পোত ভাসমান : ঝটিকা-কালীন বজ্র-পতন শব্দ।

পোতাধ্যক্ষ ও কর্ণধারের প্রবেশ।

পো। মাজি!

কর্ণ। হ্যাদে, সেরাং : খবর্ কি?

পো। মামু, মালাগুলারে নি জানান্ দ্যাও : হাত লাগাও, গপ্ সারি ল্যাও, নয় মোরা জমিনে ধস লাবি : জলদি কর, জল্দি কর। (প্রস্থান।)

(সুকানি, ট্যাণ্ডেল্ প্রভৃতি নাবিকগণের প্রবেশ।)

কর্ণ। হেঁইয়া, মেরি জুয়ান্! ফুর্ত্তি, ফুর্ত্তি, মেরি জুয়ান্। গপ্ কর, গপ্ কর। ইস্তিঙ্গী উর্পের্ পাল হাকার্। সেরাংসব

উদেলে কান্‌ডা বাহ। আবে, হ্যাও হাবামপুত কসে ফু, দম্‌ডা যাক্ ফাসে, দবিযায় কিসে ঠাই কমি।

(এ্যালঞ্জো, সিবাষ্টিয়ন্, এ্যাণ্টোনিও, ফার্ডিনাণ্ড্,
গঞ্জালো ও অন্যান্যেব প্রবেশ।)

এ্যাল। মাঝি মিঞা, খুব হুঁসিয়াব্। সাবেং কোথা ? তেডে লাগ, মরদ্ কি কাম্ দেখাও।

কণ। কর্ত্তা, হাত্ জুবি, ফানি বন্।

এ্যাণ্টো। সাবেং কোথা, মাঝি ?

কণ। তানাদেব আওয়াজ্ সেধুই না ? আমাগব্ কামে দ পাবেন : কাম্‌বা সই অয়েন্ : তুফনে মদত্ খ্যান্, কর্ত্তা।

গঞ্জা। আহা, মিয়া, ঠাণ্ডা হও।

কণ। দবিয়া অইলে, কর্ত্তা। বয় স্থান্। তুফন্ বাজাব রুব্‌কো বাহে ? কাম্‌বা বিগে : চুপ্ স্থান্। দেগ্ না কবেন।

গঞ্জা। মিয়, তবু মনে বেথ তরণী-আবোহী কে।

কণ। মোব পবাণডাব মব কেউ লয়। হুজুব, ত উজ্জির, হুকুমে তুফন্ বদ্ কবেন, জমাৎ এ্যাহন্ ঠাণ্ডা কবেন, মোবা দবা ছুই না ; হুকুম্ ঝাইবে স্থাহেন : না পাবেন, তস্‌লিম্ স্থান্ থামিনেব জান্‌ডা এ্যাহনও টিহে, আব কাম্‌বা যায়ে বদ নসিব, যদি ঘটব্যান্, তার লেগে তয়াব হন্, মুশয়। ফূর্ত্তি কব, মামু জান্। পথ ছারি স্থান্, কই শুন্যান্।

(প্রস্থান।)

গঞ্জা। পাষণ্ডের বাক্যে শান্তি পাইলাম : আমার মনে হইতেছে ইহাব কুত্রাপি মজ্জন-বেখা নাই ; দেহে ত্রিকাকাষ্ঠ-চিহ্ন সকল পূর্ণ দেদীপ্যমান। দয়াময়ী নিয়তি দেবী, এই ব্যক্তিব ত্রিকারূপ নেমি, দৃঢ়রূপে ধারণ কবিয়া রহুন : ইহাব অবশ্যম্ভাবী গল-রজ্জু আমাদের ভব-সাগব তরণেব উপলক্ষ্য হউক, আমাদেব যাহা অবলম্বন তাহা অত্যল্প সুবিধাজনক বোধ হইতেছে। যদি এই ব্যক্তি ফাঁসি-কাষ্ঠে দণ্ডিত হইবাব নিমিত্ত জন্ম গ্রহণ না কবিয়া থাকে, আমাদেব অবস্থা শোচনীয় সন্দেহ নাই।

(প্রস্থান।)

(কর্ণধারেব পুনঃ প্রবেশ।)

কর্ণ। উর্পের্ ডোল্ আড়িয়া কর্! থপ্ কব! আড়িয়া কর, আড়িয়া কর্! রাস্তা যায়, তিস্‌বা সল্ হাওয়া ভব।

(অভ্যন্তরে আর্ত্তনাদ।)

চিক্কুরি ছার্‌চে, পেলেক্ ধরুক্! এডা দেহি বাসাতেব ডাক্ কি মালার হাক্ ছাবায়ে জবর্।

(সিবাষ্টিয়ন্, এ্যাণ্টোনিও ও গঞ্জালোর পুনঃ প্রবেশ।)

অয়! আপনগর্ এহানে কি? মোরা কাম্ ছারি দিমু? তলাইমু? কর্ত্তাগর্ তলাইবার্ দিল্ অইচে?

সি। মা শীতলা তোর কণ্ঠনালী শীতল করুন, বেটা দুর্ব্বৃত্ত, নাবকী, হেয় কুক্কুর!

কর্ণ। আইসে কাম্ করবেন্ তবে, কর্ত্তা।

এ্যাণ্টো। মর্ উদ্বন্ধনে, বাবকীমুত, উদ্ধত বিতণ্ডাকারী, কুক্কুর। গলে রজ্জু দিয়া মর্। আমরা তোর মত জলমগ্ন হইবার ভয়ে ভীত নহি।

গঞ্জা। পোত যদি বাদরী ত্বক্ অপেক্ষা ভঙ্গুর এবং অবিশ্বাসিনী নারীর সদৃশও গলিত হয়, তত্রাপি এই নরাধমের জলমগ্ন হইয়া মৃত্যু নাই, সে বিষয় নিশ্চিত।

কর্ণ। ডাও, আগিল্ সিধা কর্, আগিল্ সিধা কর্। বাস্তা পায়, তুলো সল্ ফিন্ হাওয়া ভর্, উজাও, পিছিল্ সিধা কর।"

(সিক্ত নাবিকগণের প্রবেশ।)

নাবি। সব খালাস্। প্যাবের নাম দে, প্যাবের নাম দে। সব খালাস্।

কর্ণ। কি কও, আমাগর্ মুণ্ডলান্ হিমপারা অইবে নাহি?

গঞ্জা। নৃপতি ও যুবরাজ প্রার্থনায় রত। মোরা ত্বরা লহি সঙ্গ, একভাগ্য সবাকার।

সি। উত্যক্ত হয়েছি।

এ্যাণ্টো। মোদের জীবন হৃত মাত্র মদ্যপের হেতু।
এই ব্যাদিত-বদন দুষ্ট— বহিস্
মজ্জিত যেন দশ স্রোতকাল ব্যাপি'।

গঞ্জা। তবু এই জন হ'বে ত্রিকা-বিলম্বিত,
প্রতি বারিবিন্দু যদি বিরুদ্ধ শপথে
বিস্তারে বদন দীর্ঘ গ্রাসিতে উহায়।

[(অভ্যন্তরে কলরব।)
'প্রভু দয়া কর আমাদের' !—
'গেল, গেল' !—'প্রিয়তমে বিদায়' !—
'বিদায় বাছনি।'—'ভাই আমাব যাই' ।—
'গেল, গেল, গেল' !]

এ্যাণ্টো। এস এবে মগ্ন হই নৃপতির সনে।

সি। বিদায় লইগে এস তাঁ'র সন্নিধানে।

(এ্যাণ্টো ও সিবার প্রস্থান।)

গঞ্জা। সম্প্রতি সহস্র যোজন সমুদ্র বিনিময়ে এক বিঘা অনুর্ব্বব ভূমিখণ্ড গ্রহণ করিতে পারি, তাহাতে এরণ্ড, নাগবল্লী, শাক্ষগন্ধা, গ্রন্থিলা, যাহা কিছু উৎপন্ন হয় ক্ষতি নাই। মঙ্গলময়েব ইচ্ছা পূর্ণ হউক! আমি কিন্তু শুষ্ক ভূমিতে মৃত্যু আলিঙ্গন কবিতে পাবিলে আনন্দিত হইতাম।

(প্রস্থান।)

দ্বিতীয় দৃশ্য।

দ্বীপ। প্রস্পেরোব গুহা-সম্মুখ।

(প্রস্পেরো ও মিরাণ্ডার প্রবেশ।)

মি। পিতা, তব বিদ্যাবলে যদি উন্মাদ লহরী-
মালা ধায় ঘোররোলে, কর শান্ত তাহা।
মনে হয়, অম্বর বর্ষিবে ধারা অঙ্গারের ধারে,

কিন্তু বারিনিধি, উথলিয়া বিমান-কপোলে,
নির্ব্বাপিত করি'ছে অনল। সহিষ্ণু কতই, উহু,
তাহাদের সাথে হেরিলাম সহি'ছে যাহারা :
সুদৃঢ় তরণী, নিঃসন্দেহ, ধরে কত সুমহৎ প্রাণী,
খণ্ডে খণ্ডে বিচূর্ণিত। অহো, তাহাদের সে চীৎকার
আঘাতিল মর্ম্মস্থান মোর। হতভাগ্য জীবগণ,
বিনষ্ট তাহারা। হইতাম যদি কোন শক্তিমতী দেবী,
পাথারে পৃথ্বীর গর্ভে প্রোথিতাম আমি,
এমা জীবপূর্ণ হেন বিচিত্র তরণী
হেন রূপে কবলিত হ'তনা তাহার।

প্র। শান্ত হও : বিস্মিতা না হইও অধিক ·
কোন ক্ষতি হয় নাই—কহ তব করুণ হৃদয়ে।

মি। আহা, কি দুঃখের দিন।

প্র। ঘটেনি অনিষ্ট। করি নাই কোন কর্ম্ম
যা'র চিন্তা নহে তুমি, তুমি প্রিয় মোর,
তুমি তনয়া আমার, জ্ঞানহীনা কেবা তুমি,
নাহি জান কে যে আমি আসি কোথা 'হ'তে,
কিম্বা আমি নহেক অধিক বিনা প্রস্পেরো,
অধিকারী একমাত্র সামান্য গুহার,
নহে ততোধিক বিনা জনক তোমার।

মি। জানিতে অধিক আর
ত্যক্ত কভু করে নাই ভাবনা আমার।

প্র। 　　হয়েছে সময়

ইহার অধিক শুন জানা'ব তোমায়।

তব হস্ত কর নিয়োজিত, মোর অঙ্গ হ'তে

মায়া-বেশ কর উন্মোচন। হইয়াছে :

(ভূমিতে পরিচ্ছদ রক্ষা করণ।)

বিদ্যা মোর, রহ অবস্থিত তথা'।

মুছ আঁখিজল, লভ গো সান্ত্বনা।

পোত-ধ্বংস শোকাবহ দৃশ্য,

স্পর্শিল তোমার যাহা মর্ম্মসন্ধিস্থল,

অলৌকিক বিদ্যাবলে হেন নিরাপদে

আমি সাধিয়াছি তাহা, নহে একপ্রাণী

না, নহে কেশ এক মাত্র কা'র

তরণী-আরোহী যত ক্ষতিগ্রস্ত কোনরূপে,

চীৎকার শুনিলে যা'র, নিমজ্জিত হেরেছ যা'দের।

ব'স , জানিতে হইবে এবে, ইহার অধিক।

মি। 　　কবিয়ে স্থচনা প্রায় কহিবারে কেবা আমি,

হ'তেন নীরব ত্যজি' মোরে বৃথা কল্পনায়,

সমাপিয়া যথা 'রহ' : 'নহে অদ্যাপিও'।

প্র। 　　সে সময় এক্ষণে আগত,

প্রতিপল কহে মুক্ত কর কর্ণ-পথ ;

পালহ আদেশ, হও মনোযোগী।

পারনা কি স্মরণে আনিতে দিন

এ গুহায় আগমন-পূর্ব্বে? বিবেচনা করি আমি
পারিবে না, কারণ বর্ষত্রয়ও পূর্ণ নহে তখনও তোমার।

মি। পিতা, নিশ্চয়, কহিতে পারি।

প। কিসে? অন্য কোন গৃহ কিবা ব্যক্তিরে স্মরিয়া?
কিম্বা মোর কোনবিধ মূর্ত্তি
তব স্মৃতি-পথে অদ্যাপিও করে অবস্থান।

মি। গত কতকাল স্বপনের প্রায়,
দৃঢ় করি' কহিতে না পারি স্মৃতিতে উদিত যাহা।
ছিল না কি নারী পঞ্চ কিম্বা চারি
আমায় সেবিত যা'রা?

প্র। ছিল, মিরা, ইহারও অধিক। কিন্তু এ'ক,
এ বিষয় কেমনে রয়েছে মনে?
আর কিবা দেখিবারে পাও
ভেদি' ভূতকাল আঁধার অতল সম?
আছে কি স্মরণে কিছু হেথা' আগমন-পূর্ব্বে,
কিরূপে বা আগত হেথায় পার কহিবারে?

মি। তাহা কিন্তু নারি।

প মিরা,
গত দ্বাদশ বৎসর, আজি দ্বাদশ বৎসর,
পিতা তব ছিল শুন মিলান-ঈশ্বর,
শক্তিশালী অধিপতি এক।

দেব, আপনি কি পিতা নহ মোর?

প্র। জননী তোমার ছিল মূর্ত্তিমতী সতী,
কহিত সে মোরে তুমি তনয়া আমার,
পিতা তব আছিলেন মিলান-সামন্ত,
তুমি মাত্র উত্তরাধিকারিণী তাঁহার,—
রাজার ঝিয়ারী, নহ হীনতরা।

মি। কি সর্ব্বনাশ!
কিবা চক্রান্তের বশে, তথা হ'তে আগত আমরা?
কিম্বা দেব-অনুকম্পা বলে মোরা আইনু হেথায়?

প্র। উভয়, উভয়, বালা।
চক্রান্তের বশে, তুমি যেমতি কহিলে,
দূরিত সে স্থান হ'তে, কিন্তু প্রেরিত এ স্থানে
পূর্ণ অনুকম্পা-ফলে।

মি। হায়, মরমে পেতেছি ব্যথা বিবেচি' বিপদ
আমি কিবা হয়েছিনু তব সন্নিকটে,
কিন্তু সে সকল কথা গত এবে স্মৃতি হ'তে।
মিনতি আমার, হ'ন অগ্রসর।

প্র। ভ্রাতা মোর খুল্লতাত তব, এ্যাণ্টোনিয়ো নাম -
শুন, লক্ষ্য কর ভ্রাতায় এরূপ বিশ্বাসঘাতক হয়।—
যা'রে তব নিম্নে ইহলোকে দানি' স্নেহ মম
ভা'রি করে সঁপি রাজ্যশাসন-ক্ষমতা।
সেইকালে যাবতীয় খণ্ডরাজ্য মধ্যে
সর্ব্বশ্রেষ্ঠ ছিল রাজ্য মোর,

প্রস্পেরো সামন্ত প্রধান, লভি' সর্ব্ববাদীক্রমে
সম্মান, ও সুকুমার কলা অদ্বিতীয ,
যে হেতু সে বিদ্যা ছিল একমাত্র সাধনা আমার,
সঁপি' রাজ্যভার আমি সহোদরে মোর
নিজরাজ্যে হইলাম আগন্তুক প্রায,
চিত্ত ন্যস্ত সমাধিস্থ গুপ্ত সাধনায।
অবিশ্বাসী খুল্লতাত তব –
শুনি'ছ কি তুমি ?

মি। পিতা, অতিশয মনোযোগে।

প্র। বারেক লভিযে সিদ্ধি আবেদন কা'র পূরাইতে,
কা'রে অস্বীকৃতে তাহা, কা'রে বাড়াইতে,
কাহারে খর্ব্বিতে অতিশয বৃদ্ধি হেতু,
কহি আমি, নূতন নির্ম্মাণ করে
সে সকল জীব যা'রা ছিল মোর অনুগত,
না রূপান্তর করে, বা গড়ি' লয নূতন প্রকারে,
লভি' কুঞ্জি উভযের কর্ম্মচারী ও কর্ম্মের,
রাজ্যের হৃদয পরে বসাইল সেই সুর
কর্ণে যাহা বাজিত তাহার, এবে সে হইল
বিষবল্লী ছেযে রাজকীয দেহ কাণ্ড মোর,
শোষিতে লাগিল প্রাণ-রস মূল তরু হ'তে।
শুনি'ছ না তুমি।
হাঁ, পিতা, শুনিতেছি।

প্র।   শুন, কহি, লক্ষ্য কর।
এইরূপে উপেক্ষিলে জাগতিক কর্ম্ম যত,
নিবেদিলে সমস্ত শকতি
আত্মোৎকর্ষ-চিকীর্ষায় নির্জ্জন সাধনে,
যাহা উপযোগী তা'র ও অবসর-লব্ধ নিভৃত নিলয়ে,
উপেক্ষিলে সাধারণ যশ ও সম্মান,
অবিশ্বাসী ভ্রাতার হৃদয়ে
জেগে ওঠে কুপ্রবৃত্তি এক, বিশ্বাস আমার,
সুপিতার মত, জন্ম দিল কৃতঘ্নতা,
বিরুদ্ধ তদ্রূপ যথা মোর মহৎ বিশ্বাস,
বাস্তবিক তা'র নাহি ছিল কোন চতুঃসীমা,
বিশ্বাস অনন্ত। হয়ে পদস্থিত,
নহে মাত্র রাজস্ব উপর, কিন্তু তদূপরি
যাহা মম শকতিনিচয় সংগ্রহে সক্ষম,
কপটের সম অনুভবি' সেই সত্তা,
কহি' পুনঃ পুনঃ মাত্র,
স্বস্মৃতিরে এইরূপ পাপগ্রস্ত ক'রে,
যে নিজ মিথ্যা অনুমানে সত্যের স্বরূপ,
ভ্রাতা মোর বিশ্বাস করিল সেই প্রকৃত সামন্ত,
নিয়োজিত ক্রমে প্রতিভূ-স্বরূপ,
পরিচালি' বাহ্য নৃপতি-আকৃতি,
যাবতীয় রাজশক্তি সমন্বিত :

এ কারণ উচ্চাকাঙ্ক্ষা হইয়া বৰ্দ্ধিত—
শুনিতেছ ?

মি। তব উপাখ্যান, পিতা, বধিরতা আরোগ্য করিবে !

প্র। যাতে পটবাস নহে মধ্যে
সেই অংশে ভূমিকা তাহার
ও সেই পদে ভূমিকা যা'র অভিনয় করিতেছে,
প্রবৃত্তি হইল তা'র একেশ্বর মিলান হইতে।
হতভাগ্য, আমি, আমার সে পাঠাগার
যথেষ্ট সাম্রাজ্য ছিছি বিবেচিত হ'ল
জাগতিক রাজপদে যোগ্য নহি
যবে হ'ল বিবেচিত, চক্র হ'ল—
রাজ্যলিপ্সা এত বলবতী তা'র –
নেপলস্ নৃপতি সনে, প্রদানিবে বাৎসরিক কর,
সার্ব্বভৌমিকত্ব করিবে স্বীকার,
শিরোদেশে ধরিবে মুকুট তা'র মুকুট অধীন
ও নমিত করিবে রাজ্য অদ্যাপি অনম
হায়, হায়, হতভাগ্য মিলান প্রদেশ। –
অতি হীন দাসত্ব শৃঙ্খলে।

মি। কি সর্ব্বনাশ।

প্র। লক্ষ্য কর চক্রের নিয়ম ও কিবা ফল তা'র ;
তা'র পর বল মোরে ভ্রাতা একি হ'তে পারে।
পাপ হ'বে পিতামহী কুগুণা ভাবিলে :

স্থ-উদব ধবিয়াছে অসৎ সন্তান।

প্র। এবে শুন কহি সে নিগম।
নেপল্‌স্ নৃপতি, বদ্ধ চিব-বৈবী মম,
ভ্রাতাব প্রস্তাবে কবি' কর্ণদান
স্থিবীকৃত হ'ল, অধীনতা পবিবর্তে,
আব কব-রূপে কত অর্থ অজানিত মম
মোবে ও মদীয় সকলি অবিলম্বে
বাজ্য হ'তে কবিবে উচ্ছেদ ও ভ্রাতাবে স্ব সম্মানে
সসম্মানে সমর্পিবে সুন্দব মিলান :
ফলতঃ, বিশ্বাসঘাতক সেনাদল
হ'লে সংগৃহীত দ্বিপ্রহব বজনীতে
উদ্দেশ্য সিদ্ধিব তবে
এ্যান্টোনিও খুলি' দিল মিলান তোবণ
সেই ঘোব অন্ধকাবে, বক্ষীগণ নিয়ত্ত সঙ্গে
মিলান হইতে দূবে নিল মোবে
ও তোমায়, কন্দমানা তুমি নব শিশু

ম। হায়, হায়, কি পবিতাপ!
মনে নাই, সে সময় কেঁদেছি কেমন,
পুন কাঁদিব এখন : আভাসে
নয়ন মম না মানে বাবণ।

প্র। শুন আব কিছু দুব অনন্তব কহিব তোমাব
উপস্থিত কর্ম্ম কিবা স্কন্ধে নিপতিত,

নহিলে এ উপাখ্যান অ-প্রাসঙ্গিক।

মি। সে সময়ে আমাদের

হত্যা কেন করে নাই ?

প্র। সুধায়েছ সঙ্গত-বচন, বালা :

মম উপাখ্যানে এই প্রশ্ন উদিত স্বতই।

সে সাহস করে নাই, স্নেহের পুতলি ,

প্রজাগণ এত ভক্তি করিত আমায়,

এই কর্ম্মে রক্ত-চিহ্ন নাহি রাখি'

শান্তির সুন্দর রঙ্গে রঞ্জিত রাখিয়া

নিজ মন্দ কর্ম্ম তা'রা লয় উদ্ধারিয়া।

সংক্ষেপত, শীঘ্র শীঘ চড়া'য়ে মোদের

এক ভেলা পরে, লয়ে যায় কিছুদূর

সমুদ্র বাহিয়া , ছিল যথা পুরাতন

জীর্ণ শীর্ণ পোতের কঙ্কাল,

রজ্জু সূত্র পাল হীন, মাস্তুল বিহীন ,

কর কি অধিক, মূষিকেরা পশুবুদ্ধি ক্রমে

যাহা ছাড়ি' পলায়েছে :

উঠা'য়ে মোদের তাহে, সেইক্ষণে পোত ছাড়ি' দিল,

রঝি কাঁদিয়া জানা'তে ব্যথা অতল সলিলে,

গর্জ্জেছিল যাহা ঘেরি' আমাদের,

দীর্ঘশ্বাস ফেলিতে পবনে,

অনুকম্পা-ভরে যাহা বহি'

সেধেছিল ভালবেসে ক্ষতি।

নি। হায়, হায়, সে সময় কি উৎপাত
আমি হয়েছিনু।

প্র। হাঁ, এক দেবকন্যা হয়েছিলে
উদ্ধার-কারিণী মোর। যবে জলধিরে
সাজাইনু নয়ন-আসারে,
গুরুভারে হইনু কাতর.
হাসিলে তখন তুমি,
পেলাম সাহস দিব্য দেবলোক হ'তে;
উদ্দীপিল মহাশক্তি, সহিবারে নিখিল বেদন
ভবিষ্যৎ প্রসবিবে যাহা।

মি। আসিলাম কি করি' বা তীরে?

প্র। দেব-কৃপা বলে,
কিছু খাদ্য পানার্থ সুমিষ্ট জল কিছু ছিল
দয়া করি' গঞ্জালো, হৃদয়বান জনৈক নেপল্‌স্‌বাসী,
নিযুক্ত অধ্যক্ষ এই নির্ব্বাসন-কার্য্যে,
দেয় আমাদের, সেই সাথে বহুমূল্য পরিচ্ছদ,
কার্পাস-বসন, দ্রব্যাদি আবশ্যকীয়,
যাহে এতাবৎ দশিয়াছে বহু উপকার:
এইরূপে, তাহারি কৃপায়,
সে জানিত পুঁথিগুলি প্রিয় অতি,
মোর নিজ পাঠাগার হ'তে বহু বহু পুঁথি

মূল্যবান মোর কাছে রাজ্যের উপর
প্রাপ্ত হই সে সকল।

মি। এই জনে কভু যদি নয়নেতে হেরি!

প্র। এবে উঠি আমি : (পুনরায় পরিচ্ছদ পরণ।)
স্থির হয়ে ব'স,
শুন অবশিষ্ট দুঃখময় সমুদ্র কাহিনী।
এই দ্বীপে অবতীর্ণ হই,
এই স্থানে আমি শিক্ষক তোমার,
জ্ঞান লাভ হইয়াছে তব অন্য রাজকুমারী অপেক্ষা
যাহাদের সাজসজ্জা করিবার সময় কিন্তু হয়
নাহিক শিক্ষক যা'রা এত যত্নবান।

মি। কত দয়া তব পিতা!
অনন্তর মিনতি আমার,
স্পন্দিত এখনও হৃদি, কহ কিবা হেতু
সৃজিলা এই সমুদ্র ঝটিকা।

প্র। এও অবগত হও প্রশান্ত।
অতি অদ্ভুত দৈববশে, সদয়া যে ভাগ্যদেবী
মোর প্রতি এবে কৃপা করি
এনেছেন শত্রুগণে এ সমুদ্র-তটে,
প্রাপ্ত আমি গণনায় মম চরম মঙ্গল
নির্ভরিছে এক শুভ নক্ষত্র উপর,
সে সঞ্চার এবে যদি নাহি মানি আমি

যা করি হতাদর, মোর ভাগ্য চিরদিন
রহিবে মলিন। আর প্রশ্ন করিও না:
নিদ্রা যেন আসি'ছে তোমার,
এই নিদ্রা ভাল, নিদ্রা যাও তবে:
জানি নিরুপায় তুমি। (মিরাণ্ডার নিদ্রা।)
এস, দাস, এস চলি'। প্রস্তুত এখন।
এস পাশে, এরিয়ল্ মোর, এস।

(এরিয়লের প্রবেশ।)

এ'র। রোজার রোজা কর্ত্তা তুমি, কহি তোমার জয়!
পুরুষ প্রধান, প্রভু তুমি, গাহি তোমার জয়!
এলাম্ ধেয়ে কর্ত্তে তামিল্ তোমার হুকুম সেবা,
উড়্তে, ডুব্তে, লম্ফ দিতে যেথায় অভিলাষা,—
চড়ি' আঁকা বাঁকা মেঘের উপর, হুকুম্ তামিল করি
এরিয়ল্ তা'র দাসের দাস আর অনুগামী।

প্র। ঝঞ্ঝা কি অনুষ্ঠিত, কামচর, যথাদেশ মম?

এরি। বর্ণে বর্ণে।
[illegible] তেড়ে রাজার তরী, সামনে পিছন্, তা'র
উপর, নীচে, ঘরে ঘরে, লাগাই চমৎকার:
হ'য়ে কখন্ টুকরো, কখন্ গোটা, জ্বালাই কত স্থান;
তা'র শিরপ্যাঁচ্, আর আনাচ, কানাচ্, ফাঁক্ কেউ না পান্
ইন্দ্রদেবের আপন তড়িৎ বিরাট রাজের দূত,
লাগায় না তাক্ তেমন তড়্‌ক্ সে এমন অদ্ভুত,

চক্‌মকানি কড়্‌কড়ানি গন্ধক-ক্ষরা ডাক্‌
ফেল্লে ছেয়ে বেবাক্ ঢেউয়ে কারখানা অবাক্,
মরদ্ তা'রা কেঁপে সারা হারা তা'দের রাজা
দেবতা বরুণ দণ্ড ভীষণ কাঁপ্‌ধল্লো মজা।

প্র। সুন্দর মোর কামচর। এত দৃঢ়, এত পরিশ্রমী,
হেন গণ্ডগোলে নাহি ঘটে বুদ্ধিভ্রংশ তা'র?

এরি। নাই একটি প্রাণী দেখে ঘানি হয়নি হাউড়্ খাজা
হাল্ ছেড়ে না ডিগ্‌বাজি খায় ভয়ে ভাজা ভাজা।
মাল্লা ছাড়া হোম্‌রা চোম্‌রা মাল্লে জলে ঝাঁপ,
জাহাজ ছেড়ে মুনের কেঁড়ে কল্লে সবাই মাপ্,
আমি কি আর থাক্‌তে পারি উঠ্‌নু জ্বলে দপ্।
রাজার বেটা, ফার্ডিনাণ্ড্, চুল্‌টা করে খাড়া,–
চুল্ আর যে নয় গো তখন, যেন [illegible]র তাড়া—
সবার আগে লম্ফ দেন, ব'লে 'ন[illegible] হ'য়ে খালি,
সব ক'টা ভূত এই খানেতে কচ্ছে হুলোহুলি'।

প্র। সাধু, সাধু, কামচর মোর।
কিন্তু, ইহা নয় কি হে তীর—সন্নিকটে?

এরি। প্রভু, একেবারে তটে।

প্র। কিন্তু, এরিয়ল, তা'রা নিরাপদ সবে?

এরি। একগাছি কেশ যায়নি স'রে, পোষাক যদি ভিজা
দাগটি কোথাও ধরেনি ত, হ'ল আরও তাজা:
হুকুম্ যেমন কর্‌নু তেমন্, দল ভাঙ্গা সব ক'রে

হেথায় খানিক্ সেথায় খানিক্ দ্বীপের চারি ধারে।
রাজকুমারে একলা খালি এনেছি গো তীরে;
ঠাণ্ডা হয়ে খাচ্ছে হাওয়া ফেল্‌তেছে শ্বাস জোরে।
দ্বীপের একটা টঁ্যাকের মুখে ব'সে আছেন তিনি,
হাতে হাতে গাঁট্ এম্নি ধারা শুষ্ক বদন খানি।

প	নৃপতির পোতবাহী নাবিক সকল
কিরূপে স্থাপিলে কহ অবশিষ্ট পোতে।

এরি	রাজার তরী রাখ্‌মু ধরি' হুঁসিয়ারে খুব বন্দরে,
বাঁক্ গহ্বরায়, যে খান্‌টায় একবার দুপুর রাত্তিরে
বল্লেন্ মোরে 'এরিয়ল্ যা'ত শিশির আনিস্
দিন্‌রাত্ ঢেউ আছাড় মারে দ্বীপটে বর্ম্মু'ডিস্',
সেখান হ'তে সেখানেতে আমি তা'রে লুকিয়েছি :
মাল্লাগুলো সব ঝাঁঝ্‌রি চাপা খোলের ভিতর ঠেসেছি,
নামে কাদা গাদা গাদা গোটা রেতের মেহনতে,
এন্নু থুয়ে তা'র উপরে ঘুম পাড়া'য়ে যাদুতে;
বাকি ক'টা তাড়ান ডিঙ্গা, মিলেছে তা'রা সকলে
পাড়ি মেরে ভূমধ্যসাগরে চল্‌ছে হেলে দুলে;
ঘরের বিগে নেপল্‌স্‌বাগে, মনটা তা'দের ভার
বুঝলে দেখে রাজার তরী গেল ছারে খার
দিগ্‌ধেড়েঙ্গা রাজা তা'দের চিহ্নটি নেই আর।

প্র।	এরিয়ল্, কার্য্য তব সম্পাদিত অক্ষরে অক্ষরে.
কিন্তু আরও কার্য্য আছে। কোন্ প্রহর দিবা?

এরি। দুপুর গেছে বেজে।

প্র। দ্বি-বালুকা গত প্রায়।

এই ক্ষণ হ'তে আর ছয়টা অবধি

বহুমূল্য ভাবে এরে উভয়ে যাপিতে হ'বে।

এরি। বাবা, ফিরে ফিতি খাটুনি। দুঃখ যদি এতখানি

দিচ্ছ আমায়, মনে করাই কথা তোমার রাখনি,

বলেছিলে যা' কর্ব্বে আমার এখনও ত করনি।

প্র। কি, কি? অনড্বান্?

যাচিতে যা' পাব তুমি কি আছে এমন?

এরি। স্বাধীন জীবন।

প্র। না হইতে সময় আগত? না শুনিব আর।

এরি। বলি হাত্ জুড়ে, দেখ মনে মোরে করেছি যে

খাটি ক[illegible],

মিছেটি বলিনি, ভুলটি করিনি, কখনও বকিনি বাড়

সুখ করি ভাবি হেলায় ফেলায় করি নাই [illegible]

করেছ করার খোলসা করিবে পূরা এক বৎসর।

প্র। ভুলেছ বিস্মৃত কি পীড়ন হ'তে তোমারে উদ্ধার করি?

এরি। না।

প্র। ভুলে'ছিস। আর করেছিস্ মনে

ভেদি' লবনাম্বু কর্দ্দমাক্ত তলদেশ ভ্রমণ ভ[illegible]

গুরুতর কর্ম্ম অতি,

উত্তরস্থ তীক্ষ্ণ বায়ু চড়ি' সবেগে ধাবন,

ভেদি' তুষার-মণ্ডিত মহী
পনি' শিরায় শিরায় কার্য্য মোর করিতে সাধন
গুরুতর কর্ম্ম অতি।

প। কর্বিনি তা', মহাশয়।

প মিথ্যা কথা, কুস্বভাব জীব।

ভুলেছিস সিকোর্যাক্স্ বিকটা ডাকিনী,
বয়াধিক্য হেতু ও হিংস্র প্রকৃতি হেতু
কি গুদশা প্রাপ্ত হয় যেটা?
ভুলেছিস তুই তারে?

ভুলিনি তা', মহাশয়।

ভুলেছিস। কোথায় জনম তা'র?

না, মোরে বল।

আর্যানাবে, মহাশয়।

ও.. তাই বটে?

বিবৃতে হইবে তোরে মাসান্তে বারেক
কি ছিলি পূর্বে, তুই, ভুলেছিস্ যা'রে।
সেই সিকোর্যাক্স্ নারকী ডাকিনী,
বহুতর ক্ষতি হেতু মারণ উচাটন স্তম্ভন
ভয়ঙ্কর যাদু হেতু মানবের শ্রবণ-অযোগ্য,
জানিস্ সে কথা তুই, আরগিয়ার্ হ'তে,
সেটা হয় নির্ব্বাসিতা: তা'র কৃত এক কর্ম্ম হেতু
তা'রা প্রাণ নাহি লয়। ইহা সত্য নয়?

এরি। হাঁ, মহাশয়।

প্র। সেই পিঙ্গলাক্ষী লোলচর্ম্মা অন্তর্ব্বর্ত্তী কালে
আনীতা এস্থলে ও নাবিকগণ দ্বারা
হেথা' হয় পরিত্যক্তা। তুই, মোর ক্রীতদাস,
বিজ্ঞাপিত করিস্ যেমতি,
সেই কালে ছিলি তা'র দাস ;
প্রকৃতি বশতঃ তুই অত্যন্ত কোমল,
নহে শক্ত সমাধিতে স্থূল ও ঘৃণিত আদেশ,
না মানিতে সুকঠিন আদেশ সমূহ,
অতি অসংযত ক্রোধবশে
সে ডাকিনী বন্দী করে তোরে,
বলবান জিহ্বাগ সাহায্যে,
দ্বিখণ্ডীকৃত এক দেবদারু মাঝে ;
তরু মধ্যে বহু কষ্টে বদ্ধ তুই দ্বাদশ বৎসর ;
ইতিমধ্যে সে ডাকিনী যায় যমালয়ে
রাখি' তোরে সেই অবস্থায় ;
তথা' তুই কাঁদিতিস্ আর্ত্তস্বরে
বায়ুঘরট্ট যথা পলকে আঘাতে।
সে সময়ে এই দ্বীপ—বিনা পুত্র তা'র,
যা'রে হেথা' প্রসবয়, ব্যলীক শ্বাপদ-ভ্রূণ,
লোলাঙ্গী হইতে জাত—
নরান্তর দ্বারা নাহি ছিল সম্মানিত।

এরি। হাঁ, কালিব্যান্ পুত্র তা'র।

প্র। স্থূলবুদ্ধি জীব, আমিও কহেছি তাহা;
সেই ক্যালিব্যান্, অধুনা যেটারে রাখিয়াছি দাস।
জানিস্ বিশেষ তুই কি যন্ত্রণার কালে
তোরে আমি প্রাপ্ত হই।
শুনি' সে কাকুতি দ্বীপি করিত গর্জ্জন,
রুক্ষ ভল্লুক-হৃদি হইত ব্যথিত:
নারকীর যোগ্য দণ্ড যন্ত্রণা নরক,
তাহা বিদূরিতে পুন
সিকোর‍্যাক্স্ ছিলনা সক্ষম:
বিদ্যা মোর, যবে আমি আইনু হেথায়
শুনিনু সে আর্ত্তনাদ, ব্যাদিত করিল দারু
বাহিরিল তোরে।

এরি। ধন্যবাদ লহ, প্রভু।

প্র। শুনি যদি পুন অসন্তোষ-ধ্বনি,
উদ্‌ঘাটিয়া ওক্‌বৃক্ষ প্রোথিব রে তোরে
গ্রন্থিময় অন্ত্রের ভিতরে যদবধি নাহি
দ্বাদশ হিম ঋতু এই ভাবে কাকুতি করিতে রহ।

এরি। ওগো প্রভু, মাপ্ কর গো; গর্‌মিল্ নয় থাক্‌ব ঠিক্,
কর্ব্ব ঋষভ্-কর্ম্ম ধীরে কর্ব্বনা ক তোমায় দিক্।

প্র। কর তথা, দিনদ্বয় গতে
মুক্ত আমি করিব তোমায়।

এরি। কথার মত কথা খাসা প্রভু পেয়েছি।
কর্ব্ব এখন কি? বল; কর্ব্ব এখন কি?

প্র। যাও ধর জলাধিদৈবতরূপ:—
মম দৃষ্টি বিনা অন্য কা'রও হয়োনা অধীন,
অন্য চক্ষে অ-লক্ষ্য রহিও।
যাও ধর এ মূরতি এস হেথা' সেইরূপে:
হেথা' হ'তে শীঘ্র যাও। (প্রস্থান।)
উঠ, প্রিয় আনন্দ আমার, উঠ।
ঘুমা'লে উত্তম; হও জাগরিত।

মি আখ্যানের অপূর্ব্বত্ব তব জড়ভাব আনিল আমার।

প্র। বিলম্বিত কর তা'রে। এস চলি',
যা'র মোরা ক্যালিবান্ পুরোভাগে.
মোর ক্রীতদাস,
নাহি কভু প্রদানে যে সুমিষ্ট উত্তর।

মি। সে এত দুরাচার, পিতা, নাহি চাহি হেরিতে তাহারে

প। কিন্তু, ক্ষেত্রকর্ম্মে, তা'রে যে না হ'লে নয়:
সেই অগ্নি করে প্রজ্জ্বলিত, কাষ্ঠ আনে,
কার্য্য আর করে বহু, আছে উপকার।
ওরে ও। নফর। ক্যালিব্যান্। ওরে বেটা
কাদার পিণ্ডি, ও। কথা ক।

ক্যালি (অভ্যন্তর হইতে) চ্যালাকাঠ্ ঢ্যাসা ভিতড়ে।

প্র। বাইরে আয়, বল্‌ছি শোন্।

অন্য কর্ম্ম আছে তোর;
আয়, বেটা কচ্ছপ। এলি?

(জলাধিদেব রূপে এরিয়লের পুনঃ প্রবেশ।)

ছায়ামূর্ত্তি মনোরম। চারু এরিয়ল
শুন কহি কর্ণে তব।

এরি। প্রভু, আমি কর্ব্বো ঠিক্। (প্রস্থান।)

প্র ওরে বিষের জাড়ি, কৃতদাস
প্রেতের নিজ সুত তোর দুষ্টা
অশ্বীসম জননী জঠরে, বহির্গত হ।

ক্যালিব্যানের প্রবেশ।)

ক্যা। নোংরা শিশির মা যা' আমার ঝাড়ত
দাঁড়কাকের পালক দিয়ে
পচা আদাড়্ পাদাড়্ থেকে
তদুটোরই ঘাড়ে পড়ুক্।
তাটোর উপর লু চলুক্।
গায়ে গোটা ফোস্কা পড়ুক্।

প। আজি রাতে এর তরে, জেন স্থির,
সর্ব্বাঙ্গে ধরিবে খাল, ফিক্ ব্যথা শ্বাসবন্ধ
করিবে রে তোর, রাত্রি যবে ঝাঁ, ঝাঁ,
শঙ্খচূর্ণ মিটাইযে কণ্ডূয়ন, গণ্ডমালা
করিবে রে তোকে, হ'বে চর্ম্ম আকুঞ্চিত

ঘন মধুক্রম সম, প্রতি আকুঞ্চন দহন এমন
মধুমক্ষি না পারে তেমন।

ক্যালি। থেতে বসে থা'ব না! খুব কর্ব্ব থা'ব।
এই দ্বীপটে ত আমার,
সিকোর‍্যাক্স্ মোর মায়ের থেকে আমাব,
কেড়ে নিলে তুমি। এসে যখন গোড়ায়,
আমাব পিঠ্ চাপ্‌ড়ে গা চুম্‌রে,
খেতে দিতে জল তাতে কেমন রস,
শিখুতে কত বড় চাকার ডাক্‌টা কি,
যেটা দিনের বেলায় দপ্ করে,
ছোট চাকার ডাক্‌টা কি,
যেটা রেতের বেলায় ঝক্ করে :
তোমায় তখন কন্নু আদর দেখানু দ্বীপের কোথায় কি,-
কোন্ খানেতে মিঠি জলের ফোয়ারা,
নুনের খাদি, মরুভূঁই, আওতি জমি :
আমাব মরণ হোক্! সিকোর‍্যাক্সের ভেল্কি তোমায়,
কট্‌কটে ব্যাং, উইচিঙ্গে, ঝোলা-বাদুড়্,
লাগুক্ তোমার ধাড়ে! এ ত সব ত আমার রেয়ৎ,
ছিনিয়ে নেছ তুমি গোড়ায় যা'দের ছিনু রাজা আমি :
এখন এই কড়্‌কড়ে পাহাড় আড়ে, পুরে খোঁয়াড়ে,
বাকি দ্বীপটে থেকে সরিয়েছ।

প্র। আরে মিথ্যাবাদী ক্রীতদাস,

যা’রে কশা চালিতে সক্ষম, দয়া নহে।
করিয়াছি ব্যবহার তোর প্রতি,
আবর্জ্জনা যদ্যপিও তুই, মানবীয় স্নেহে,
রাখি তোরে আপন গুহায়,
যদবধি তুই নাহি করিলি আযাস
আঘাতিতে তনয়ার কুমারী সম্ভ্রম।

ক্যালি। ওঃ হো, ওঃ হো। সেটা যদি হ’য়ে যেত।
ফেল্লে ধরে তুমি তখন ; তা’ না হ’লে
এই দ্বীপটে আমি ক্যালিব্যানে ছেয়ে দিতুম।

প্র। ঘৃণ্য ক্রীতদাস, যা’র প্রতি কোনরূপ সদয় আচার
ফলবতী নাহি হ’বে, এত কুগুণ প্রবন্ধ।
অনুগ্রহ করি’ তোরে,
কত কষ্ট সহিলাম কহা’তে বচন,
শিখায়েছি পলে পলে এটা নহে ওটা :
তা’রে রে বর্ব্বর, যবে ছিলি জ্ঞানহীন,
না জানি বাগর্থ, গন্ গন্ করিতিস্ পশুর সমান,
আমি তোর অভিপ্রায়ে বাক্যস্ফূর্ত্তি দানি,
তবে তা’রা প্রকাশিত হয়।
কিন্তু তোর জনম অসৎ,
যদিচ লইয়াছিল শিক্ষাটা আমার,
হেন বস্তু ছিল তাহে, সুপ্রবৃত্তি রহিতে অক্ষম ,
সেই হেতু বাঁধি তোরে শৈল-অভ্যন্তরে,

কিন্তু কারাগৃহ যোগ্যতর তোর।

কালি। কইতে কথা শিখিয়েছিলে,
লাভটা আমার হয়েছে, মন্নি কত্তে শিখেছি।
তোমার মাংস খসুক্ নিপেত্ যাও
এই কথা শিখানর নেগে।

প্র। দূর হ রে, নিকৃষ্টা-কুবীজ! কাষ্ঠ আনয়ন কর,
ত্বরা কর, ভাল চাস্ যদি, আছে অন্য কর্ম্ম তোর।
হিংস্র জীব, চালিস্ কি অঙ্গ প্রতিকূল?
যদি তুই অবহেলা
কিম্বা অনিচ্ছায় পালিস আদেশ মম,
তোর অঙ্গময় ধরা'র বিষম খাল,
অস্থি দিব চূর্ণ করি',
দিব রে যন্ত্রণা তোর গ্রন্থিতে গ্রন্থিতে,
করা'ব গর্জ্জন একূপ আরাবে,
পশুগণ শুনি' ধ্বনি ভয়ে প্রকম্পিত হ'বে।

কালি। না রে, না রে, না রে, তোমায় গড় করি না রে।
(জনান্তিকে) মোকে মান্তেই হচ্ছে যে:
ওর যাদু ভারী জবড়্,
মায়ের জড়্ ত সিটিবস, চাকর্ বানায় তা'কে,
তাকে ওঠ্ করায় আর বস্ করায়।

প্র। কেমন, দূর হ, কৃতদাস।

(ক্যালিব্যানের প্রস্থান।)

(নৃত্যগীতরত এরিয়েলের অদৃশ্যভাবে পুনঃপ্রবেশ,
পশ্চাতে ফার্ডিনাণ্ডের প্রবেশ।)

এরিয়েলের গীত।

এস এই পীত-বালু-তীরে,
লহ কর ওই তব করে :
বিনয় করিয়া ধরি' তরঙ্গে প্রশান্ত করি'
চুম তব মিথুনেরে ভরি' আদরে,
ঘেরি' তট চারিধারে ফেলি' পদ নাচ ধীরে,
সুকণ্ঠ অপ্সর, তান বহে অম্বরে।
শুন তা'রে, শুন তা'রে।

(অভ্যন্তরে খণ্ডিত ভাবে তান।....... অম্—বা

এরি। .. .. [illegible] রব করে

(অভ্যন্তরে খণ্ডিত ভাবে তান।... . .. অম্—বা

এরি। শুন তা'রে শুন তা'রে।
আমি শুনি সুমধুর বিহগের স্ফুটধ্বনি
গাহিতেছে, কুহু কুহু কু-উ-উ উ।

ফার্ডি। কোথা গাহে গীত? আকাশে কি ভূতলে?
আর নাহি হয় ধ্বনি : নিশ্চয়, এ কোন
দ্বীপবাসী দেবতার সেবার্থ নিযুক্ত।
বসিয়া সৈকতে, যবে কাঁদি পুন

রাজ-পিতা পোতনাশ হেতু, এ সঙ্গীত
পাশে পাশে কল্লোল হইতে যেন,
সুমধুর তানে উন্মভাব প্রশমিয়া তা'র
আর মম শোকের প্রবাহ : সে সময় হ'তে
অনুসরি এবে, কিম্বা ইহা মোরে
আকর্ষিয়া লয়ে যায়। কিন্তু একি,
সঙ্গীত লুকাল কোথা' ? না, পুন আরম্ভিছে।

এরিয়লের গীত।

পূর্ণ পঞ্চবাম নিম্নে জনক শায়িত ;
অস্থিচয় গঠিয়াছে আরক্ত প্রবাল ;
যা' ছিল লোচন এবে মুকুতা-খচিত :
নাহি কিছু অন্য তা'র প্রাপ্ত অন্তকাল,
ধরিয়াছে রূপান্তর অতলের তলে
মহার্ঘ অপূর্ব্ব কত কেবা তাহা বলে।
প্রহে জলদেবী নিত্য সেই কাল জয় :
(তান) জয় কাল।
ওই শুন ! শুনি যেন গীতি ভূতময়,—
জয় কাল, জয় কাল।

ফ্ব। স্মরণ করায় গীতি নিমজ্জিত পিতা।
মানবীয় কর্ম্ম এ ত নহে, কিম্বা ইহা

নহে স্বর ঋণ যা'র আছে ধরণীর।
পাই শুনিবারে এবে মোর উর্দ্ধভাগে।

প্র। তব দৃষ্টি করি' প্রসারিত কহ
কি পদার্থ হেরিতেছ দূরে ওই স্থানে।

কি ও? কামচর?
কি প্রকারে নিরীক্ষণ করে চারিদিক!
বিশ্বাস কর গো, পিতা, ধরে উহা সুন্দর আকৃতি।
কিন্তু ও যে কামচর।

প্র না, বালিকা; দেহী আমাদেরই মত,
আহার নিদ্রা ইন্দ্রিয় সকলি, মো'দের মত।
ওই তরুণ যুবক যাহারে হেরি'ছ,
ছিল সেই বিপর্য্যস্ত পোতে;
কিছু বিমর্ষ দুঃখের ভাবে, দুঃখ সৌন্দর্য্যের কীট,
উহারে কহিতে পার রূপবান যুবা:
যুবা হারায়েছে সঙ্গীগণে,
বিচরিছে তাহাদের অন্বেষণ হেতু।

মি উহাকে কহিতে পারি স্বর্গীয় প্রতিভা,
পার্থিব পদার্থ কিছু হেরি নাই হেন সুমহৎ

প্র। (জনান্তিকে) বুঝিলাম, আরম্ভ হয়েছে,
অন্তরাত্মা কহিতেছে মম।
কামচর, মনোরম কামচর!
দুই দিবসের মধ্যে মুক্ত আমি করিব তোমায়।

ফা। নিশ্চয়, সে দেবী যা'র পরিচর্য্যা-হেতু
ধ্রুব নিযুক্ত সঙ্গীত।
কহ কৃপা করি' দ্বীপ মধ্যে বসতি কি তব,
দেহ সৎ উপদেশ কি ভাবে আচরি হেথা':
মোর প্রধান প্রার্থনা, যাচি যাহা সর্ব্বশেষ
হয়, অহো কি বা অপরূপ রূপ।
কুমারী কি নহ?

ম। মহাশয়, অপরূপ কিছু নয়, কুমারী নিশ্চয়।

ফ। মোর ভাষা। হা ভগবান।
আমি শ্রেষ্ঠ তাহাদের যা'রা এই ভাষা কয়,
যদি রহিতাম তথা, যথায় কথিত হয়।

প্র। কি? শ্রেষ্ঠ?
কি ঘটিত তোমার, যদি নেপলস্-নৃপতি
শুনিতেন এই কথা তব?

ফা। একক, যদ্যপি এবে, অদ্ভুত অবশ্য মানি
শুনিয়া তোমার মুখে নেপল্‌স্-বারতা।
শুনি'ছেন তিনি মোরে, ভাসি যে নয়ন জলে।
শুনি'ছেন বলি': আমিই নৃপতি,
স্বচক্ষে হেরেছি, তদবধি হ্রাস না হতেছে বারি
জনক নৃপতি মম ধ্বংসপ্রাপ্ত পোতে।

মি। হায়, হায়, কি মনস্তাপ।

ফা। সত্য কথা, আর তাঁ'র সম্ভ্রান্ত অমাত্য-সজন,

মিলান্-সামন্ত সহ সুন্দর তনয়
সকলেই হইয়াছে সাথী।

প্র। (জনান্তিকে) মিলান্-সামন্ত সহ সুন্দরী তনয়া
তোমারে রোধিতে পারে, যোগ্য যদি হয়।
প্রথম দর্শনে এরা করে দৃষ্টি বিনিময়।
হে কৃশাঙ্গ এরিয়ল্, এর হেতু মুক্তি দিব তোবে।
(ফার্ডি প্রতি) শুন, এক কথা, ওহে;
হয় ভয় মন্দ তুমি করিয়াছ কিছু:
কথা শুন।

মি। কেন কহিছেন পিতা হেন রূঢ় ভাষা?
এ জন তৃতীয় যা'বে কভু নয়নে হেবেছি;
প্রথম, হেতু যা'র বহে দীর্ঘ শ্বাস:
দ্রব হও পিতা গো আমাব,
অনুভব যথা অনুভবি আমি!

ফা। মবি, মবি, যদি তুমি হও গো কুমারী,
স্নেহ নহে ন্যস্ত কোন অন্য ভাগ্যধবে,
করিব তোমায় আমি নেপল্‌স্-ঈশ্ববী।

প্র। ওহে, ধীরে! কথা এক আরও শুন মোব।
(জনান্তিকে) উভয়েই উভয়ের বশীভূত;
কিন্তু এই হঠ কর্ম্ম করিব কঠিন,
পাছে অতিশয় লঘু জয়ে
জিত ধন হয় লঘু জ্ঞান। (ফার্ডি প্রতি) এক কথা আর;

সংবাবি তোমায় মনোযোগ দিয়া শুন :
তুমি এবে প্রবঞ্চক সম
লহিতেছ সে উপাধি যাহে তব নাহি অধিকার ;
চররূপে এসেছ এ দ্বীপে,
জয় কবিবাবে ইহা বঞ্চিয়া আমাবে,
এব সত্য অধিকাবী।

ফা। নহে, বহি যদি নরোপাধি।

মি। এ হেন মন্দিবে অসৎ কিছুই বাস কবিতে পারে না ;
প্রেত যদি বহে হেন সুন্দব আলয়ে,
সাধু আত্মা অবশ্যই চেষ্টিবে বহিতে তথা'।

প্র। পশ্চাতে আইস। কয়োনাক এব হেতু ;
এই জন বিশ্বাসঘাতক। এস ;
এক সাথে হস্ত পদ কবি' শৃঙ্খলিত
রাখিব তোমায় : পিবে সিন্ধু-নীব ;
খাদ্য হ'বে নদীজাত ক্ষুদ্র মীন,
শুষ্ক মূল ও ত্বক্ ছিল যাহা শস্যেব আধার।
আইস পশ্চাতে।

ফা। নহে ; নাহি দিব আচবিতে হেন ব্যবহাব
যদবধি বৈরী নাহি প্রতিপন্ন কবে
আছে তা'র শকতি অধিক।

(তরবারি উন্মোচন ও গতিশক্তি রুদ্ধ হওত
সম্মোহিতভাবে অবস্থান।)

মি।　　কঠোর পরীক্ষা আহা কর না গো, পিতা,
যে হেতু প্রকৃতি ইহাঁর শান্ত, নহে ভয়ঙ্কর।

প্র।　　কি ? বুঝিতে হইবে, পদ মোর শিক্ষাদাতা ?
বিশ্বাসঘাতক, তরবারি কোষে রাখ্;
অবস্থিত প্রদর্শনীরূপে, আঘাতিতে নাহিক সাহস,
মন তব এত দোষী : অসিহেতি পদ ছাড়ি'
আইস চলিয়া, এই দণ্ডের সাহায্যে
তোমারে নিরস্ত্র করি'
অস্ত্র তব ভূমে নিপাতিতে পারি।

মি।　　পিতা, অনুনয় করি।

প।　　যাও সরি'। ঝুলনাক পরিচ্ছদ ধরি'।

মি।　　পিতা, দয়া কর। আমি এঁর প্রতিভূ রহিব।

প্র।　　চুপ্ কর। আর কথা কহ যদি
ভর্ৎসনা করিতে বাধ্য করিবে আমায়,
ঘৃণিতে যদ্যপি নহে। কি। ব্যবহারাজীব
প্রতারক জালিক হেতু। চুপ্।
মনে করিতেছ ওর সম রূপ আর নাই,
নির্ব্বোধ বালিকা। বহু নর-সন্নিধানে
এই ব্যক্তি ক্যালিব্যান্ :
এর তুলনায় তা'রা অপ্সর কিন্নর।

মি।　　সেই স্থলে স্নেহ মোর অতিশয় দীন,
নাহি উচ্চাকাঙ্ক্ষা হেরি এ হ'তে সুন্দর।

প্র। আইস চলিয়া; আদেশ পালন কর:
শিরা তব বাল্যভাব পুন প্রাপ্ত এবে
শক্তি কোন নাহিক তাহাতে।

ফা। নাহি সত্য; মনভাব, স্বপনের প্রায়,
জড়বদ্ধ সবে। পিতার বিয়োগ,
অনুভূত দুর্ব্বলতা, মিত্রবর্গ-নাশ,
এ ব্যক্তির ভয় প্রদর্শন, অধীন হতেছি যা'ব,
সামান্য সে নিকটে আমার,
যদি দিনান্তে বারেক কারাগৃহ হ'তে মোর
এই সুকুমারী আমি দরশন পাই:
ধরণীর অবশিষ্টে স্বাধীনতা করুক্ বিবাজ;
স্থান র'বে অপর্য্যাপ্ত মোর সেই কাবাবাসে।

প্র। (জনান্তিকে) ক্রিয়া চলিতেছে; (ফার্ডি প্রতি)
আইস চলিয়া।
(এরি প্রতি) করেছ উত্তম তুমি চারু এরিয়ল।
(ফার্ডি প্রতি) আইস পশ্চাতে।
(এরি প্রতি) শুন মোর তরে আর যাহা করিতে হইবে

মি। চিন্তা নাহি কর, মহাশয়,
পিতার প্রকৃতি যথা বাক্যে প্রদর্শিত
তাহা হ'তে সৎ: নহে অভ্যস্ত তাঁহার
যাহা এবে হয় আচরিত।

প্র। মুক্ত তুমি হ'বে যথা মলয়-সমীর:

পাল কিন্তু মমাদেশ যথার্থ ভাবেতে।

এবি। অক্ষরে অক্ষরে।

প্র। এস পশ্চাতে আমার।

এব তবে কিছু নাহি কহ।

(প্রস্থান।)

দ্বিতীয় অঙ্ক।

প্রথম দৃশ্য।—দ্বীপের অন্য পার্শ্ব।

(এ্যালন্‌সো, সিবাষ্টিয়ন্, গঞ্জালো, এ্যাড্রিয়ান্, ফ্রান্সিস্কো ও অন্যান্যের প্রবেশ।)

গ। মহারাজ, অনুনয়, প্রফুল্ল হউন ;
হেতু আছে আনন্দের তব, মোদের সেরূপ ;
প্রাণে প্রাণে রক্ষা পেয়ে—পরাজয়ে অল্প ক্ষতি।
মোদের যে দুখ সেটি সর্ব্বসাধারণ ;
প্রতিদিন নাবিক-রমণী, বাণিজ্য পোতাধিকারী
স্বার্থবাহ কোন, কিম্বা অধ্যক্ষেব তা'র
সম শোক-প্রসঙ্গ প্রায় বর্ত্তমান ;
কিন্তু এই অতিমানুষিক যোগ, এই পরিত্রাণ,
কোটী মধ্যে কয়জন কহিতে সক্ষম ;
সেই হেতু জ্ঞানীজন প্রায়, কর্ত্তব্য যে নৃপ,
পরিমান দুখ সান্ত্বনায়।

এ্যাল। এই ভিক্ষা, তুমি থাম।

সি। সান্ত্বনারে লভিছেন স্বাদহীন পেয়।

এ্যান্টো। কর্ত্তা কিন্তু ছাড়িবার পাত্রই নহেন।

সি । ওই দেখ, শুদ্ধবোধ ঘটি-যন্ত্রে শক্তি সঞ্চাবেন ,
ক্রমে ক্রমে বাস্থ হ'বে ।

গ । মহাবাজ,—

সি । বাম : গণ ।

গ । নিয়ন্ত্রিত প্রতি দুঃখ পোষিত হইলে,
আগত হয় পোষকেব—

সি । বোক্ ।

গ । বোক্ আপন তাহে, আগত প্রকৃত :
কহিলে স্বৰূপতব উদ্দেশ্য অধিক তব ।

সি । লহ বোদ্ধাতব ৰূপে উদ্দেশ্য ছিলনা ।

গ । সেই হেতু, মহাবাজ,—

এ্যাণ্টো । ধিক, বসনা চালনে ইনি নহে মিতব্যযী ।

এ্যাল । ভিক্ষা চাহি, ক্ষমা দাও ।

গ । ভাল, নিবস্ত হইনু : কিন্তু তত্রাচ,—

সি । চালিবেন বসনায ।

এ্যাণ্টো । কে, ইনি না এ্যাড্রিযান্ বাজি,
আবম্ভিবে কা কা ।

সি । বাযস প্রবীন ।

এ্যাণ্টো । বাযস নবীন ।

সি । বাজি । কি বাজি ?

এ্যাণ্টো । হাস্যবোল ।

সি । বাজি ।

এ্যাড্রি। দৃশ্যত এ দ্বীপ মরু সম হইলেও,—
সি। হাঃ, হাঃ, হাঃ! শোধ বোধ।
এ্যাড্রি। বাসের অযোগ্য ও গতায়াত উপায়বিহীন,—
সি। তত্রাপি,—
এ্যাড্রি। তত্রাপি,—
এ্যাণ্টো। এঁর নাহি হ'ল ভ্রম।
এ্যাড্রি। প্রকৃতির বশে হেথা'
কিরণ চপল, করুণ ও কোমল।
এ্যাণ্টো। কিরণ কোমল বালা।
সি। অবশ্য, আর চপল ;
ব্যাখ্যা এঁর সুধীজন প্রায়।
এ্যাড্রি। হেথা' বহে বায়ু ধীরি ধীরি অতীব মধুর।
সি। যেন বক্তাশয় আছে এর জীর্ণ ও গলাট।
এ্যাণ্টো। কিম্বা যেন গন্ধোন্মত্ত ধাপার মারুতে।
গ। হেথা' বিরাজিত প্রতি বস্তু জীবিকোপযোগী
এ্যাণ্টো। সত্য ; ব্যতীত কোন জীবন-উপায়।
সি। সেটা নাই মূলে, বা যৎসামান্য আছে।
গ। কি সতেজ সরস তৃণ শোভিত সর্ব্বত্র !
কিবা শ্যাম !
এ্যাণ্টো। ভূমি প্রকৃতপক্ষে পীত প্রকট।
সি। শ্যামাভ ক্বচিৎ।
এ্যাণ্টো। ভ্রম বড় বেশী নয়।

সি। 　　না ; মাত্র পড়ি' ভ্রমে সত্য অপনীত।

গ। 　　কিন্তু অভিনব ইহা,—
যাহা প্রকৃতই বিশ্বাস অযোগ্য প্রায়,—

সি। 　　যথা বহু বক্ষ্যমাণ অভিনব হয়ে থাকে।

গ। 　　আমাদের পরিচ্ছদ, সিন্ধুবারি সিঞ্চিত সত্ত্বেও,
পূর্ব্ববৎ নবভাব ঔজ্জ্বল্য রক্ষি'ছে,
যেন নূতন রঞ্জিত, লবণাম্বু-কলঙ্কিত নহে।

এ্যাণ্টো। 　　জেব্ যদি একটি এঁর কহিতে পারিত,
কহিত না কি ইনি মিথ্যা কহি'ছেন ?

সি। 　　স্থির ; কিম্বা মহা মিথ্যুকের মত
বিবরণী জেবস্থ করিত।

গ। 　　মনে হয় পরিচ্ছদ সেইরূপ সন্থধৃত
যবে প্রথমে পবেছি তাহা রথক্রান্ত ভূমে,
রাজবালা ক্ল্যারিবেল্ রূপসীব সাথে
টিউনিস্ নৃপতিব বিবাহ-উৎসবে।

সি। 　　মনোরম সে বিবাহ ;
শুভ অতি ঘটিতেছে ফিরিবার কালে।

এ্যাড্রি। 　　টিউনিস্ পূর্ব্বে নাহি কভু শোভমানা
যথা এবে প্রাপ্ত হয়ে অলোকসামান্য
হেন নারীরত্ন মহারাণী রূপে।

গ। 　　বিধবা ডাইডোর সময় হইতে নয়।

এ্যাণ্টো। 　　বিধবা ! এর মধ্যে বিধবা কি ? বিধবা ডাইডো !

সি। যগুপি কহিত 'বিপত্নীক ইনিয়স্'ও ?
বলিহারি যাই, লহ কথা কোন ভাবে।

এ্যাড্রি। কহিলে কি 'বিধবা ডাইডো' ?
বিচারে ফেলিলে তুমি :
সে ত কার্থেজের ছিল, টিউনিসের নয়।

গ। মহাশয়, এই টিউনিস্ই,—কার্থেজ্।

এ্যাড্রি। কার্থেজ্ ?

গ। কার্থেজ্, নিশ্চয় কহি।

সি। এঁর কথামৃত অলৌকিক বীণাযন্ত্রে জিনে,
রচিলেন ভিত্তি ও প্রাসাদ অবধি।

এ্যান্টো। কোন্ অসম্ভব কর্ম্ম অতঃপর করিবেন ঋজু ?

সি। বোধ হয় জেবে ভরি' এই দ্বীপ গৃহে লইবেন,
পুত্রে দানিবেন কহি' একটি আপেল।

এ্যান্টো। আর, তা'র বীজগুলি বীচিতে বপিয়ে
করিবে উৎপত্তি কত আরও বহু দ্বীপ।

এ্যাল। অবশ্য।

এ্যান্টো। ভাল, অতি উপযুক্ত কালে।

গ। মহারাজ, প্রসঙ্গ অধুনা ছিল
পরিধৃত পরিচ্ছদ রহিছে তাদৃশ
টিউনিসে ছিল যথা,
ভবদীয় তনয়ার বিবাহ উৎসবে,
যিনি এবে তথাকার রাণী।

এ্যাণ্টো।   আর অভিনব শ্রেষ্ঠবস্তু কভু ভাতিয়াছে তথা'।
সি।   নিবেদন, যদি হয় পরিত্যক্তা, ডাইডো বিধবা।
এ্যাণ্টো।   ওঃ, বিধবা ডাইডো! হাঁ, বিধবা ডাইডো।
গ।   মহারাজ, মোর অঙ্গরাখা সম্বকৃত নহে কি তাদৃশ
যথা প্রথম দিবসে ইহা করি পরিধান?
তাৎপর্য্য, সে এক প্রকারে।
এ্যাণ্টো।   এই প্রকারেব তরে ছিপ্ ফেলা হইল বিস্তর।
গ।   যবে ইহা অঙ্গে পরি
ভবদীয় তনয়ার বিবাহ সময়ে?
এ্যাল।   প্রসঙ্গ তাবৎ প্রবেশিছ শ্রুতি-পথে রুচিরে বিরোধি'।
তনয়ায় যদি নাহি কবি বিবাহিতা তথা'!
প্রত্যাগমন সময়ে, হ'ল পুত্রনাশ,
মোব গণনায়, কন্যাটিও গত,
ইট্‌লি হইতে এত দূবে অবস্থিত
আব কভু দেখিব না তা'য়।
ওহো মোব নেপল্‌স্ ও মিলানেব যুববাজ,
কোন অপরূপ মীন তোমাবে উদবে ভবি'
ক্ষুন্নিবৃত্তি কবিল তাহার?
ফ্রা।   মহাবাজ, সম্ভবত তিনি আছেন জীবিত!
হেরেছি তাঁহারে আঘাতিতে উর্ম্মি অধোভাগে,
পৃষ্ঠোপরি আবোহিতে তা'র; পদানত করি' নীর,
তা'র বৈরিভাব দূরে প্রক্ষেপিতে,

উত্তাল তরঙ্গ যাহা আইল ভেটিতে
লইলেন বক্ষ পাতি' ; নির্ভীক মস্তক স্থাপিলেন
বিতণ্ডাকারী কল্লোল উপরে ;
বাহিলেন প্রচণ্ড তাড়নে শরীর মাংসল
নিজ বাহুর সাহায্যে তীর অভিমুখে,
যা'র তরঙ্গক্ষয়িত মূল শাখা প্রসারিয়া
নমিত করিল শির, যেন তাঁ'র শ্রম বিদূরিতে :
নিঃসন্দেহ সচেতন প্রাপ্ত তিনি তীর-ভূমি।

এ্যাল। না, না, সে নাহি আমার।

সি। মহারাজ,
মহৎ ক্ষতির হেতু ধন্যবাদ দি'ন আপনায়,
কন্যা তব নাহি দানিবেন
আমাদের ইউরোপ খণ্ডে ধন্য করি',
ত্যজিলেন তা'রে এক আফ্রিকাবাসীর করে ;
সে অন্ততঃ নির্ব্বাসিতা চক্ষে আপনার,
দুঃখে আর্দ্র চক্ষু তব ইহাই কারণ।

এ্যাল। এই ভিক্ষা, তুমি থাম।

সি। মোরা সকলেই জানু পাতি, বিশেষ করিয়া কহি,
অনুষ্ঠিতে অন্যরূপ, স্বয়ং বালিকা
ঘৃণা বাধ্যতার মাঝে করে পরিমান
কোন শীর্ষ কোন প্রান্তে হইবে নমিত।
বুঝি হারা'লাম যুবরাজে, চিরদিন তরে :

মিলানে নেপল্‌সে এই কর্ম্মসূত্রে
বহু বিধবা সঞ্জাত, পুন তত সংখ্য মোরা
নাবিলাম সাথে ল'তে তা'য সান্ত্বনিতে :
অপবাধ সব আপনাব।

এ্যাল। কিন্তু ক্ষতি চবম আমাব।

গ। প্রভু সিবাষ্টিয়ন্‌, কহি'ছেন যাহা
সত্য হইলেও কোমলতা অভাব তাহায়,
এ নহে সময়: ক্ষত ঘর্ষি'ছেন,
যবে উচিত প্রলেপ দান।

সি। বেশ, বেশ।

এ্যাণ্টো। আব শ্রেষ্ঠ ভ্রস্ত্রাব সদৃশ।

গ। মহাবাজ, তব মুখ মেঘাবৃত হ'লে,
মোবা হেবি দুর্য্যোগ সকলে।

সি। দুর্য্যোগ?

এ্যাণ্টো। ভয়ঙ্কব।

গ। প্রভু, এই দ্বীপে উপনিবেশ স্থাপিলে,—

এ্যাণ্টো। কবিতেন এবণ্ড বপন।

সি। আকন্দ কি সিয়াফুল কাঁটা।

"। আব অধিপতি হ'লে এ ভূমিব,
কি কবিতাম?

সি। মগ্যাভাবে মত্ত নাহি হওযা হ'ত।

গ। স্ববাজ ভিতবে অ-প্রচলিত পাবম্পর্য্যে

সাধিতাম সর্ব্বকার্য্য , অস্বীকৃব কোনরূপ যান প্রচলন ;
বিচাবক নাম না বাখিব ; সাহিত্য অজ্ঞাত ,
সম্পদ, দাবিদ্র্য, দাস্য, কিছু নহে ;
যুক্তিবিধি, উত্তবাধিকাব, সীমা-নির্দ্ধাবণ,
ভৌমা চতুঃসীমা, কর্ষণ, ফলোৎপাদন, কিছু নহে ;
কোনরূপ ধাতু, শস্য, মদ্য বা তৈল ব্যবহাব নহে ,
কর্ম্মকাজ বহিবে না , পুরুষ স্বতন্ত্র ;
স্ত্রীজাতি অবধি, কিন্তু সবল ও পবিত্র,
নাহি ব'বে ভৌমিকত্ব,—

সি। তবু তথা' অধিপতি।

এ্যাণ্টো। স্বরাজ্যেব শেষভাগ স্মৃতিভ্রষ্ট প্রথমাংশ।

গ। সহজ সঞ্জাত যাহা সাধাবণে সম অধিকাব
ঘর্ম্ম বা উদ্যম ব্যতীত :
কৃতঘ্নতা, চৌর্য্য, অসি, বর্শা, ছুবি, আগ্নেয়াস্ত্র,
কোনরূপ যন্ত্র ব্যবহাব, কবিতে না দিব ,
প্রকৃতি স্বয়ং উৎপন্ন কবিবে,
স্বেচ্ছামত, কেবলি যথেষ্ট, কেবলি প্রচুব,
আহাব দানিতে মোর সবল প্রজাবে।

সি। তুঁব প্রকৃতিপুঞ্জেব মাঝে না ব'বে বিবাহ ?

এ্যাণ্টো। কিছু না, হে, সর্ব্বেব অলস ;
স্বৈবিণী ও ব্যভিচাবী।

গ। পবিপূর্ণ ভাবে এত শাসিব সকলে,

যে পবাজিব সত্যযুগে।

সি।　　মহারাজাধিরাজ জয়!

এ্যাণ্টো।　　গঞ্জালো দীর্ঘায়ুরস্তু!

গ।　　আর,—মহারাজ লক্ষ্য করি'ছেন?

এ্যাল।　　ভিক্ষা মাগি, আর নয়:

কহিলে যা' মোর কাছে তাহা কিছু নয়।

গ।　　মহারাজ, আমারও বিশ্বাস তাহা:

তবে যে কহিনু এত

সে কেবল সুযোগ প্রদান হেতু এই ভদ্রগণে,

যাঁহাদের উৎকট ও তরল-হৃদয়

রহস্যে অধীর হয় উপলক্ষি' প্রায় কিছু নয়।

এ্যাণ্টো।　　করেছি রহস্য মোরা উপলক্ষি' তোমা'।

গ।　　যে ব্যক্তি এইরূপ তাণ্ডব-রহস্যে

ভবদীয় সকাশেতে মাত্র কিছু নয়:

সেই হেতু রহি'ছেন রহস্যে অধীর

সদা উপলক্ষি' কিছু নয়।

এ্যাণ্টো।　　দত্ত হেথা' কি প্রহার!

সি।　　যদি নাহি নিপতিত প্রশস্তাগ্রভাগে।

গ।　　মহাশয়গণ গঠিত মাত্র বর্চ্চস্বী-ধাতুতে;

শশী যদি সপ্তাহ পঞ্চ ভ্রমে কক্ষচ্যুত,

পাড়িবেন কক্ষ হ'তে তা'রে।

(গম্ভীর ধ্বনি করত অদৃশ্যভাবে এরিয়লের প্রবেশ।)

সি।　　উপাড়িব কহি, অতঃপব বাহিবিব
ধ্বজী লয়ে বাতুলি ধবিতে।

এ্যাণ্টো।　　না, প্রভু, না, উষ্ম নাহি হও।

গ।　　না, নিশ্চয় কহি ; বিবেচনা-শকতিবে
এত ক্ষীণ কবি' কভু ত্রস্ত না কবিব।
আনিবেন মোব নিদ্রা বহস্য প্রয়োগে ?
হইতেছি মোহভাবাপন্ন অতি।

এ্যাণ্টো।　　তবে নিদ্রা যাও, ও কহি যাহা
ঘুমায়ে ঘুমায়ে শুন।

(এ্যাল, সিবা ও এ্যাণ্টো ব্যতীত, সকলেব নিদ্রা।)

এ্যাল।　　কি আশ্চর্য্য, এত শীঘ্র সবে নিদ্রাগত।
ইচ্ছা হয় চক্ষু মোব, এইরূপে আসে মুদে,
রুদ্ধ কবি' ভাবনায় : বুঝি তা'বা চাহে তাহা।

সি।　　মহাবাজ, নিবেদন,
নাহি কব প্রত্যাখ্যান এই গুরু নিমন্ত্রণ :
ইহা আর্ত্তে দেখা দেয় কদাচিৎ ,
আসে যবে, সান্ত্বনা দায়ক।

এ্যাণ্টো।　　আমবা উভয়ে, প্রভু, বহিব প্রহবী
বক্ষিবাবে দেহ তব ক্লান্তি দূব কালে ;
সতর্কিত ব'ব তব নিবাপদ হেতু।

এ্যাল।　　ধন্যবাদ। কি আশ্চর্য্য জড়ভাব।

[এ্যালঙ্গোব নিদ্রা। এরিয়লের প্রস্থান।]

সি। কি অদ্ভুত তন্দ্রাতুর হইল সকলে !

এ্যাণ্টো। এ স্থানের জল বায়ু গুণ।

সি। চক্ষের পল্লবে তবে
কেন নাহি মুদে আমাদের ? আমি দেখি
মোর নাহি ইচ্ছা কোন নিদ্রা গমনের।

এ্যাণ্টো। আমারও না; বলীয়ান বৃত্তি মোর।
এরা শয়ন করিল যেন সবে যুক্তি ক'রে;
পতিত হইল যেন বজ্রাহত প্রায়।
কি ঘটিতে নাহি পারে, যোগ্য সিবাষ্টিয়ন্ ?
ওহো, কি ঘটিতে নাহি পারে ?
অধিক না ক'র আর :—
তবু অনুমানে হেরি বদনে তোমার,
হ'লে কি হইতে পার : যোগাযোগ কহি'ছে তদ্রূপ,
বেগবান কল্পনায় মুকুট তোমার শিরে হেরি আপতিত।

সি। আছ কিহে জাগরিত ?

এ্যাণ্টো। পেতেছ না শুনিতে কি কহিতেছি কথা ?

সি। পাইতেছি; নিশ্চিত সে কহ কোন
ঘুমন্ত-প্রলাপ বুঝি নিদ্রার আবেশে।
কি তাহা কহিতেছ যাহা ? অদ্ভুত এ নিদ্রা,
নিদ্রিত তবু নেত্র আকর্ণ-বিশ্রান্ত;
দণ্ডায়মান, কথোপকথন-রত, গতিযুক্ত,
তবু ঘোর নিদ্রা-অভিভূত।

এ্যাণ্টো। মহৎ সিবাষ্টিয়ন্, রাখিতেছ ভাগ্য তব
নিদ্রাতুর, মৃত কহা অধিক সঙ্গত ;
চক্ষু বদ্ধ করি' রহ যবে জাগরিত।

সি। গর্জ্জিতেছ নাসা তব স্পষ্ট স্পষ্ট ভাবে ;
তাৎপর্য্য আছে গর্জ্জনের।

এ্যাণ্টো। মোর প্রথাধিক গুরুভাবে কহি :
কহিবে তুমিও, যদি কর কর্ণপাত ;
করিলে সেরূপ হ'বে তিন গুণ মর্য্যাদা অধিক।

সি। ভাল, আমি কিন্তু নিথর সলিল।

এ্যাণ্টো। শিখা'ব তোমায় আমি বহিতে কিরূপে হয়।

সি। শিখাও : বংশগত আলস্য আমায়
শিখায়েছে উজান বাহিতে।

এ্যাণ্টো। ওহো, যদ্যপি জানিতে অভিসন্ধি
কিরূপে পোষি'ছ, যবে তা'য় কর উপহাস।
কি প্রকারে, করি ত্বকচ্ছেদ,
আরও তা'রে কর বলীয়ান।
প্রায় দেখা যায়, ভাঁটা পড়ে যাহাদের,
তাহারা যে প্রকৃত এত হয় তলগত,
সে কেবল ভয় ও আলস্যবশত।

সি। মিনতি আমার, কহ :
নয়নের দীপ্তি, গণ্ড-আভা তব
প্রকাশিছে বিষয় বিশেষ ; জনম যাহার,

প্রসবিতে বাস্তবিক বেদনা প্রদানে।

এ্যাণ্টো। তথা মহাশয়: এইরূপে যদ্যপি এ ক্ষীণস্মৃতি প্রভু, ইটি;
স্মৃতি তা'র লুপ্ত হ'বে সমাধিস্থ হ'লে,
এই এক প্রবর্ত্তন-গুরু, মাত্র দেয় প্রবৃত্তি মানবে,—
প্রবর্ত্তিত করিয়াছে প্রায়,—বিশ্বাসিতে
যে রাজপুত্র নহে মৃত,
সে যে নহে নিমজ্জিত তত অসম্ভব
যত এই নিদ্রাতুর হেথা' করে সন্তরণ।

সি। নাহি আশা যুবরাজ নহে নিমজ্জিত।

এ্যাণ্টো। ওহো, এই 'নাহি আশা' হ'তে
কি মহদাশা কহি শুন তব হ'তে পারে!
অত্র নাহি আশা হইতেছে মহদাশা অন্যস্থলে,
যাহা দূরাকাঙ্খা অসমর্থ সূচ্যগ্র প্রমানে ভেদে,
কিন্তু করে ভয় পাছে তাহা প্রকাশিত হয়।
মোর সনে ল'বে কিহে ধরি'
ফার্ডিনাণ্ড্ নিমজ্জিত?

সি। সে গত।

এ্যাণ্টো। অনন্তর, কহ মোরে,
নেপলসের পররর্ত্তী অধিকারী কে?

সি। ক্ল্যারিবেল্।

এ্যাণ্টো। সে যে টিউনিস্-রাণী;
যে রহিছে সহস্র যোজন দূরে

মানবের জীবন-সংগ্রাম হ'তে ;
যে নেপ্‌ল্‌স্ হইতে বার্ত্তা নাহি পেতে পারে,
রবি যদি নাহি নিজে বহয়ে সন্দেশ—
শশীবাসী মানব মন্থর অতি,
যদবধি নবজাত গণ্ডচয় বন্ধুর ও ক্ষুরযোগ্য হয়,
যা'র পাশে মোরা সবে সমুদ্র গ্রাসিত,
যদ্যপি কয়েক জন পুন উদ্গীবিত ;
সেই প্রারব্ধের পরে নির্ভর করিয়ে
সাধিতে হইবে কর্ম্ম, বিগত ঘটনা যাহে
মুখবন্ধ মাত্র, আর আগত বিষয়
হয় তোমার ও মোর ভার।
কি এ সকল! কি কহি'ছ তুমি?
সত্য, মোর ভ্রাতার নন্দিনী টিউনিস্-রাণী,
সেইরূপ নেপ্‌ল্‌সেরও ভাবী রাণী,
দুই রাজ্য মাঝে আছে কিছু ব্যবধান।

এ্যাণ্টো। ব্যবধান যা'র প্রত্যেক অঙ্গুলি
কহি'ছে চীৎকার করি',
'কি প্রকারে এই ক্ল্যারিবেল্ পুন পরিমাণি'
ফিরিবে সে নেপ্‌ল্‌সের মুখে। রহ তুমি টিউনিসে,
আর জাগ সিবাষ্টিয়ন্'। কহ, ইহা মৃত্যু
যাহা এবে ঘিরেছে এদের ; কেন, সে ত নহে
মন্দ বেশী যাহে এরা শায়িত এখন।

আছে অন্যে যা'রা পারে নেপ্‌ল্‌স্‌ শাসিতে,
সেইরূপ যথা এই ব্যক্তি নিদ্রিত হেথায় ;
পাবে পাত্রগণ অনর্গল বচন বিন্যাস,
তত সুপ্রচুর তত অনাবশ্যক যথা করে
এই ব্যক্তি নিদ্রিত হেথায়, এই গঞ্জালোব সম :
স্বয়ং কবিতে পারি সেরূপ বায়স-ধ্বনি,
সে মত গম্ভীর। ওহো, ধর যদি সেই হৃদি
যাহা ধরি আমি! তব ঊর্দ্ধারোহণের পথে
এই নিদ্রা কি! বুঝিছ আমায় ?

সি। মনে হয় বুঝিতেছি।

এ্যাণ্টো। অভিপ্রায় করিতেছে কি ভাবে গ্রহণ,
কি ভাবে লভিবে যে সে অতুল সম্পদ ?

সি। স্মরণ হ'তেছে তব ভ্রাতা প্রস্পেরোয়
করি' দূরীভূত আরোহেছ সিংহাসনে।

এ্যাণ্টো। সত্য : আব দেখ কি উত্তম শোভিয়াছে
অঙ্গে পরিচ্ছদ ; পূর্ব্ব হ'তে সমুজ্জ্বলতর রূপে :
ভ্রাতৃদাসগণ ছিল মোর সমকক্ষ ;
এবে তা'বা দাস মোব।

সি। কিন্তু তব বিবেকের দশা ?

এ্যাণ্টো। ভাল, বন্ধু ; কোথায় বসতি তা'র ?
যদি সেটি কড়া হ'ত, বাথা দিত বিনামায় :
হৃদে নাহি পাই কিন্তু এই দেবতায়।

বিংশতি বিবেক, যদি দাঁড়াইত
মিলান্ও মোর মধ্যস্থলে, শর্করা হইত,
দ্রব হ'ত বিঘ্ন পূর্ব্বে। এই স্থানে ভ্রাতা তব অবস্থিত,
শায়িত যে মৃত্তিকায় তা' হ'তে উত্তম নয়,
যেন তিনি সেই সত্য যা'র সম তাঁ'রে দেখাইছে,
এতদর্থে মৃত ; এই আজ্ঞাবাহী অসির সাহায্যে,
মাত্র অঙ্গুলি ত্রয়ে, চিরশয্যাপরে যা'রে স্থাপিবারে পারি ,
সে সময়ে তুমি, করি' এইরূপ,
অবশ্য প্রের হে সেই মহানিদ্রা-পথে
পুরাতন এই মাংসখণ্ডে, এই দেব বিজ্ঞতমে,
যিনি পুন নাহি দোষিবেন
আমাদের কার্য্য পরম্পরা।
অবশিষ্ট প্রভুগণ, গ্রহণিবে প্রলোভন
পয়ঃ যথা মার্জ্জার লেহয় ,
ঘটি-যন্ত্রে তত সংখ্য বাজ গণিবেন
ক'র মোরা কর্ম্ম উপযোগী।

সি। প্রিয়বন্ধু, তব ব্যবহারপদ,
পূর্ব্বপক্ষ হ্যায় মম ;
যে উপায়ে লভেছ মিলান্,
লভিব নেপল্‌স্ তথা। কর অসি উন্মোচন :
একটি আঘাতে তা'র মুক্ত ক'রি দিবে তোমা
কর দান হ'তে যাহা এবে প্রদানিছ

নৃপতি স্বয়ং আমি বাঁধা র'ব প্রেমে।

এ্যাণ্টো।　উভয়েই করি উন্মোচন, উত্তোলিব যবে বাহু,
পতিত হইবে যাহা গঞ্জালো উপর,
কর তুমি সেইরূপ।

সি।　হুঁ, কিন্তু এক কথা।

(নিভৃতে কথোপকথন।)

(অদৃশ্যভাবে এরিয়লের পুনঃ প্রবেশ।)

এরি।　প্রভু মোর বিদ্যাবলে দেখিছেন সে বিপদ,
তুমি, মিত্র তা'র, এবে নিপতিত যাহে ;
প্রেরিলেন মোরে—সকলের জীবন রক্ষিতে—
নহে ধ্বংস প্রাপ্ত হ'বে তাঁ'র নিজ অভিপ্রায়।

(গঞ্জালোর কর্ণে গীত।)

নাক্ ডাকায়ে ঘুমাও যবে,
জলজ্যান্ত বেইমানি,
ধাঁৎ বুঝে কোপ্ মাত্তে আসে
জেনেও কি তা জাননি ?
দরদ্ যদি থাকে প্রাণের,
ঝাড় ঝিমুনি এখনি,
ওঠ জেগে ওঠ জেগে ;
খুব সাবধান বেইমানি !

এ্যাণ্টো। এস উভয়েই আক্রমি সহসা।

গ। (জাগরিত হওত) এবে, দেব-চমূ রক্ষা কর নৃপতিরে।
(সিবা ও এ্যাণ্টো প্রতি) কি, কি, কি।
(এ্যাল প্রতি) ভো, হ'ন্ জাগরিত!
(সিবা ও এ্যাণ্টো প্রতি) অসি উন্মোচিত কেন?
বিভীষিকাময় এ দৃষ্টির অর্থ কিবা?

এ্যাল। (জাগরিত হওত) কি ব্যাপার?

সি। এইক্ষণে অবস্থিত হেথা' মোরা
রক্ষা তব আরাম সময়ে,
চকিতে পশিল রোল যেন বলীবর্দ্দ আস্ফালন,
সিংহনাদ কহিলেও হয়:
আপনারে করিল না জাগরিত?
তাহা আঘাতিল কর্ণে মোর ভয়ঙ্কর রবে।

এ্যাল। কিছু শুনি নাই।

এ্যাণ্টো। ওঃ, সেই রব নিশ্বন শ্রবণে ভীতি প্রদায়ক,
ভূমিকম্প সাধিতে সক্ষম। তাহা যে নিশ্চয়,
এক যোগ নাদ কোন পশুপতি যূথ সমগ্রের।

এ্যাল। শুনেছ কি গঞ্জালো?

গ। দিব্য করি স্মরি' মর্য্যাদায়, মহারাজ,
শুনিয়াছি গুন্ গুন্ তান, সেও এক
অদ্ভুত নিঃস্বন, জাগাইয়া দিল মোরে:
তুলিলাম মহারাজে, চীৎকার করিনু:

যবে খুলিল নয়ন, হেরিলাম ইহাঁদের
উন্মুক্ত কৃপাণ : শব্দ কোন হয়েছিল,
ইহা সত্য কথা। কর্ত্তব্য হ'তেছে
রহি সবে সাবধান বা ত্যজি এই স্থান :
যুক্তি এবে সবে করি অসি উন্মোচন।

এ্যাল। এই স্থান হ'তে পথ প্রদর্শিয়া চল,
মোর হতভাগ্য পুত্রের কারণ
সবে মিলি' এস করি অধিক সন্ধান।

গ। এ সকল বন্য জন্তু হ'তে
দেবগণ রক্ষুন তাঁহারে।
অবস্থিত তিনি দ্বীপে, এ কথা নিশ্চয়।

এ্যাল। পথ প্রদর্শিয়া চল।

এরি। মনিব্ আমার প্রস্পেরো জান্‌বেন্ সব খুঁটনাটি :
যাও, রাজা যাও, নিরাপদে খুঁজ্‌তে তোমার ছেলেটি।

[প্রস্থান।]

দ্বিতীয় দৃশ্য।

দ্বীপের অন্য পার্শ্ব।

(কাষ্ঠ স্কন্ধে ক্যালিব্যানের প্রবেশ। বজ্রধ্বনি।)

ক্যা। সুর্য্যি মামা শোষে যত বদ হাওয়া,
বাদা, বাদাড়্, জলা থেকে,

পড়ুক্ ঘাড়ে প্রস্পেরোর পাড়ুক্ তা'কে
বোম্বা গোটা গোটা!
পরী গুলো তা'র শুনছে কথা উপায় করি কি,
গালাগালি আর শাপমন্যি দিবই দিব আমি।
তা'র বাম্‌চিম্‌টি, গুটি গুটি শাঁখ্‌চুন্নের দাঁত্‌কপাটি,
কাদার টেনে হাম্‌ড়াহাটি, আঁধার রেতে ঘুরঘুট্টি,
আলেয়া সেজে, তাড়িয়ে মোকে, বেপোড়্ আলে,
ফেল্‌বে না,
হুকুম্ নইলে তা'র, আবার পানটা থেকে চুণ খস্‌লেই
লেলিয়ে দেয় তা'দের, তা'রা কপী সেজে মুখ ভেঙ্গায়,
কিচির্ কিচির ক'রে, দাঁত বসিয়ে ফেলে চিরে,
শাঁখ্‌চুন্নে ভরই পরে, বিড়্‌বিড়া ঘোগ্ ঘাপ্‌টি মেরে
আলের ধারে চিৎপটাং, আবার আদুড়্ পা টা ফেল্লে পরে
শজারে কাটা প্যাট্, আবার লতা সেজে সাপ্টে ধরে
দাঁত্‌কা জিভে সাঁই সাঁইয়ে হাউড়্ বানায় প্যাট্।
(ট্রিন্‌কুলোর প্রবেশ।)
দ্যাও, জনাট্‌ এখন, ন্যাও।
হাই দিচ্ছে একটা পরী, হাড়ে নাড়ে পোড়াবে,
কাঠ আন্‌তে হয়েছি মাট। কুন্‌ড়ো গড়াই আমি,
এত রাগে সে নাও এত নজর কর্ত্তে পারে।

টি। এখানটার না আছে একটা ঝোপ, না আছে একটা ঝাঁপ, যে এত বৃষ্টি বাদ্‌লার দিন কোন প্রকারে কাটিয়ে দিই;

আবার এক ঝাপ্টা চাগিয়ে উঠ্ছেন; জোর হাওয়া, গুম্গুমুনিতেই মালুম্: ওই সেই কাল মেঘটা, ওই, ওই, দিগ্ধাউড়ে থানা, দেখাচ্ছে ঠিক যেন ঢাল্লে বলে পয়নালা। যদি আগেকার মত কড়্কড়ানি ফের সুরু করে, মাথাটা যে কোথায় একটু গুঁজ্ব তা'র কিছু ঠিকানা নেই: ওই কালা মেঘখানা না ভাসিয়ে আর যাচ্ছেন না। হেথা' এটা কি দেখ্তে পাচ্ছি যেন? মানুষ না মাছ? মরা না জ্যান্ত? মাছই বোধ হচ্ছে: গন্ধ ছাড়্ছে মাছের; ভারী জবড়্ আঁষ্টে পচা গন্ধ; শুঁট্কি রকম, টাট্কা পুঁটি নয়। আজব্ রকমের মাছ। সেই একবার যেমন গিয়েছিলেম ইংলণ্ডে; যদি এখন থাক্তুম সেখানে, মাছটা আঁকিয়ে, টাঙ্গিযে দিতুম, এমন পরব্খোর বোকা ভেয়ে থাক্ত না যে না একটি পয়সা ঝেড়ে যেত: এই বিথ্রটা সেখানে একটা মানুষের কপাল ফিরিয়ে দিত, যে কোন হাজব জানোয়ার সেখানে একজনকে না একজনকে মানুষ করে ছেড়ে দেয়: নেংড়া খোঁড়াকে একটা কড়ি দেবে না, যা'তে সেটার দুঃখ ঘুচ্বে, এদিকে দশ দশ টাকা গলিয়ে দেবে, মার্কিণ মুলুকের রাঙ্গা মানুষের মরা ধড় একটা দেখ্তে। মানুষের মত পা। ডানা দুট হয়েছে হাত! থুড়ি। এখন আমার মতটা একটু নোল্ কাছি দিই; আর সে বলি: এটা মাছ নয়, এই দ্বীপের কোন বাসিন্দে, বোধ হয় একটু আগে মাথায় বাজ পড়েছে। (বজ্রধ্বনি।) হায়, হায়, আবার এল ঝট্কি! ভাল চাই ত গুঁড়ি মেরে এর আল্খাল্লার তলায় ঢুকে পড়ি; কাছাকাছি ত আর কোন আশ্রয় নেই: বদ্ হাল্ বেতর সেথ চেলে আনে। এইটে

মুড়ি দিয়ে পড়ে থাকি ঝড় ঝাপ্‌টা এক দম্ না কাট্‌লে আর নড়্‌চিনে।

(বোতল হস্তে গাহিতে গাহিতে ষ্টীফানোর প্রবেশ।)

ষ্টী। জলেতে আর উল্‌ব না, উল্‌ব না,
মর্ব্ব হেথা' তীর ভুঁয়ে—

এ বেজায় বেখাপ্পা সুর হচ্চে, যেন মড়া পোড়ার গান; তা' হোক্‌গা, তা'র ওষুধ্ আমার এই। (মদ্যপান ও গীত।)

বড় সাহেব আর মাজি, ভিস্তি মিয়া ও মামদজি,
বেদো কয়াল ও ম্যাটের তা'র,
ছিল পিয়ারী বাঁকা ছবি, বসনি, বিন্দি, মোটা গৌরি,
আমল পেতনা নিস্তার,
তা'র জিভের ছিল ঝাঁঝ্ ভারি, নেয়ের বনক্ব, গলায় দড়ি,
সেঁট্‌কাত নাক্ আলকাতরায় এম্‌নি বাঙ্গালনি,
কিন্তু খুন্ মিয়া চুলকে দিত যেখানে তা'র চুলকুনি,
(তবে) উল্ ছোঁড়ারা, জলে ঝপ, দিগ্‌গে সেটা
গলায় দড়ি।

এটাও হচ্চে বেখাপ্পা তান : কিন্তু তা'র ওষুধ আমার এই —
(মদ্যপান।)

কা। ছাড়ে নাড়ে পীড়িও না : উঃ।

ষ্টী। এ ব্যাপার খানা কি? হেথায় কি ভূতের পেত্‌ভূত আছে নাকি? বাবা কালকাসুন্দি, আর মাকিনের বাঙ্গী, আমায় চালাক কচ্চ, বাপ্, এঁ্যা? তোমার চার ঠ্যাং দেখে দৌড়ে উঠ্‌ব বলে

জল ডুবি থেকে বেচে উঠলুম, না; কথা আছে জান, যে পালোয়ান যেমন চারঠেংযেই আসুক্ না কেন, শর্ম্মাকে জমি ছাড়া কত্তে হচ্চে না; সে কথা কথাই থাকবে, ওল্টাবে না, যতক্ষণ ঈগ্যানো নাসিকা বন্ধে দম্ নেবে।

ক্যা। পর্বী পুড়িয়ে মাবে আমায়; উঃ।

ষ্টী। এটা দেখ্‌ছি দ্বীপের একটা বিথুব—চারঠেংয়ে; বোধ হচ্চে, এর বাত আছে। যমের দক্ষিণ দুয়ারে যাক্, এ বেটা আমাদের ভাষা শিখ্‌লে কোথা থেকে? শুধু এই জন্যে এটাকে একটু সোয়াস্তি দিব। যদি আরাম করে পোষ মানিয়ে নেপ্‌লসে নে যেতে পারি, এটা একটা কামদার লপেটামারা বাজা বাজ্‌ডার ম্যানান সই ভেট হবে এখন।

ক্যা। পায়ে পড়ি, হাড়ে নাড়ে পুড়িও না; আবও ঝট্ আন্‌ব ঘরে কাঠের গাড়া।

ষ্টী। এখন এটার ফিট্ হয়েছে, তাই কথা গুল কইছে, ঠিক যে তা দুরন্ত রকম নয়। আমার বোতলবাহিনী একটু চাক্‌ন: গাত্রাধন আগে যদি কখন না চেকে থাকেন, তাইতেই ওর ফিট্ পায় সবে পড়বে। যদি একে আরাম কত্তে পারি, আর পোষমানিয়ে রাখ্‌তে পারি, ওর জন্যে বেশী ত আমি নেব না; ওকে যে আমার কাছ থেকে পাবে, ওর একটা দাম ত আমায় দেবে, আর সেটা বেশ একটু মোটা রকম। হা, হা, বাবা।

ক্যা। পোড়াচ্ছ কম এখন আমায়; কিন্তু হ'ল বলে এখনি,

বুঝ্ছি আমি দেখে সেটা তোমার ঝাঁকুনি : চল্‌বে এবার প্রশ্নেরোর তোমায় চালুনি।

ষ্টী। ওরে আয়; হাঁ কর্; এই যা' দেখ্‌তে পাচ্ছিস্ তোর মুখের বা কাড়িয়ে দেবে, হুলো : হাঁ কর্; তোর কাঁপুনি ঝাঁকারি মেরে তাড়াবে, সেটা তোকে, সাফ বলে দিচ্ছি; জানিস্‌নি ত কে মিতে : তোর চুয়াল খোল্, ফের হাঁ

ট্রি। ও আওয়াজ চিনি ত বটে : এই ত হ'বে—কিন্তু সে ত ডুবেছে; এগুলো সব ভূত : বাপ। বাপ। বাপ।

ষ্টী। চার ঠ্যাং আর দুটো গলা : সূক্ষ্ম গোছের তোফা বিথুর। সাম্নের গলা মিতের গুন গায়; আর পিছনের গলা কুচ্ছ ছিটায়, মিতে ফুঁয়ে উড়ায়। যদি বোতলের সব মালটায় চাঙ্গা কর্তে পারি, আমি এর ব্যারাম সারাবই। আয়। ইতি কর। তোর ওই আর একটা মুয়ে কিছু ঢালি।

ট্রি। ষ্টিফানো!

ষ্টী। তোর অন্য মুখ আমার নাম ধরে ডাকে? দোহাই দেবতা, দোহাই বাবা দেবতা। এটা একটা ভূত, বিথুর নয় : এটা ছেড়ে লম্বা দিই; আমার কবচ টবচ নেই।

ট্রি। ষ্টিফানো! যদি ষ্টিফানো হও, একবার আমায় ছোঁও, আর কথা কও; আমি ট্রিন্‌কুলো—ভয় নেই—তোমার সেই বন্ধু ট্রিন্‌কুলো।

ষ্টী। যদি ট্রিন্‌কুলো হও, বেরিয়ে এস : দুটো ছোট পা ধরে

তোমায় টানি : এব মধ্যে যদি ট্রিন্‌কুলোব পা কিছু হয়, সে এই গুল। তুমি সেই ট্রিন্‌কুলো বটে ত—হুবহু।

ট্রি। আমি ওটা একটা মড়া, বাজে মবা মনে কবেছিলুম। কিন্তু, ষ্টিফানো, তুমি ডোবনি? এখন আমাব আশা হচ্ছে, তুমি ডোবনি। ঝড়টা নিঃশেষ হয়েছে? আমি ঝড় ঝাপ্টাব ভয়ে এই গর্ভস্রাবটাব আলখাল্লাব নীচে লুকিয়ে ছিলুম। ষ্টিফানো, তুমি সত্যি বেঁচে আছ? ষ্টিফানো হে, দু দুজন নেপল্‌স্‌বাসী তীবস্থ।

ষ্টী। বক্ষে কব বাবা, ওমন ঝাঁকি দেবনা, আমাব পাকস্থলীটে বড় দমে ভাবী নয়।

ক্যা। (জনান্তিকে) এই গুল ত খাসা চিজ্, যদি না হয় পবী। ওইটি হ'ল জমকাল দেও, আসমান্ দাক কাঁকে। গাড়্‌ব হাঁটু ওব কাছে।

ষ্টী। বেঁচে গেলে কি কবে? এখানে এলে কি কবে? এই বোতল ছুঁয়ে দিব্যি কব, এখানে এলে কি কবে। আমি একটা মদেব পিপে ধবে বেঁচে গেলুম; নেযেবা সেটা জাহাজ থেকে ঠেলে ফেলে দেয়,—এই বোতল ছুঁয়ে দিব্যি কচ্ছি। তীবেও পড়া আব নিজেব হাতে, জানলে কিনা, এই বোতলও কবা একটা গাছেব ছাল থেকে জান্‌লে কিনা।

ক্যা। দিব্যি কবি বোতল ছুঁয়ে হ'ব বেয়ং ইমানদাব এ দাক নয় ত পিথ্‌থিমিব।

ষ্টী। নাও, তবে দিব্যি কব কি কবে বেঁচে গেলে।

ট্রি। হাঁসের মত সাঁত্‌রে, বন্ধু; এমু চলে; সাঁত্‌রাই আমি হাসের মত, কি বল।

ষ্টী। নাও, পুঁথি ছোঁও। হাঁসের মত সাঁত্‌রাতে না পাল্লেও গড়নটা তোমার ঠিক পাতি হাঁস বটে।

ট্রি। ষ্টিফানো হে, এর আর আছে ?

ষ্টী। পিপেকে পিপে, বং : আমার ভাঁড়ার হচ্ছে সমুদ্রের ধারে একটা পাহাড়ের ফাটলে, মাল সব সেখানে লুকিয়েছি। তা' হলে, গর্ভস্রাব। এখন কেমন ? এখন তোর বাত কেমন ?

ক্যা। পড়নি কি আকাশ থেকে ?

ষ্টী। ঝপাৎ করে চাঁদ থেকে বলছি তোকে ঠিক : এক কালে আমিই চাঁদে চরকা কাটি বসে।

ক্যা। হুজুরকে সেথা' দেখেছি : হুজুরকে আমি গড় করি : মনিবনি যে মোর আছে, সে হুজুরকে দেখিয়েছে, আর হুজুরের কুকুরটি আর লাঠিটি।

ষ্টী। আয়, ওটা দিব্যি গেলে বল, পুঁথি ছুঁয়ে : এর চটপট ইটি তাজা মালে ভরিয়ে দিব : দিব্যি কর্।

ট্রি। আর তোর ভাল হোক, একটা ভারী বেচারা গোছের বিধুর। এরে হয়েছিল ভয়। একটা নেহাৎ পট্‌কা গোছের বিধুর। চাঁদের মানুষ। এক দম্‌ আলবড়ে বিধুর। সত্যি বলতে কি, বিধুর তোফা এঁটেছিল।

ক্যা। দ্বীপের বিরত বিরত চাসিল্ জমি দেখিয়ে দিব, হুজুরের পায়ে গড় করি : হাত জুড়ে বলি হুজুর, আমার দেও হও।

দেখ্‌ব নীল গলাব বাসা,
শিখ্‌ব ফাঁদ রূপী নাশা;
নে যা'ব যেথায় নোড়েব থোবা,
এখন ভখন পাহাড় থেকে আন্‌ব ধবে,
খটাশ ছানা তোমাব তবে।
আমাব সাথে যা'বে হুজুব?

ষ্টী। একটু থো কব, বাকি্য বেথে পথ দেখিয়ে চল। ট্রিন্‌কুলো, বাজা আব আমাদেব বাকি দল বল যেস্থলে জলে ডুবে মাবা গিয়েছে, আমবাই এই স্থানটা দখল কবে নেব: নে, আমাব বোতল ধব্‌। ট্রিন্‌কুলোজী, আমাদেব সোঁটা ববদাবটাকে ক্রমে ক্রমে পুনবায় ভর্তি কবা যা'বে এখন।

(মত্তাবস্থায় গীত।

ক্যা। চল্লুম, মনিব্‌ সল্লুম, আমি চল্লুম।

ট্রি। গ্যাক্ গেকে বিকট বিথুব, একটা বদ্ধ মাতাল বিথুব

কা। বাঁধ্‌ আব বাঁধ্‌ব না ক মাছ ধববাব ফিকিবে,
ঝালানি কাঠ ভাঙ্গব না ক হাজাব দবকাবে,
বাবকোস্‌ আব চাচ্‌ব না,
ধোব না বাসন:
'ব্যান্‌, 'ব্যান্‌, ক্যা ক্যালিব্যান
মিলেছে নয়া মনিব্‌: দেখে নাও নূতন নফবে।
ছাড়ান ছোড়ন্‌, হোঃ হোঃ! কাটান্‌ ছিড়েন, হোঃ হোঃ
কাজেব পতন্‌, হোঃ হোঃ হোঃ হোঃ।

বাহবা নয়নানন্দকর বিগ্রহ। চল, পথ দেখিয়ে চল্‌।

[প্রস্থান ।]

তৃতীয় অঙ্ক।

প্রথম দৃশ্য।—প্রস্পেরোর গুহা-সম্মুখ।

(কাষ্ঠ বহন করত ফার্ডিনাণ্ডের প্রবেশ।)

কত ক্রীড়া আছে কষ্টকর, প্রযত্ন তাহার
নিহিত আনন্দ তথা' প্রকাশিয়া দেয় :
আছে হীন কর্ম্ম কত, অনুষ্ঠানে মহত্ব প্রকাশ পায়,
অতি সামান্য কর্ম্মের ফল অসামান্য হয়।
মোর এই হীন কর্ম্ম, হ'ত ভার তত দুখ,
যদি দেবী উপাস্যা আমার,
যিনি নাহি জানিতেন মৃতে সঞ্জীবিতে,
শ্রমে নাহি করিতেন আনন্দ বিধান.
আহা, সে ললনা দশাধিক তাদৃশী কোমলা,
পিতা অসহিষ্ণু যত কার্কশ্য ঘটিত।
শত শত কাষ্ঠ খণ্ড সংগৃহীতে হ'বে,
স্থাপিতে নিদেশ মত স্তূপের আকারে,
নচেৎ দণ্ড নিরূপিত অধিক কঠোর :
মধুমতী দেবী মোর ভাসেন নয়ন-জলে,
কহেন নিকৃষ্ট কর্ম্ম, কভু পূর্ব্বে না লভেছেন

গর্বিষ্ঠ নায়ক। হইতেছে ভ্রম মোর :
কিন্তু এই সুখ চিন্তা লাঘবে আমার শ্রম,
বিগত করম্-পাশ, যবে ইহা ধ্যান।

(মিরাণ্ডার প্রবেশ, দূরে অলক্ষিতভাবে প্রস্পেরো অবস্থিত।)

মি। হায়, হায়, মিনতি আমার, করিও না হেন শ্রম :
ইচ্ছা হয় অশনি সম্পাতে স্তূপাদিষ্ট কাষ্ঠচয়
হ'ক ভস্মরাশি। কবি এ মিনতি,
রাখ উহা, লভহ বিরাম :
যবে জ্বলিবে কাষ্ঠখণ্ড কাঁদিবে কতই,
শ্রম দিয়েছিল সে যে তব দুখ হেতু।
পিতা মোর মনোযোগে অধ্যয়ন-রত,
এবে ঘণ্টা ত্রয় নাহি তাঁহা হ'তে ভয় ;
মিনতি আমার, ওহে, লভহ বিরাম।
দেবী মোর, অতি প্রিয় মোর,
রবি যাবে অস্তাচলে তা'র পূর্ব্বে
সম্পাদনে না হ'ব সক্ষম।
সেই হেতু করিতেছি এ হেন উদ্যম।
বস যদি ক্ষণ কাল,
বহি আমি ততক্ষণ তব কাষ্ঠ-ভার :
মিনতি আমার, দাও উহা মোরে ;
লয়ে যাই যথা' আছে স্তূপ।

ফা। নহে, নহে, অমূল্য রতন ;
শ্রেয়াংশে করিব ছিন্ন মোর তন্ত্রীচয়,
পৃষ্ঠদেশ করিব শতধা, তবু তুমি নাহি
অসম্মান বহিবে এমতি,
যবে আমি র'ব আলস্যে বসিয়া।

মি। আমারেও শোভিবে তদ্রূপ
যথা ইহা শোভিছে তোমারে :
কত অনায়াসে আমি ইহা সম্পাদিব .
মন আমার এই কর্ম্মে অনুরক্ত,
তব মন বিরুদ্ধ ইহার।

প্র। আহা তুচ্ছ কীট, মজিয়াছ তুমি।
তব আগমন ইহা প্রদর্শিছে।

মি। বোধ হয় ক্লান্ত তুমি অতিশয়।

ফা। না ; দেবী মহিমময়ী . শর্ব্বরীও হয় যদি
আর তুমি রহ পার্শ্বদেশে,
মোর পাশে ধ্রুব তাহা,
নবোদিত ঊষাকাল চিত্তপ্রাপ্তিহর।
মিনতি আমার—বিশেষত প্রার্থনার কালে
যাহে নিয়োগে সক্ষম হই—
কহ কি নাম তোমার ?

মি। মিরাণ্ডা -হায় জনক আমার,
ভাঙ্গিলাম তবাদেশ কহিয়ে এরূপ।

ফা।   বিস্ময়জনক মিবা !
বাস্তবিক বিস্ময়েব পবাকাষ্ঠা ।
মূল্য যা'ব বসুধাব সর্ব্ব সম্পদ স্বরূপা !
হেবিয়াছি বহু নাবী সাধ্যমত অনুবাগ ভবে ;
অনেক সময়ে শ্রুতিসুখকর স্বব-মাধুবী তাহাদেব
অতি অগ্রসব শ্রবণে আমাব
শৃঙ্খল পবায়েছিল :
ভিন্ন গুণাবলী হেতু ভিন্ন ভিন্ন কামিনীবে
মনে স্থান দিয়াছিনু ; সমগ্র চিত্তেব সনে
কভু নহে কা'বে ; কোন অসম্পূর্ণতা,
উৎকৃষ্ট লাবণ্য সনে বিবোধী হইয়ে,
পূর্ব্বভাব বিনষ্ট কবিয়া দিত :
কিন্তু মবি মরি তুমি, এত পূর্ণ, এত অতুলন,
তিলোত্তমা হয়েছ সৃজিতা,
তিল তিল লয়ে সকলেব !

মি।   নাহি জানি স্বজাতীয়া কোন ,
মনে নাই নাবীমুখ, বিনা নিজ, হেবি যাহা মুকুবেতে,
নাহি হেবি ইহা ভিন্ন যা'বে কহি নব,
বিনা তুমি হে বান্ধব, আব প্রিয় জনক আমাব :
জ্ঞানহীনা, মহীতলে মানব কিরূপ ;
মণি মোব, পবম যৌতুক, মম লাজেব শপথ,
তোমা বিনা অন্য সাথী ভুবনে নাহিক সাধ,

বিনা তব মুখ, অন্য কোন রূপ
কল্পনা কল্পিতে সমর্থ নয়, ধরে যাহা মনে।
কিন্তু উন্মাদিনী প্রায় কত কহিতেছি কথা,
বিস্মৃতা হইয়ে তথা পিতৃ উপদেশ।

ফ। মিরা, পদ-গৌরবেতে আমি এক যুবরাজ,
বুঝি অধিপতি, ইচ্ছা করিনা তদ্রূপ।
নাহি সাধ সহি হেন কাষ্ঠবাহী দাস পদ,
যথা ছার মক্ষিকায় নাহি দিব
উড্ডীন হইতে মোর অধরোষ্ঠ 'পরে।
শুন মোর অন্তস্থল কহিতেছে কথা
যে মুহূর্ত্তে হেরিয়াছি নয়নে তোমারে,
পলায়েছে হৃদি মোর তোমার সেবায়,
করে বাস তথা' সেই কর্ম্মে কৃতদাস
তব হেতু হেন ধীর কাষ্ঠবাহী দাস।

মি। আমাকে কি ভালবাস?

ফ। দেবলোক, মর্ত্ত্যলোক, সাক্ষ্য বহ সবে
কহিতেছি স্বরূপ কথন, সত্য যদি সে বচন,
ক'র আশীর্ব্বাদ ঘটে যেন শুভ ফল।
যদ্যপি কপট, নিখিল প্রসাদ মোর
শাপ রূপে ক'র রূপান্তর।
তুমি বিনা ভূমণ্ডলে সকলি অসার,
সীমাহীন তোমারে সম্মান করি,

হৃদে ধরি, ভালবাসি।

নি। বোধহীনা কাঁদিতেছি যাহে হর্ষ হয়।

প। সুন্দর মিলন দুই অপূর্ব্ব স্নেহের।
স্বরগ হইতে কৃপা হ'ক্ বরষিত,
যবে প্রজাপতি দুই জনে করিবে মিলিত।
কাঁদ কি কারণে ?

নি। ভেবি মম অযোগ্যতা,
প্রস্তাবিতে না সাহসে চাহে যাহা প্রদানিতে,
দান করে না পারে লইতে,
অভাবে যাহার প্রাণনাশ ঘটিবে তাহার।
যত চায় লুকাইতে, আয়তনে তত বৃদ্ধি হয়,
কিন্তু ইহা কিছু নয়। চলে যাও লাজের বাঁধন,
বল দাও কহি অকপট বিশুদ্ধ সরল ভাষা।
আমি পত্নী তব বিবাহ করিলে মোরে,
না করিলে, মরণ অবধি দাসী :
সঙ্গিনীর পদ অস্বীকার করিলে করিতে পার,
কিন্তু দাসী তব, লও আর নাহি লও।
দেবী মোর, প্রাণেশ্বরী ;
ভক্ত তব অনুগত চির।

ম পতি মম তবে ?

ফা। হাঁ ; হৃদে লয়ে সেই ব্যাকুলতা
সাথে যথা চিরদাস চির-স্বাধীনতা :

লহ মম কর।

মি। এই লহ মোর, হৃদয় তাহার সাথে :
এবে বিদায় গ্রহণ করি অর্দ্ধ ঘণ্টা তরে।

ফা। বিদায়, বিদায় !

(ফার্ডি ও মিরার ভিন্ন ভিন্ন দিকে প্রস্থান।)

প্র। মোরে না সম্ভব হয় ইহাদের সম,
তাহে এরা বিস্ময় আপ্লুত,
হেন বস্তু নাহি কিন্তু
যাহে মম ইহাপেক্ষা হর্ষ উপজিবে।
যাই এবে অধ্যয়নে, অবশিষ্ট বহু কার্য্য
ভোজনের পূর্ব্বক্ষণে সম্পন্নিতে হবে।

(প্রস্থান।)

দ্বিতীয় দৃশ্য।

দ্বীপের অপর পার্শ্ব।

(ক্যালিব্যান, ষ্টিফানো ও ট্রিন্‌কুলোর প্রবেশ।)

ষ্টি। কিছু বলোনা আমায়, পিপেটি খালি হ'বে, তখন খচ্ছি জল; তা'র আগে এক ছিটে নয় : এখন চালাও পান্‌সি, ধর চেপে। ওরে গোলাম্‌-বিথুর, এক পাত্তর চালা।

ট্রি। গোলাম্‌-বিথুর ! দ্বীপটা বেবাক্ বেকুফ্। বলছে দ্বীপে

পাঁচটা প্রাণী : তিন জন এই ; আর দুটর মগজের হাল্ আমাদের মত হয় যদি, এ সাম্রাজ্যি টল্মল্।

ষ্টী। চালা, গোলাম্-বিথুব, যখন আমি বল্ছি চালা : তো বেটার চোখ্ যেন মাথার ভিতর বসে গেছে।

ট্রি। না হ'লে বস্বে আর কোথা'? সে দুট ল্যাজে যদি বসত, একটা মন মজান বিথুব হ'ত।

ষ্টী। নফর বিথুব বা টি মালে চুবিয়েছে : আমাকে ত বাপ্, সমুদ্দরও ঘোল খেলে. জমি নাগালের আগে, সাঁতরান গেল, পাঁচ সাত্তে ত্রিশ যোজন কম বেশ্। এই ঝুরুলুসির কিরে, বিথুব, তোকে বানাব দফাদার, না হয় ত ধ্বজী মোর।

ট্রি। যদি কথা শোন, বানাও ওই দফাদার, ও ধ্বজী গোছ নয়।

ষ্টী। মাষ্টার বিথুব, টেনে দৌড় দিব না বাপ।

ট্রি। কদম কদমও নয়, কুপো গড়া'বে, তা' হ'লেও বিশেষ কিছু পড়া হ'বে না।

ষ্টী। চাঁদের ছানা, বদনের কথা একটা খসা বাপ্ ধন, চাঁদের মত ছানা হও যদি।

ক্যা। চন্দ্রের মর্জি খুস্? চাট্ব তোমার সুকতলা। খাট্ব না ক ওর, ওটা নয় যে বোকাল।

ট্রি। এক দম্ ঝুটি বাত, গাওয়ার্ বিথুব : যা' অবস্থা আছে একটা লাল্ পাগ্ড়ি ঘাল্ করি। ওরে, বেহেঁট্ মচ্ছি-অবতার, বেটা, আজকের দিন যে মাল্টা লুসেছি তা'তে তরাসে কেউ আর

থাকে? তুই একটা কি বৈথুবিক ঝুট্ বলিস্, বেটা আধ্লা মেছো আধ্লা বিথুব?

ক্যা। দেখ না, ওটা ভেঙ্গায় মোকে। জনাব, দেবে কর্ত্তে ওরে?

ট্রি। 'জনাব' বলে না কি। বিথুব আবাব থাস্তা এত।

ক্যা। দেখ না, দেখ না, ফেব্। পায়ে পড়ি. কাম্ড়ে ফেল মেবে।

ষ্ট। ট্রিন্কুলো, মুয়ে জিভ্ ঠিক বাথ্: যদি দাগ্ড়া হ'স্—লট্‌কে দিব আগ্ ডালে। বিথুব বেচাবি বেযৎ আমাব খেস্সা হ'তে না দেওযা যা'বে।

ক্যা। সেলাম্ আমাব মস্ত জনাব। মবজি হ'লে শুন্‌বে কি ফেব আর্জি যে'টা জানিয়েছি।

ষ্ট। আলেবাৎ, শুন্‌ব: কুর্ণিশ কব্ ফিবে কিস্তি বল, আমি দাড কাব্দিক, ট্রিন্কুলোও তাই।

(অদৃশ্যভাবে এবিয়লেব প্রবেশ।)

ক্যা। যেমন আগে বলেছি, তাঁবে আমি জুলুমবাজেব, সে একটা ভূতুড়ে, চালাক্ কবে ঠেঙ্গে আমাব দ্বীপটে নিলে ভূগিযে।

এবি। তেবা ঝুট্।

ক্যা। তেবা ঝুট্, মুখ-ভেঙ্গান বাঁদব ওবে: ইচ্ছে কবে বোকা হুজুব জানে মাবে তোবে। ঝুট্ না বলি।

ষ্ট। ট্রিন্কুলো, ফের্ যদি তুই গপ্পব সময় দিক্ কবিস ওবে,
এ হাতেব কিবে, গোটা কত তোব দাঁতেব পাটী,
কিলিয়ে দিব সেবে।

ট্রি বা', আমি বলিনি কিছু।

ষ্টী। তা' হ'লে, ঠোঁটে ঠোঁট্, আর নট্ কিচ্ছু। ব'লে যা।

ক্যা। বল্‌ছি আমি, ভুতুড়ে চালে ঠেঙ্গে নিলে দ্বীপটে গোটা এই;
হজুর যদি মস্তাজিব্ দাদ্ নাও তা'র যেমন তেমন,—
জানি আমি ঝাঁক্‌তে পার তুমি, কিন্তু এইটের ছাতি
হ'বে না,—

ষ্টী। সেটা বহুত সাচ্চা।

ক্যা। হ'বে তুমি জনাব হুজুর আমি বান্দা হুজুরের।

ষ্টী। এটা ফতে করা যায় কি ক'রে? পারিস্ নিতে মোকে,
সে কম্‌বক্তের কাছে?

ক্যা। ইয়া, ইয়া, জনাব: দিবে দিব ঘুমন্ত,
পার্ব্বে দাব্‌তে খুলিতে তা'র পেরথ্ একটা সাজন্ত।

এরি। তেরা ঝুট্; কাম্ নেহি তেরা।

ক্যা। এটা কি বাউলে কাথা নীলমণি।
ওরে কুড়্‌কিষ্টি ভাঁড়্ দস্ত।
জোড় হাতে কই বড় হুজুর, বন্দা ঝাড় ক'সে
আর কাছ থেকে ওর বোতল নাও কেড়ে:
সেটা গেলে উড়ে, পাঙ্গা ছাড়া আর পা'বে না কিছু;
দেখা'ব না ত কোথায় আছে মিঠে জলের গইড়্।

ষ্টী। ট্রিনকুলো, আর চুল্‌কে বরণ তুলিস্‌নে:
বিথুরের এত্তালাটা আর একটি কথা ভেঙ্গেচিস্ কি,
হাতের কিরে, সরিয়ে নেব নেক্ নজর্,

আব ছিঁচ্ব তোকে শুঁট্কি মাছেব মত।

টি্ । কেন, কি কবেছি ? কিছুই কবিনি।
ভাল, যাই স'বে আবও দূবে।

ষ্টী। বল্লিনি ঝুট্ ওব বাত্ তুই ?

এবি। তেবা ঝুট্।

ষ্টী। তবে বে ক্যাওট্ ? লে এই চোট্। সামলে বাট,
বলিস্ তখন মেবা ঝুট দোস্বা দফে।

(টি্ন্কুলোকে প্রহাব।)

টি্ন্। আমি বলিনি তেবা ঝুট্। আক্কেলেবও নাইক হায়া, তোব কানেব দফাও গয়া ? আব তোব বোতল কচু পোড়া। খাটি, স্যাওয়েটেব কামই এই। আব তোব বিথুব শীতলা ধরুক, আব তোব মুটো পেতি পা'ক্।

ক্যা। হাঃ, হাঃ, হাঃ।

ষ্ট। এখন, তোব গল্প চালা। শোন্, কেংলা, তফাৎ ব খাডা।

ক্যা। ধোবি-পাট্ আচ্ছা ঝাড: একটু পবে আমিও দিব বেধড়ক্।

ষ্টী। তফাৎ বও খাড়া। আও, চালাও।

ক্যা। এই বল্ছিনু যা', ধাঁজা এটা সে, সাঁঝ্ সন্ধ্যেয় বিছানা সই
সেই ঘবেব ভিতব চট্কে দিও তা'ব মগজেব ঘি,
গোড়ায় হাতিয়ে নিয়ে পাঁজি পুঁথি,
ডাণ্ডা দিযে ফেল থুড়ে মাথাব খুলি তা'ব,

নয় ত ধস্‌কো ভুঁড়ি কাঠের রলা দিয়ে,
নয় ত টুঁটি চাকু চালিয়ে টুক্‌রো টুক্‌রো ক'র।
ভুল না যেন হাতা'বে গোড়ায় পাজি পুঁথি গুল,
পাঁজি ছাড়া ন'ড়ে ভোলা, আমারি মতন,
তখন একটা পরী মান্‌বে না :
তা'রা সব ঘেন্না করে শেকড় গেড়ে আমারি মতন।
খালি জ্বালিয়ে দিও পুঁথির ডাঁই।
আছে খাসা তৈজস কত,—ওইটে মুয়ের কথা তা'র,—
সাজ্‌ সাজাবে সে গুল সে, মোকাম হ'লে তা'র।
আর একটা জিনিস্‌ খুব তলিয়ে সমঝ্‌ কর্ত্তে হ'বে,
সেটা হচ্ছে মেয়েটার তা'র খোড়াল গোছের চেহারাটা,
কমবক্তা বলে তা'কে অতুলনীয়া :
মানুষ মাদী আমি দেখিনি,
ছাড়া সিকোর্যাক্স্‌ মোর মা, আর এই ভুতুড়ের ছা,
কিন্তু সেটাকে এটা ছাপিয়ে যায় ছোট্‌টায় যেমন বড়টা।

স্ট। খাসা এখন মেয়েটা ?

ক্যা। হাঁ, জনাব ;
তোমার শেযে মানায় তা'কে, ঠিক কইচি এটা।
বাচ্চা দেবে সাবাস্‌ মরদ ঝাঁক্‌।

বিথুব,
পাঠা'র এই লোকটা যমের দক্ষিণ দোর্‌টা :
তা'র মেয়েটা আর আমি হ'ব রাজা আর রাণী,

—কর্ জয় ধ্বনি !—টিন্কুলো আর তুই হ'বি লাট ।
টিন্কুলো, পছন্দ তোর এ প্লট্ ?

টি। চমৎকার।

ষ্টী। আচ্ছা, হাতে হাত্ লাগাও : তোমায় ঠেঙ্গেরেচি, বাবা, নাচাব ; কিন্তু, চাচা, বাচ বে ক দিন, মুখের মধ্যে জিভ্ টে বেখ মোলাম।

ক্যা। আর আধ ঘণ্টার ভিতরেই ঘুমুবে সেটা বড়র বড়র : সাবড়াবে কি তখন তা'কে ?

ষ্টী। আলেবাং, মোর পায়ার কিরে।

এ'রি। এটা বলতে হচ্ছে হুজুরেরে।

ক্যা। কল্লে আমার মেজাজ ঠাণ্ডা ; আহ্লাদে প্রাণ আট খানা।
ফুর্ত্তি করা যা'ক্ : ধত্তা হ'য়ে ধর্ব্বে না কি—
শাবি যেটা সেই বাত্লেছিলে এই একটু আগে ?

ষ্টী। আবদার করিস যদি, বিথুর,
স্থায্য মত চাইবি যা', কর্ব্ব আমি তা',
টিনকুলো, এস হে, গীত যোড়া যাক্ এস হে।

গীত।

কর ফুক্কুড়ি আর সুকুড়ি,
কর সুকুড়ি আর ফুক্কুড়ি :
দেল্ মেরা বে পরোয়া।

ক্যা। এ ত সেটা নয়। (এরিয়লের বীণা ও বংশীবাদন।)

ষ্টী। এটা আবার কি ?

টি। এইটা হচ্ছে সাবিব তান, বাত্লাচ্ছেন 'কেউনা-ম'শয়।'
ষ্টী। মানুষ যদি হও, চেহাবা সমেত দেখা দাও :
হও যদি ভূত বোঝ গে যেমন মৌজ।
টি। গুরু দয়া কব, মাফ্ কব পাপ।
ষ্টী। ম'লেই গেল ফুবিয়ে যা'ব যত ধাবি :
তোয়াক্কা তোনাব না কবি।
ও বাবা, এখন কি কবি কি কবি।
ক্যা। ডবিয়ে উঠ্লে তুমি ?
ষ্টী। না বে, বিশুব, না, আমি যে সে ছেলেই না।
ক্যা। ডব্ না কব , এই দ্বীপটে তামাম্ পোবা,
গুম্গুমুনি হাম্হুম্নি ঘিনি ঘিনি ঘিনি ঘিনি,
তব্ বেতব তান, মজা হয মন্দ কবে না ত।
কখন হাজাব হাজাব চ্যাঁ ভোঁ ওলট্ পালট্ কাণ্ড,
আব কখন কেমন ডাকন,
খুব ঘুমিয়ে উঠ্লে পবেও ঘুম পাডান ত্তন :
স্বায়লা দেখি সেই সময়ে,
মেঘা যেন চিড়্ খেয়েছে,
দেখায় মোকে ধন দৌলত পড়্ল ঘাডে মোব,
চেত্লে পবে, ডুক্‌বে উঠি, স্বায়লা দেখ্তে ফেব্।
ষ্টী। মজাব বাজ্যি আমাব হ'বে, গাওনা মিল্‌বে কড়ি বিনে।
ক্যা। প্রস্পেবো ম'লে প্রাণে।
ষ্টী। সেটা হচ্ছে ক্রমে ক্রমে : তোব গপ্প না যাই ভুলে।

ট্রি। তানটা যাচ্ছে চলে,
এস পেছু পেছু যাই, পিছে হ'বে কাম্ সাফাই।

ষ্টী। আগে আগে চল্, বিথুব ; মোবা পেছু ধাই।
ইচ্ছে কবে বাজন্দাব্‌টা দেখ্‌তে একবাব পাই,
বাগ্যিটা খুব চালিয়েছে। আস্‌ছ ত হে ভাই ?

ট্রি। আমি ষ্টীফানোব পিছে যাই।

(প্রস্থান।)

তৃতীয় দৃশ্য।

দ্বীপেব অপবাংশ।

(এ্যালঞ্জো, সিবাষ্টিযন্, এ্যাণ্টোনিও, গঞ্জালো, এ্যাড্রিযান্, ফ্রান্সিস্কো ও অন্যান্যেব প্রবেশ।)

গ। মহাবাজ, দেবীব শপথ, চলিতে পাবি না আব,
এ বৃদ্ধেব অস্থিচয চূর্ণ হ'যে যায :
গোলকধাঁধাব মত চলিনু কতই পথ,
বক্র ঋজু বৃত্তাকাবে অনন্ত উন্মার্গ।
যদি অনুমতি হয়, লভিব বিবাম।
ইহা মোব প্রযোজন।

এ্যাল। হে বৃদ্ধ সচিব, দূষিতে পাবি না তোমা,
স্বয়ং হতেছি খিন্ন অতি ক্লান্তিভবে,
মনভাব অবসন্ন : বস, কব হে বিশ্রাম।
আব আশা বাখিব না বৃথা চাটুবাদী :

কুমার মজ্জিত যোবা বৃথা খুঁজি ঘুরে,
সিন্ধু উপহাসে হেরি' স্থল অন্বেষণ।
ভাল, তা'রে যেতে দাও।

এ্যাণ্টো। (জনান্তিকে) আমি অতি আনন্দিত এইভাবে
আশা ত্যজিলেন। এক অন্তবায় হেবি'
উদ্দেশ্য ভুল না কৃত-সঙ্কল্পিত যাহা।

সি। (জনান্তিকে) পরবর্ত্তী সুযোগেবে ল'ব পূর্ণভাবে।

এ্যাণ্টো। (জনান্তিকে) অদ্য নিশীথেই তাহা ; কাবণ,
এবে এঁরা প্রপীড়িত ভ্রমণ-ব্যথায়,
না বাখিবে, পাবিবেনা ল'তে সতর্কতা,
ভ্রমণ-বিরত হ'লে কবিত যদ্রূপ।

সি। (জনান্তিকে) তবে অদ্য নিশাযোগে :
কথা আব নয়। (গম্ভীর ও অপূর্ব্ব সঙ্গত।)

এ্যাল। কিবা এই যন্ত্রধ্বনি? শুন বন্ধুগণ।

গ। অপূর্ব্ব মধুর তান!

(উদ্ধে অদৃশ্যভাবে প্রস্পেবোর প্রবেশ। চর্ব্ব্য চোষ্য ভোজ্যাদি
সমভিব্যাহারে কামরূপীগণের প্রবেশ ; ভদ্রোচিত ও
সম্মানসূচক হাবভাব প্রদর্শনান্তর আহার্য্য দ্রব্যাদি
বেষ্টন করত নৃত্য ও নৃপতি প্রভৃতিকে আহ্বানার্থ
নিমন্ত্রণ করণান্তর অন্তর্দ্ধান।)

এ্যাল। দেবগণ, কৃপা করি' রক্ষ আমাদের!
এ সকল কি?

সি। সজীব পুতলি নাচ। ইউনিকর্ণে এবে
বিশ্বাস স্থাপিব, আব বিশ্বাসিব
আববে আছয়ে তরু, ফিনিক্সেব সিংহাসন,
ফিনিক্স্ একক তথা' এই দণ্ডে বর্ত্তমান।

এ্যান্টো। বিশ্বাস কবিব উভয,
অবিশ্বাস্য যত কাণ্ড, হও উপস্থিত,
শপথ কবিব কহি' সত্য সে সকল :
পর্য্যটকে মিথ্যা কভু নাহি কহে,
মূর্খ যাহে গৃহে বসি' কবে দোষাবোপ।

গ। নেপলসে বিববণী কবিলে প্রকাশ,
হইবে কি আস্থা তাহাদেব ? কহি যদি,
হেবিযাছি দ্বীপবাসী,—সুনিশ্চিত এবা বহে এই দ্বীপে,—
যাহাদেব, যদ্যপিও বিধ্ব-আকৃতি,
তব কি আশ্চর্য্য ব্যবহাব, ভদ্রোচিততব
মনুজ সন্তান জিনি' প্রাযত সাক্ষাৎ হয়,
সেইরূপ কেহ নাহি কহিলে অত্যুক্তি নয।

প্র। (জনান্তিকে) সাধু অমাত্য, কহ স্বরূপ কথন,
তোমাদেব মধ্যে স্থিত কতিপয জন
যা'বা প্রেতেব অধম।

এ্যাল। এ হ'তে বিস্ময়কব আব কি হইতে পাবে।
এই আকৃতি সকল, হেন হাব ভাবে,
হেন শবদ প্রয়োগে, প্রকাশিছে পূর্ণ মনোভাব

ভাষাব অভাব যদি, একরূপ
চমৎকাব মূক আলাপন যেন।
প্র। (জনান্তিকে) আগে ভাগে এত খ্যাতি নহে যে উত্তম।
ফা। হ'ল অন্তর্হিত বিস্ময়জনকরূপে।
সি। ক্ষতি নাই, যবে গেছে আহার্য্য ত্যজিয়া,
হয়েছে জঠব জ্বালা। প্রসন্ন হইযা নৃপ
অবস্থিত যাহা হেথা' কব আস্বাদন।
এ্যান। আমি নহে।
গ। বাস্তবিক মহাবাজ, ত্রাস নিবর্ত্তক।
যবে শিশু ছিনু, বিশ্বাস কবিত কে
যে পার্ব্বত্য মানব আছে যাহাদেব
গলগণ্ড বলীবর্দ্দ মত, কণ্ঠ হ'তে থলি থলি
মাংস বিলম্বিত? কিম্বা একপ মনুষ্য আছে
যাহাদেব শিবোদেশ বক্ষস্থলে স্থিত?
এবে দেখিবাবে পাই যাথার্থ্য ইহাব
প্রতি দ্যূতকব একে পঞ্চ পণ বাখি'
অনায়াসে তাহা জিনি' লয়।
এ্যাল। তবে আবম্ভি আহাব,
যদ্যপিও ইহা মোব শেষ কর্ম্ম হয়;
ক্ষতি কোন নাহি হ'বে, যে হেতু
অনুভবি জীবনেব সাব ধন গত।
ভ্রাতঃ, ও মান্য সামন্ত নৃপ, হও বত

ও কবি যথা কব সেইরূপ।

(বজ্রধ্বনি ও বিদ্যুৎ প্রকাশ। বিস্থাধবরূপে এবিষলেব প্রবেশ
মেজেব উপব পক্ষ তাডনা ও বিচিত্র কৌশলে
আহার্য্য দ্রব্যাদিব তিবোধান।)

এবি। পাপী তিন জন, এই লোক অধঃস্তন,
ও যাবতীয় বস্তু ঘন ও কভু তৃপ্ত
নহে সিন্ধু সদা লেলিহান,
যন্ত্রমাত্র সে সকল দৈবের বিধানে,
তোমা সবে এই দ্বীপে কবে উদ্গীবণ,
যথা নবে নাহি কবে বাস, কাবণ,
মানব সমাজে মানবেব প্রায়,
যাপিবাবে আয়ুকাল অযোগ্য তোমবা।
কবিযাছি বায়ুগ্রস্ত সবে,
তোমাদেব অনুরূপ সাহসে নিভব কবি'
নবগণ উদ্বন্ধনে আত্মহত্যা কবে
বা জলে ঝম্প দিযা মবে।

(এ্যাল, সিবা প্রভৃতিব অসি উন্মোচন।)

নির্ব্বোধেব দল। আমি ও আমাব সঙ্গীগণ
প্রাবন্ধেব অনুচব : অসি তব যে ধাতু নিৰ্ম্মিত,
পাবে যথা আঘাতিতে শব্দিত পবন,
প্রতি কর্ত্তনে তাহাব বধিতে সমর্থ বাবি,
যাহা সে কর্ত্তন তুচ্ছ কবি' নিমেষে যোজিত হয়,

তথা খর্ব্বে অসমর্থ এক অনু মোর পক্ষ হ'তে :
সহচরগণ পূর্ণ অভেদ্য তাদৃশ।
আঘাতে যদি বা শক্ত,
তব শক্তি তুলনায় অসি গুরুভার এবে,
উত্তোলিতে তাহারে নারিবে।
রাখিও স্মরণ—সেই মম কর্ম্ম তব পাশে—
তোমরাই তিন জন সাধু প্রস্পেরোয়
(প্রতিশোধ লয়েছে সে)
মিলান্ হইতে তাঁ'রে কর নির্ব্বাসিত;
ভাসাও অর্ণবে, তাঁ'রে ও নির্ব্বিরোধী
শিশু কন্যাটিরে : সেই দুষ্কর্ম্মের হেতু,
দৈব শক্তি বিলম্বিয়ে, নহে বিস্মরিয়ে,
উত্তেজিত করেছেন সিন্ধু ও সৈকত,
কিমধিক, যাবতীয় স্থাবর জঙ্গম,
আচরিতে তব বিপক্ষতা।
এ্যালঞ্জো, তনয়ধ্বংস তাঁ'র কৃতকর্ম্ম;
প্রচারেন মম মুখে তিল তিল নরক-যাতনা,
আকস্মিক মৃত্যু হইতে দুঃসহ,
পদে পদে র'বে সাথে বা প্রতি কার্য্যে
তব সহযোগী; সেই দেবরোষ হ'তে
যদি চাহ পরিত্রাণ—নহে, পতিত হইবে তাহা
দ্বীপে জনহীন, তব শিরোদেশে স্থির—

কর প্রাণ ভরি' অনুতাপ ও রাখ
ভবিষ্যৎ জীবনেরে কলঙ্ককালিমাহীন।
(বজ্রধ্বনি, তন্মধ্যে এরিয়লের অন্তর্দ্ধান; কোমল যন্ত্রধ্বনি
যোগে কামরূপীগণের পুনঃ প্রবেশ, বিদ্রূপাত্মক
নৃত্য ও মেজ গ্রহণান্তর প্রস্থান।)

প্র। মোর এরিয়ল্, এই অপরূপ বিহ্যাধর ভূমিকায়,
করেছ হে সুন্দর অভিনয়,
গলাধঃকরণ কার্য্য কর সুকৌশলে:
মম উপদেশ মত ব্যক্তব্য তোমার
কোন অংশে নাহি ত্যজ,
প্রকৃত ঘটনা মত, ও সত্য মোর উপদেশ মত,
অন্য অধঃস্তন ত্রিশরণ ভিন্ন জাতি অংশচয়,
সুন্দর রূপেতে তা'রা করেছে সাধন।
মোর শক্তিমান মোহ-মন্ত্র কার্য্যকরী,
বৈরিগণ পূর্ণ হতাশে উন্মাদ,
তা'রা মোর শক্তির অধীন,
এই অবস্থায় ত্যজি' ইহাদের,
যাইব দেখিতে এবে যুবা ফার্ডিনাণ্ডে,
যা'রে নিমজ্জিত কল্পিছে ইহারা,
যাই দেখি তা'র ও আমার সুপ্রিয়ে।
(উর্দ্ধ হইতে প্রস্থান।)

গ। কহি যাবতীয় পবিত্র শক্তিরে স্মরি',

মহারাজ, অনিমিষ নেত্রে কি হেতু দাঁড়ায়ে ?

এ্যাল। 　　ওহো, ইহা বৈথুবিক, বৈথুবিক।

মনে হ'ল মহোর্ম্মি সকল গরজিয়া কহিল সে কথা,

স্বনিল অনিল কর্ণে, অশনি গম্ভীর

ভয়ঙ্কর মহাযন্ত্র ধ্বনি, নিনাদিল প্রস্পেরোর নাম :

মৃড মৃড স্বরে প্রচারিল মোর অত্যাচার।

সেই হেতু কুমার আমার

বিজপিল জলধির তলে শয্যাশায়ী,

আর আমি সন্ধানিব গভীরতর দেশে,

যথা কভু সূত্রযন্ত্র পরিমাণ করে নাই,

তা'র সাথে কর্দ্দমে নিহিত তথা' র'ব।

(প্রস্থান।)

সি। 　　একে একে এস দৈত্য,

যুঝিতে প্রস্তুত আমি তোমাদের দৈত্য চমু।

এ্যাণ্টো। 　　আমি সহকারী তব।

(সিবাষ্টিয়ন্ ও এ্যাণ্টোনিওর প্রস্থান।)

গ। 　　তিনজন হয়েছেন হতাশে বিক্লব :

ইহাদের মহাপাপ, প্রদত্ত বালুক সম

কার্য্যকরী হইতেছে বহুকাল পরে,

আরম্ভিছে দংশাতে আত্মায় এবে।

করি অনুনয় আছে যাহাদের দেহ-সন্ধি

নমনীয়তর, শীঘ্র শীঘ্র অনুসর

হও অন্তবায কর্ম্মে যাহা এই
আকস্মিক মনভাব প্রবর্ত্তে সক্ষম।

এ্যাড্রি। অনুসব, এ মিনতি।

(প্রস্থান।)

চতুর্থ অঙ্ক।

প্রথম দৃশ্য।—প্রস্পেরোর গুহা-সম্মুখ।

(প্রস্পেরো, ফার্ডিনাণ্ড্ ও মিরাণ্ডার প্রবেশ।)

প্র। তোমাকে যদ্যপি দিছি নিদারুণ পীড়া,
লভ্য তদনুরূপ তব, কারণ দিতেছি তোমায়
মম জীবনের সূত্র এক : তা'রে পুন বাধি তব করে ·
যত কিছু কষ্ট তব সে কেবল পরীক্ষামাত্র তব প্রণয়ের,
তুমি তাহা সসম্মানে উত্তীর্ণ হয়েছ :
দেবগণে সাক্ষী করি', অর্পিলাম মহামূল্য দান।
ফার্ডিনাণ্ড্, হাস্য নাহি কর,
শুনি' হেন গর্ব্ব করিতেছি তা'র, তুমিই দেখিবে
অতিক্রমি' বহু দূর পশ্চাতে স্থাপিবে
সে যে খ্যাতি অচঞ্চল।

ফা। বিশ্বাসি সে কথা দৈববাণী বিপরীত যদি।

প্র। অনন্তর, মোর দানরূপে ও স্বআয়াস লভ্যরূপে
বহু যোগ্যতায় লব্ধ, লহ মোর তনয়ারে :
কিন্তু যদি ছিন্ন কর কন্যাবন্ধন,
যত দিন নাহি হয় সর্ব্বত : ও পবিত্র
যাবতীয় বৈধ সংস্কার, মঙ্গল আশিস্

দেবগণ নাহি বর্ষিবেন করিবারে এ বন্ধন
পুণ্যনিকেতন; কিন্তু ঘৃণাজাত বন্ধ্যাভাব
নয়নের শূল, মনের মালিন্য ও কলহ তুমুল,
পতিপত্নীশয্যা তব ছাইয়া ফেলিবে
কণ্টক সমান, এত ন্যক্কারজনক
যে ঘৃণা হ'বে উভয়ের : সেই হেতু সাবধান,
যত দিন প্রাজাপত্য হোমশিখা সুখী নাহি করে।

ফা। যথা আশা জীবিত কাল শান্তিময়,
সুন্দর তনয় দীর্ঘ জীবন সময়,
লভি' এবে হেন প্রেম, রজনীর অন্ধকার,
সুবিধার স্থান, বলবতী ইচ্ছা অতি
কু প্রবৃত্তি যাহারে জাগায়, কভু দ্রব
করিবে না সম্মান আমার কামলালসায়,
করি' বিদূরিত সেই সংস্কার দিবসের
তীক্ষ্ণধার আনন্দ অপার, বিস্খলিত পদ
যবে অনুমিত হ'বে অরুণ-তুরগ,
কিম্বা নিশা শৃঙ্খলিতা অতলের তলে।

প্র। কহেছ উত্তম। বস তবে, এর সনে কহ কথা;
এ তোমার নিজ জন। কোথা', এরিয়ল্।
মোর পরিশ্রমী অনুচর, এরিয়ল্।

(এরিয়লের প্রবেশ।)

এবি। প্রতাপশালী প্রভুর আমার আদেশ এবে কি ?
আছি উপস্থিত।

প্র। তুমি ও তব নিম্ন ত্রিশবণগণ,
গত কার্য্যটিরে নির্ব্বাহেছ যোগ্যরূপে,
নিযুক্তির কৌশলসাধ্য হেন কর্ম্মান্তরে।
যাও, লয়ে এস হেথা' দলবল,
প্রদানি তোমায় কর্ত্তৃত্ব তা'দের 'পরে,
আদেশ সকলে ত্বরা আ'সে এই স্থলে,
এই নবীনযুগল লোচনাগ্রে প্রদর্শিব
মোহবিদ্যা পরিচয় কিছু : বাক্যদান করিয়াছি,
উভয়েই আছে আশা করি'।

এবি। এইক্ষণে ?

প্র। হাঁ, চক্ষের নিমেষে।

এবি। কথা দুটি থম্‌বার আগে "এস" আর "যাও",
দম ফেলবে দুটি বার বলবে "সেরে নাও",
জনে জনে আস্‌বে তা'রা, পায়ের টিপে ভর,
হাজির হেথা 'হুম্‌কো হুম্ ভঙ্গী থরে থর্।
আমায় বাস ভাল না কি হাঁ প্রভু গো আমার ?

প্র। ভালবাসি, হে কৃশাঙ্গ এরিয়ল্ মোর।
এস না সম্মুখে যদবধি না শুন আহ্বান।

এবি। বেস, সন্ধি বুঝেছি। (প্রস্থান।)

প্র। দেখ বাক্যদান যেন সত্য হয়,

বিশ্রব্ধ আলাপে দিবে না হে অধিক প্রশ্রয় ঃ
বলবান শপথনিচয তৃণ মাত্র অন্তস্থ অনলে :
সংযম অধিকতব কব হে যতন,
নহে, তব শপথে বিদায।

ণা। মহাশয, কহি দৃঢ কবি ,
মোব তুষাব সন্নিভ শুভ্র কুমাব-জীবন,
বাখিবে সংযত শত বিপুব তাড়ন।

প্র। ভাল। এস এবে, মোব এবিষল।
'অধিকন্তু ন দোষায়', এক জন নহে অপ্রতুল ·
বঙ্গভূমে দেখা দাও, নিপুণতা সহ।
জিহ্বা নয। কেবলি নযন। চুপ।

(মৃত্বাস্থ।)

(আইবিসেব প্রবেশ।)

আই। শিবীশ্ , সর্ব্বসম্পদেব দেবী, তব ক্ষেত মল্যবান
যথা যব, গুঞ্জন, কলাই, গোধূম, আব ব্রীহি ধান ,
তব তৃণযুক্ত সানুদেশ, যথা' মেষপাল চবে,
সমতল ভূমি মেষশালা পূর্ণ পর্ণেব কুটিবে ,
তব তট পুঞ্জীকৃত কেতকী কুসুম কাশ বনে,
যথা' আষাঢেব ধাবা তবাদেশে সাজায যতনে,
হিমজা বারুণী বচে অমল-কিবীট , উপবন,
যা'ব ছায়াতল প্রত্যাখ্যাত নায়কেব বমাস্থান,
নায়িকা বিমুখ ; বিজড়িত—দণ্ড দ্রাক্ষাবন ,

বেলাভূমি, অনুর্ব্বর সুকঠিন শৈলরাজি ঘন,
যথা' তুমি সমীরসেবনরতা ; ত্রিদশের রাণী,
যাঁ'র সলিল মণ্ডিত চাপদূতী মোরে আমি গণি,
আদেশেন তোমা ত্যজি' সে সকল কর আগমন,
মহারাণী স্বশরীরে, তৃণভূমে লীলার কারণ,
আসিছেন : তাঁ'র শিখীগণ পক্ষ করি'ছে তাড়ন :
এস, শ্রীমতী বসুধা, কর তাঁ'র চিত্তবিনোদন।

(শিরীশের প্রবেশ।)

শিরী। 　জয় রঙ্গদূতী, বিচিত্রিত রঙ্গভরা,
অমান্য না কর কভু জুপিটর্ দারা ;
পীত পক্ষে তুমি মোর কুসুমনিচয়ে
শ্রান্তি দান মধুকণা বারি বরষিয়ে,
নমি' শ্যাম চাপ অন্ত পবাও কিরীট,
গুল্মরাজি আর মোর গুল্মহীন দিঠ্,
দর্পী বসুধার যেন মহামূল্য বেশ ;
কি কারণে মহাদেবী করেন আদেশ,
উপস্থিত হইবারে হইতে মিলিত,
এই ভূমে তৃণ শ্যাম যথা' বিরাজিত ?

আই। 　এক প্রকৃত মিলনক্ষণে গাহিবারে জয়,
বরি' অভীপ্সিত সুখ দম্পতি উভয়।

শিরী। 　ত্রিদিব ধনু, কহ, ভিনস্ কি তনয়,
জান যদি তাহা, মহাদেবীরে অর্চ্চয় ?

যদবধি ছলি' মোরে মসীবর্ণ কালে
তনয়া দিয়াছে মোর, আমি সে যুগলে,
মাতা বা সে অন্ধসুত কভু নাহি আর
কলঙ্কিত সঙ্গ করি শপথ আমার।

আই। মারে সঙ্গ তাঁ'র : উক্ত দেবী হেরিলাম
অভ্র ভেদি' চলি'ছেন পাফাঅস্ ধাম,
পুত্র ল'য়ে সাথে তাঁ'র কপোত বাহিত।
ছিল সাধ করি' হেথা' মোহে বিজড়িত
কুমার কুমারী, খেলেন বিকৃত খেলা,
শপথে আবদ্ধ তা'রা, না করিবে হেলা
যদবধি নাহি হয় লাজা বরষিত :
বৃথা সাধ ; মারের প্রেয়সী গরবিনী
প্রত্যাগতা হয়েছেন এবে মৌনী তিনি ;
বরট-প্রকৃতি সুত ভেঙ্গেছে সায়ক,
শরে নাহি কাজ ল'য়ে খেলিবে চটক,
এইরূপ দিব্য করি' কহিছে সকলে
বালক প্রকৃত হ'বে বালকের দলে।

শিরী। হের ওই আসিছেন ত্রিদশ-ঈশ্বরী,
মহাদেবী জুনো ; বুঝেছি সে ভঙ্গি হেরি'।

(জুনোর প্রবেশ।)

জুনো। কুশল ত কলাবতী ভগিনি আমার ?
এস সাথে বরি এই প্রেমফুল-হার,

দম্পতি মিথুন যেন হয় ভাগ্যবান
অপত্য জনম হেতু লভে লো সম্মান। (তাঁহাদিগের গীত।)

জুনো।   সম্মান, সম্পদ, সুখেব মিলন,
দীরঘ জীবন, ক্রম বরধন,
বিরাজিবে আর আনন্দ অপার
পলে পলে তব হ'বে অধিষ্ঠান!
এই লহ বব জুনো কবে দান।

শিরী।   ক্ষেত্রজাত বৃদ্ধি, শস্যাদি বিপুল,
গোলা কি খামার নহে অপ্রতুল,
পূর্ণ দ্রাক্ষাবন পক্ক গুচ্ছ ঘন,
ফলতরু শাখা আদি হ'তে মূল
গুরু ভারে সবে নিয়ত আকুল;

মধু ঋতূদয়ে হ'বে না ব্যত্যয়
কর্ত্তিত হইবে শস্য যে সময়!
তোমারে ত্যজিবে দারিদ্র্য অভাবে;
লহ লহ ওহে এই দানচয়
শিরীশ্ আশিস্ শিরীশ্ অভয়।

ফা।   সুমহান দৃশ্য ইহা, মন্ত্রবলে পর্য্যায়িত।
সাহসী হইয়ে পারি অনুমিতে
এরা সবে কামচর?

প্র।   কামচর, বিদ্যাবলে আকর্ষিত স্বস্থান হইতে,

সাধিবাবে উপস্থিত মোব অভিপ্রেত।

ফা। কবি বাস এই স্থানে যেন চিবদিন ;
দৈববল প্রাপ্ত পিতা মহা জ্ঞানবান
কবিতেছে এই স্থান অমবা সমান।

(জুনো ও শিবীশেব অনুচ্চ ভাষণ ও আইবিস্‌কে
কর্ম্মান্তবে নিযোগ।)

প্র। বৎস, এবে মৌন বহ !
জুনো ও শিবীশ্‌ সাবধানে গোপনে ভাষিছে ;
অবশিষ্ট আবও আছে : চুপ্‌, থাম,
নহে মোহমন্ত্র নষ্ট হয।

আই। জলদেবীগণ, হে নায়াদগণ, বক্র সবিত-বাহিনী,
শোভিতা শিবে লতা তন্তু হাবে খঞ্জন গঞ্জন চাহনি,
ত্যজি' তবঙ্গ নীব বিভঙ্গ বাথ অঙ্গ শ্যাম শস্পদেশ,
কব সত্বব দান উত্তব ; উজব জুনো কবে আদেশ :
বরুণানী সতী, এস ত্ববা গতি, কব আবতি সকলে
পবিত্র প্রণয় গাহ লো জয় ; প্রেমিকা যবে বঁধু মিলে।

(কতিপয় জলদেবীব প্রবেশ।)

বাখালগণ কজ্জলানন, আষাঢ় ধাবা শ্রমিত,
কর্ষিত ভূমি মর্ষিত তনু দুবি' পুলকিত চিত :
পর্ব্বদিন, সবব দীন কব শিব সবে শোভন,
বারুণীগণ লহ প্রতি জন মাত লাস্য নর্ত্তন।

(রাখালবেশী কতিপয় কামরূপীব প্রবেশ ; মনোরম নৃত্য করিতে করিতে জলদেবীগণের সহিত সম্মিলন ; সমাপ্তি সময়ে প্রস্পেরোর চমক, ও বাক্যকথন ; অনন্তব গম্ভীর, নিরলম্ব, ও পরস্পর-বিরুদ্ধ স্বর বাদ্য যোগে শোকাচ্ছন্নভাবে তাহাদিগের অন্তর্দ্ধান।)

প্র।　　(জনান্তিকে) পশু ক্যালিব্যান্ ও সহচর ষড়যন্ত্র
মম জীবন বিরুদ্ধে হয়েছি বিস্মৃত :
সে চক্রান্ত ক্ষণ প্রায় এক্ষণে আগত।
(কামচর প্রতি) সাধু! সাধু! রোধ রঙ্গ ; আর নহে।

ফা।　　এ অতি আশ্চর্য্য :
পিতা তব হই'ছেন রোষ-বশীভূত,
তাহা দৃঢ়ভাবে চালি'ছে তাঁহাবে।

মি।　　আজি ভিন্ন কভু পূর্ব্বে হেরি নাই
হেন রুষ্ট মতি তাঁ'বে ক্রোধেব হইতে বশ।

প্র।　　বৎস, প্রকৃতিস্থ না হেরি তোমাবে,
দেখাই'ছে যেন ত্রস্ত : হও প্রফুল্লিত।
অভিনয় হয়েছে সমাপ্ত। অভিনেতাগণ,
যথা পূর্ব্বে কহিয়াছি, সকলেই কামচর
মিশেছে পবনে, সূক্ষ্ম সমীরণে :
আর, এই আধার বর্জ্জিত বস্তুহীন দৃশ্য মত,
অভ্রভেদী চূড়া, সমৃদ্ধ প্রাসাদ,
গাম্ভীর্য্য-মণ্ডিত দেবালয়, ক'ব কি অধিক,

নিখিল আধেয় সহ বিশাল ভুবন,
হইবে গলিত, ছায়া মাত্র না রাখি' পশ্চাতে।
সেই ভূতে স্বজিত আমবা স্বপন যেমতি,
স্বল্প মাত্র আয়ুকাল আবিষ্ট তন্দ্রায়।
বৎস, আমি বিচলিত; সহ্য কর মোব দুর্ব্বলতা;
বৃদ্ধ মস্তিষ্ক আমাব ক্ষুব্ধ :
হেবি' মোব দুর্ব্বলতা নাহি হও ত্রস্ত;
ইচ্ছ যদি, যাও গুহা মধ্যে লভ শ্রান্তি তথা' :
বাবদ্বয় পবিক্রম কবিব হে আমি,
সান্ত্বনিতে স্পন্দিত হৃদয় মোব।

ফা ও মি। তব শান্তি লাভ মোদেব কামনা।

(প্রস্থান।)

প্র। এস মনোগতি, এবিয়ল্।
ধন্যবাদ : এস।

(এবিয়লের প্রবেশ।)

এরি। আদেশ তব মনে মনে,
মানি সদা মম মনে।
আদেশ তব কি ?

প্র। কামচব,
ক্যালিব্যান্ আক্রমণ তবে প্রস্তুত হইতে হ'বে।

এরি। সে ত ঠিক বলেছ, প্রভু আমার :
শিরীশে যখন দিলাম্ আসর্,

মনে হ'ল বলি সকল কথা ;
ভয় হ'ল ফের্ রোষ যদি হয়,
সে কারণে কইতে নার্নু তথা'।

প্র। কহ পুন কোথায় করিলে ত্যাগ এই হীনগণে ?

এরি। বলেছি ত, প্রভু, খাঁটি টেনে লাল্ ; দাপট্ জমাট্ এত,
বাতাসেই মারে কেন শ্বাস ক্ষরে প্রভু আমি ক'ব কত ;
জোড়া লাথি ঝাড়ে মাটি কেন পড়ে ;
মৎলব না ছাড়ে তবু।
বাজা'নু তখন পটহ্ আপন ; শুনে কাণ্ কবে উবু,
যেন অশ্বিনীকুমার আচড়া আবার, ঢিবি চোখ্ করে বা'র,
দৃষ্টি গুল এ্যাড়া, নাক্ গুল খাড়া গন্ধ শুঁখে বাজ্নার :
তান শুনে কাৎ হ'ল সবে মাৎ সুড়্ সুড়্ আসে নই,
পিছনে পিছনে হাম্বা রব শুনে ঝোপ্ ঝাড়্ মানে কই ;
কাঁটা নটে ছাঁটা, শিয়াকুল কাঁটা, চোরকাঁটা, কণ্টকিল,
প্যাট্ প্যা ট্ ফুটে হাঁটু বুক্ পিঠে চোয়াল বেনার্ বিল :
দেখে শুনে আমি ছাড়ান্ দিলাম্ চোনার্ যে আছে খানা
গুহা পিছে, খায় নাকানি চুবানি, গন্ধে প্রাণে মারে হানা।

প্র। বেস্ করেছ, আমাব টুনি।
ছায়া মূর্ত্তি তব ৱাখিবে সর্ব্বথা :
গৃহসজ্জা যত আছে যা' আমার
লয়ে এস এই স্থানে, হ'বে সে সকল
বাগুরা সদৃশ ধরিতে তস্করগণে।

এবি। এই যাই, এই যাই। (প্রস্থান।)

প্র। প্রেত, জন্মাবধি প্রেত, স্বভাবে যাহাব
শিক্ষা দীক্ষা সব যেন পদ্ম পত্রে নীব ;
আয়াস কবেছি যত মানব-আচাব,
ভস্মে ঘৃতাহুতি সব বিনষ্ট সকলি ;
বয়োবৃদ্ধি সহকাবে কুৎসিৎ অধিক,
মনোবৃত্তি তাদৃশ বিকট। দলিব ঈদৃশ,
যে বেদনায চীৎকাব কবিবে সবে।

(চিক্কণ পবিচ্ছদাদি বহন কবত এবিয়লেব পুনঃ প্রবেশ।)

এস,
ও সকল লম্বিত কবহ ওই সূত্রেব উপবে।

(প্রস্পেবো ও এবিযলেব অদৃশ্যভাবে অবস্থান। ক্যালিব্যান্, ষ্টীফানো ও ট্রিন্‌কুলোব আদ্র বেশে প্রবেশ।)

ক্যা। পাযে পড়ি, আস্তে চল, কাণা ছুঁচো টেব্ না পায়
পাযেব কদমে : এসে পড়েছি গুহাব কাছে তা'ব।

ষ্টী। বিথুব, তোব পবী বলেছিলি গো-বেচাবি,
আমাদেব সঙ্গে আলেয়া-বাড়া খেলেছে।

ট্রি। বিথুব, আমাব গোটা গা টা চোনাব্ খস্‌বু ;
তা'তে কবে নাক্ মশযেব খব বিকাব।

ষ্টী। আমাবও। শুন্‌তে পাচ্ছিস্, বিথুব ?
যদি তোব উপবে মেজাজ্ গব্‌মাই,
তা' হ'লে ছাখ্—

ট্রি। তুই খরচের সামিল্ বিথুর।

ক্যা। জনাব, গরিবের মায়ি বাপ্, মেহেরবানি কর।
চুপ্‌টি করে রও, দিব যা' মুই চিজ্
হ'বে এ সব তুষ্কুর শোধ : আস্তে কও কথা।
দেখ্‌ছ না তুফুর্ রেতের মত
হেথা' কত্তিছি সাঁই সাঁই।—

ট্রি। হাঁই, কিন্তু বোতল গুলি খানায় হারাই,—

ষ্টী। তা'তে খালি পদের হানি মানের হানি,
তা' নয় বিথুর, কিন্তু লোকসান্ বে'তর।

টি। সেইটা হচ্ছে আমাব কাছে চোবানর্ দাদামশাই :
আব বিথুর, এই তোর পরী গো-বেচারি।

ষ্টী। বোতল উদ্ধাব কর্ব্বই, কাণে চোনা চলে তা'ও সই।

ক্যা। পায়ে পড়ি, বাদ্‌শা রাজা, চুপ্।
দেখ্‌তে পাচ্ছ, এইটে গুহাব মুখ ;
গোল্ করোনা ঢুকে পড়।
সেই নেকি বদি সেরে ফ্যাল
যা' কর্ত্তে পারে একেবারে
দ্বীপ্‌টে তোমার নিজ্,
মোকে কেণা কালের ক্যালিব্যান্,
গোড়্‌তলা চাটা।

ষ্টী। দে দেখি তোর হাত্‌টা।
আস্‌ছে খুন খারাপি মগজে।

ট্রি। বাদশা ষ্টীফানো! আমীর্ উল্ উম্‌রা!

দুনিয়াবাজ্ ষ্টীফানো। এদিকে দেখ কি,

তোমার তরে থরে থরে এল্‌বাস্ পোষাক ইঃ।

ক্যা। যেতে দে ওরে, ম্যাড়াকান্ত;

ও গুল লক্কড়্ অত্যন্ত।

ট্রি। ওঃ হোঃ বিথুর। জানিনি কাটা কাপড়ের আমদানি।

ওঃ বাদশা রাজা ষ্টীফানো।

ষ্টী। ও কাবা ফ্যাল্ ট্রিন্‌কুলো;

পাঞ্জার কিরে কাবা নেব আমি।

ট্রি। বন্দে নেওয়াজ্ কাবা নেবে তুমি।

ক্যা। গরা পেট্‌টা ফেঁপে যাক্ তলিয়ে।

বস্তা দেখে ফস্ত খোলা কথাটা তোর কি?

একলা একলা সবার আগে খুনটা এস সারি:

ঘুম্ যদি তা'র ভাঙ্গে, আষ্টে পিষ্টে চাম্‌ড়া খানি

রামচিম্‌টির দমে, বানা'বে মোদের কেইসা জানোয়ার।

ষ্টী। চুপ্ কর, বিথুর।

শ্রীমতী সূত্র ঠাক্‌রুণ,

নয় কি ইটি আংরাখা মোর?

এখন আংরাখা হয় সূত্র তলে:

আংরাখা রে, এখন চুল্ খোয়ায়ে,

সাজ্‌বে টেকো এবার মিনি চুলে।

ট্রি। সাবাস্, সাবাস্ঃ

মোদের বিত্তে জাহির স্থত্র ধ'রে সরল ধারে,
গোস্তাকি মাফ্ বাদ্‌শা রাজা।

ষ্টী। বহুত খুব তোর খেস্তা তরে ;
পোষাক লে ইনাম্ :
এলেম্ র'বে না বে ইনাম্
যত কাল আমি সরফ্‌রাজ :
'বিত্তে জাহিব স্থত্র ধ'রে সরল ধারে'
ছেড়েছিস্ ঠেলা মজাদাব ;
এর লেগে লে আর একটা।

ট্রি। বিথুব, তোর আঙ্গুলে খানিক লেপ্ আটা.
বাকি গুল লে, পয়ে আকার দে।

ক্যা। মুই না ছোঁব এক বত্তি : সময় যায় ফেঁসে,
সব ক'টাকে বানিয়ে দিবে আস্ত পোষা হাঁস,
নয় ত বাঁদরছানা কপাল গুল বেয়াড়া খোঁদল।

ষ্টী। বিথুব, হাত্ লাগাও : মাল উঠাও
লিয়ে চল্ পিপে যেখানে,
নয় তাড়া'ব রাজ হ'তে :
কুচ্ পবোয়া নেহি, উঠাও।

ট্রি। আর এইটে।

ষ্টী। হাঁ, আর এইটে।

(শিকারীগণের শিকারকালীন শব্দ। কামচরগণের কুক্কুররূপে
প্রবেশ, প্রস্পেরো ও এরিয়ল্ কর্ত্তৃক নিয়োজিত হওত
ষ্টীফানো প্রভৃতিকে আক্রমণ।)

প্র। হুস্, পাথ্‌রা হুস্!

এরি। রূপো! ওই যায়, রূপো!

প্র। তড়্‌কা, তড়্‌কা! ওই
ওই, বাঘা, ওই! লেঃ! লেঃ!

(ক্যালিব্যান্, ষ্টীফানো, ও ট্রিন্‌কুলোকে
তাড়িত করণান্তর প্রস্থান।)

প্র। যাও মোর উপদেবগণ কর আক্রমণ
যেন সর্ব্ব গ্রন্থি তাহাদের
শুষ্ক প্রকম্পনে পেষিত করিয়া দেয়,
শিরা প্রশিরা সকল বার্দ্ধক্যজনিত
খাল সম করে আকুঞ্চিত,
অঙ্গময় রেখা আঁকে চিতা ব্যাঘ্রের অধিক।

এরি। শুন, বারেক ডাক্ শুন!

প্র। তাড়িত হউক তা'রা সম্যক প্রকারে।
এইক্ষণে বৈরীগণ মোর দয়াধীন :
অল্পক্ষণ পরে হ'বে শ্রম-অবসান,
পূর্ণভাবে সমীরণে ভ্রমিবে স্বাধীন :
ক্ষণ তরে অনুসর ও কর্ম্ম কর মোর। (প্রস্থান।)

পঞ্চম অঙ্ক।

প্রথম দৃশ্য।—প্রস্পেরোর গুহা-সম্মুখ।

(এবিয়ল্ ও মোহপবিচ্ছদ পরিধৃত প্রস্পেরোর প্রবেশ।)

প্র। বাসনা আমার এবে সিদ্ধি মুখে অগ্রসর :
মোহমন্ত্র টুটি'ছেনা ; কামচর বাধ্য ;
সুসময় উপস্থিত সৌভাগ্য বিধাতৃরূপে।
কয় দণ্ড দিবা ?

এরি। বাজ্‌ল বুঝি ছয় ; প্রভু যে সময়,
কহেছিলে কর্ম্ম হ'বে অবসান।

প্র। ব্যক্ত করিয়াছি তথা, ঝঞ্ঝা যবে
উত্তোলি প্রথমে। কহ কামচব,
নৃপতি ও সঙ্গীগণ যাপি'ছে কিরূপে ?

এরি। আবদ্ধ একত্রে সেই সে প্রকারে
করেছ যেরূপ ব্যক্ত,
রাখি' মোর ভার দেখেছ স্বয়ং
এলে যবে রাখি' ত্যক্ত ;
কয়েদী সকলে, সেই শমী বনে
রক্ষিতেছে যাহা গুহা,

পবন হইতে শুন মহাশয় ;
নড়ে নাহি সাধ্য তাহা।
রাজা, রাজভ্রাতা, ত্বদীয় সোদর,
উন্মত্ত তাঁহার সাথে,
অবশিষ্টগণ করে হা হুতাশ
ভয়ে কষ্টে দ্রবি' ইথে ;
প্রধানতঃ যিনি কহেন আপনি,
'সাধু বৃদ্ধ গন্‌জ্জাল'
শ্মশ্রু দেশে অশ্রু, তুষার কণিকা
ঝরে যথা পর্ণ চাল।
এরূপ সবলে চালিছে সকলে
অভিচার তব বলী।
দেখিলে এখন মনভাব তব
যা'বে করুণায় গলি'।

প্র। কামচর তাহা তব মনে হয় ?

এ'রি। হইত আমার, মানুষ হইলে।
কহি শুন মহাশয়।

প্র। হইবে আমারও।
তুমি যবে বায়ুরূপী, হয়েছ ব্যথিত,
তাহাদের বেদনায়, হ'ব না কি আমি,
এক জন তাহাদেরই জাতি,
অনুভূতি তাদৃশ তীখন,

রিপুচয় তাহাদেরই মত,
চালিত কৃপায় তোমার অধিক ?
যদ্যপি তাহারা মহাক্ষতি করেছে আমার,
স্পর্শিয়াছে যাহা অন্তস্থল,
তবু উচ্চতর বৃত্তি সাথে ক্রোধের বিপক্ষে
মোর চিত্ত স্বপক্ষ হইবে :
প্রতিশোধ জিনি' ক্ষমা সুদুর্ল্লভ গুণ :
যবে তা'রা অনুতপ্ত,
স্পৃহা মোর বহিবেনা রুক্ষভাবে পুন।
যাও এরিয়ল্, কর বন্ধন মোচন :
দূরিতেছি মোহমন্ত্র, ইন্দ্রিয়নিচয়
পুন কার্য্যকরী হ'বে, প্রকৃতিস্থ হইবে তাহারা।

এরি। জনগণে আনি মহাশয়। (প্রস্থান।)

প্র। হে কিন্নরগণ, গিরি, নদী, শান্তহ্রদ, কুঞ্জে, বিচর যাহারা,
যা'রা পুন বেলাভূমে নাহি পদচিহ্ন রাখি'
অনুসর বেগে, উত্তাল তরঙ্গ যবে সিন্ধু-গর্ভে পশে,
ও দ্রুতগতি পলাইতে রহ, যবে
মহোর্ম্মি সকল পুন বেলা অভিমুখে ধায় ;
হে অর্দ্ধ পুত্তলিকা সম কামচর,
যা'রা চন্দ্রালোকে শ্যাম তৃণে তিক্ত চক্র আঁক,
যাহে মেষী নাহি করে দন্তাঘাত,
যা'রা ক্রীড়া কর দ্বিযামায় রচি' ভেকপর্ণী,

হও প্রফুল্লিত শুনি' নিশীথ ঘণ্টার ধ্বনি ,
সাহায্যে যাহার, তুচ্ছ দেবযোনি যদ্যপি তোমরা,
দীপ্তিচ্যুত করিয়াছি মধ্যাহ্ন তপন,
আহ্বানিয়া অবাধ্য পবন
নীল সিন্ধু ও শ্যাম ব্যোম্ মাঝে বাধায়েছি ঘোরাহব :
ভীষণ শব্দিত কুলিশেরে বহ্নি প্রদানেছি
দৃঢ় শালদ্রুম হ'তে করেছি নির্ম্মাণ বজ্র
জোভ্ নিজ দণ্ড হ'তে নহে বলহীন ,
দুরস্থিত অন্তরীপে করেছি কম্পিত
দণ্ডাঘাতে শাল তাল তরুদলে নিপাতেছি মূলে ;
সমাধি সকল আদেশে আমার জাগায়েছে নিদ্রাগতে,
দ্বার উন্মোচিয়ে, বহির্দ্দেশে প্রেরেছে তা'দের
বিদ্যা মোর এত বলীয়ান।
কিন্তু এবে ত্যজি এই অক্ষেম শকতি,
আহ্বানি' চরমে কোন স্বর্গীয় বাদন,
উদ্দেশ্য সাধিতে মোর,
(অপ্রকৃতিস্থ জন হেতু শকতি চালিত কামচর বলে)
দণ্ড চূর্ণ করিব আমার,
প্রোথিব তাহারে ধরণীর বহু নিম্নে,
গ্রন্থ নিমজ্জিব আর গভীর গর্ভে
যথা' সূত্রযন্ত্র সাধ্য নাহি পরিমিতে তল ! (গম্ভীর বাদন।)

(এরিয়লের পূর্ব্ববৎ প্রবেশ : গঞ্জালো সমভিব্যাহারে উন্মাদ
হাবভাবে এ্যালঞ্জোর প্রবেশ ; এ্যাড্রিয়ান্ ও ফ্রান্সিস্কোর
সহিত সিবাষ্টিয়ন্ ও এ্যাণ্টোনিওর তদবস্থায় প্রবেশ ;
প্রস্পেরোর মন্ত্রপূত চক্রে তাহাদের দণ্ডায়মান ও
মুগ্ধাবস্থায় অবস্থান ; পূর্ব্বোক্ত দর্শনান্তব
প্রস্পেরো কহেন।)

গম্ভীর সঙ্গীত লুপ্তবুদ্ধিগণে শ্রেষ্ঠ শ্রান্তিবিধায়ক
যেন তব মস্তিষ্কের আরোগ্য বিধানে,
এবে মেদ আবশ্যক হীন,
মূর্দ্ধা অভ্যন্তরে মাত্র হ'তেছে দহন!
রহ অবস্থিত তথা', কারণ
মোহমন্ত্রবলে সবে গতিশক্তিহীন।
হে সত্যপ্রিয় গঞ্জালো, বহু সম্মানভাজন,
আমার নয়ন, সহানুভূতি বশে আকৃষ্ট এমন,
ঝরিবে সেক্ষণ যদি ঝরে তব আঁখি হ'তে বারি।
হইতেছে মোহমন্ত্র ত্বরা অপনীত,
যথা ঊষা, ধ্বান্ত নাশি', আ'সে ধীরে
যামিনী প্রভাতে, সুপ্তোত্থিত বৃত্তিগণ
আরম্ভিছে দূরীকৃতে অজ্ঞান তিমির,
যাহা কলুষিছে নির্ম্মল চেতনা।
সাধু গঞ্জালো, মোর প্রাণদাতা একমাত্র,
প্রকৃত বান্ধব তা'র যা'রে অনুসর!

তব গুণ যোগ্য পুরস্কার
কায়মনবাক্যে দিব শোধ।
হে এ্যালঞ্জো, মোর ও দুহিতার প্রতি,
আচরেছ নিতান্ত নিষ্ঠুর ভাবে :
ভ্রাতা তব সেই কার্য্যে আছিল স্বপক্ষ।
সিবাষ্টিয়ন্, সে কারণ নিজ শাস্তি সহিতেছ এবে।
হে সহোদর, এক রক্ত এক মাংস,
পোষি' দুরাকাঙ্ক্ষা হৃদে,
অনুকম্পা মনুষ্যত্ব কর দূরীভূত;
মিলি' সিবাষ্টিয়ন্ সাথে,
(বিবেক অঙ্কুশ তথা তীক্ষ্ণতম তা'র,)
ছিল সাধ হত্যা কর নৃপতি আপন;
মার্জ্জনা করিনু, অস্বাভাবিক যদ্যপিও তুমি!
হিতাহিত জ্ঞান স্ফুরিছে এদের।
আগত তরঙ্গ যেন অবিলম্বে
প্লাবনিবে চিৎ-তীর-ভূমি
এবে কলুষ ও পঙ্কিল।
হেরি'ছে যাহারা, এক জন নাহি হেথা'
চিনে মোরে কিম্বা বুঝে মম পরিচয়;
এরিয়ল্, লয়ে এস গুহা হ'তে
অসি ও মুকুট; তেয়াগিব এই বেশ,
প্রত্যক্ষ দর্শা'ব যথা ছিনু পূর্ব্বে আমি

মিলান্-অধিপ: কর ত্বরা, কামচর;
অবিলম্বে করিবে হে স্বাধীনতা লাভ।

(প্রস্পেরোকে বেশ পরাইতে পরাইতে এরিয়লের গীত।)

অলি যথা' মধু পিয়ে, পিয়িব তথায়:
রচিব শয়ন আমি ধুতুর শয্যায়;
র'ব তথা' আলসেতে রবে যবে উলুপেতে,
পিঠে বাতুলির চড়ি' উড়ি মলয়ায়।
মধু ঋতু অন্বেষণে, হাসি হাসি হাসি মনে
যাপিব কুসুম তলে সনে কিশলয়।

প্র। কেন, তাহা সত্য হ'বে দুলাল আমার!
হারা'ব তোমার সেবা; কিন্তু তুমি লভ মুক্তি:
বেস্, বেস্, বেস্ পরায়েছ বেশ।
অদৃশ্য ভাবেই নৃপতির পোতে যাও:
তথা' তলদেশে প্রাপ্ত হ'বে নিদ্রিত নাবিকগণে;
পোতাধ্যক্ষ, কর্ণধারে করি' জাগরিত
বাধ্য কর আসিতে এ স্থানে,
ত্বরা কর মিনতি আমার।

এরি। চল্‌ব আর আস্‌ব ধেয়ে, এক ঝল্‌কা বাতাস খেয়ে,
পড়ে কি না পড়ে যবে দুবার তোমার দম্। (প্রস্থান।)

গঞ্জা। কেবলি যাতনা, কেবলি বেদনা,
বিস্ময় ও আশ্চর্য্য ঘটনা বিরাজিত এই স্থানে:

কোন দৈবশক্তি এই ভয়াবহ ভূমি হ'তে
পথ প্রদর্শক রূপে বহির্দ্দেশে লহ আমাদের।

প্র। নৃপ, নেহার প্রস্পেরো মিলান্-অধিপে :
বহু ক্ষতি সেধেছ যাহার : অধিক বিশ্বাস হেতু
যে জীবিত অধিপ কোন সম্ভাষিছে এবে,
কবি তব বপু আলিঙ্গন ; সম্ভাষি তোমায়
ও তব সহচরগণে পূর্ণ স্বাগত এ স্থানে।

এ্যাল। নহি জ্ঞাত তুমি সেই কিবা নয়,
কিম্বা আধিদৈব সৃষ্টি কোন নব
এসেছ ছ'লিতে মোরে, ইতিপূর্ব্বে ঘটি'ছে যেমন :
বহি'ছে ধমনী তব মাংস ও শোণিত সৃষ্ট
মানবের প্রায়, যদবধি হেরেছি তোমায়,
অপগত মম ব্যাধি, মানসিক সেই ব্যাধি তরে,
ভয়বাসি, উন্মাদনা ঘিরেছিল মোরে :
এ ঘটনা ধ্রুব চাহে, (মূলে যদি
ইহা কোন ঘটনা প্রকৃত হয়)
আখ্যান অপূর্ব্ব অতি। প্রত্যর্পিনু রাজ্য তব
মিনতি করিয়ে কহি ক্ষম অপরাধ।
কিন্তু প্রস্পেরো জীবিত কেমনে ও রহে এই স্থানে?

প্র। সদাশয় মিত্র, এস অগ্রে,
তব বৃদ্ধ বপু আমি করি আলিঙ্গন,
অপরিমিত ও অসীম যে তোমার সম্মান।

গঞ্জা। সত্য কি অসত্য ইহা শপথে অক্ষম।

প্র। বিচিত্র ব্যাপাব যাহা কব অনুভব
অদ্যাপিও এই দ্বীপে, দিতেছে না বিশ্বাসিতে
বাস্তবিক ঘটনানিচয়। বন্ধুগণ, স্বাগত সকলে!
(জনান্তিকে সিবাষ্টিয়ন্ ও এ্যাণ্টোনিওব প্রতি)
কিন্তু মোব প্রভু যুগ্ম, যদি ইচ্ছা কবি,
তব প্রতি নৃপতিব বোষাক্ত লোচন
আমি প্রয়োগে সক্ষম; বিশ্বাসঘাতক
সত্য প্রমাণিতে পাবি: এ সময়ে
না কহিব বিরুদ্ধে কাহাবও।

সি। (জনান্তিকে) কহে প্রেত-চালিত ক্রমে।

প্র। না। হীনাতিহীন প্রভু,
যা'বে কহিলে সোদব কলুষিব নিজ বসনায,
ক্ষমিনু তোমায হীনতম হিংসা তব;
সকলি; যাচি বাজ্য কব প্রত্যর্পণ,
জ্ঞাত আমি, বাধ্য হ'বে তাহা প্রত্যর্পিতে।

এ্যাল। যদ্যপি প্রস্পেবো, কহ আদ্যন্ত ঘটনা
কি উপাযে বক্ষা পাও; এই স্থলে
কি প্রকাবে পাইলে সাক্ষাৎ,
এই উপকূলে মাত্র ঘণ্টাত্রয় হইয়াছি পোতধ্বস্ত;
যথা' হাবা'লাম প্রিয় সুত ফার্ডিনাণ্ড্—
অহো সেই স্মৃতি কি নিদারুণ!

প্র।　　মহাশয়,
সেই হেতু আমি অত্যন্ত দুঃখিত।

এ্যাল।　　সেই ক্ষতি নহিবে পূরিত
ধৈর্য্য কহে উপশমাতীত।

প্র।　　পক্ষান্তরে হয় বিবেচিত;
না অন্বেষ সেই সহায়তা,
তা'র স্নিগ্ধ করুণাব বলে
তাদৃশ ক্ষতিতে লভি' সাহায্য অতুল
তুষ্ট মনে আছি প্রাণ ধ'রে।

এ্যাল।　তোমাবও তাদৃশ ক্ষতি!

প্র।　　কিছু পূর্ব্বে সঙ্ঘটিত সুমহৎ তাদৃশ মদীয় ক্ষতি;
তব শাস্তি প্রদানিতে আছে দ্রব্য কত,
তদপেক্ষা ক্ষীণোপায় অশক্ত সহায়
মোব মহা ক্ষতি ক্ষণে,
হায় খোয়ায়েছি নন্দিনীরে।

এ্যাল।　　নন্দিনী?
অহো দৈব, যদ্যপি উভয়ে নেপল্‌সে রহিত জীবিত,
তথা' রাজা রাণী! এরূপ হইত, স্বয়ং শায়িত
লবণাক্ত কর্দ্দম শয্যায় যথা' নিদ্রাগত আমার তনয়।
তনয়া হারা'লে কবে?

প্র।　　বিগত ঝঞ্ঝায়।
বুঝি মহাপাত্রগণ এই সন্দর্শনে এত বিস্ময়-পূরিত

অবিশ্বাস বশবর্ত্তী হ'য়ে দূরি'ছেন সহজ বিবেক
নাহি ইচ্ছা বিশ্বাসিতে দেখি'ছেন সত্য যাহা,
বাক্য যাহা শুনি'ছেন যেন তাহা শ্বাস মাত্র
আর কিছু নহে : কিন্তু বুদ্ধি বিপর্য্যয় চরম স্থলেও,
অবগত হ'ন সত্য আমি প্রস্পেরো
যেই সামন্ত নির্ব্বাসিত মিলান্ হইতে,
অতি আশ্চর্য্য প্রকারে এই উপকূলে ত্যক্ত,
তথা' প্রভু এবে, যথা' মহাশয়গণ পোতধ্যস্ত।
এবে নাহি কহিব অধিক ; কারণ
ঘটনা বিবৃতি হেতু বহু দিন আবশ্যক,
নহে এইরূপ যে ইহা কহা যায়
ভোজনের কালে কোন গালগল্পপ্রায়
কিম্বা যোগ্য আলাপন প্রথম সাক্ষাতে।
মহারাজ, সম্ভাষি স্বাগত;
এই গুহা মম রাজসভা : আছে কয় সহচর
রাজ্যে অন্য প্রজার অভাব :
প্রার্থনা আমার, নৃপ, কর দরশন।
যে হেতু দিয়াছ মোরে পুন রাজ্য মম,
দি'ব পরিবর্ত্তে তা'র বস্তু মূল্যবান ;
অন্তত দর্শা'ব কিছু বিস্ময়জনক ;
যাহে তৃপ্ত হ'বে আমি যথা হইয়াছি
রাজ্যলাভে মোর।

(দাবাক্রীড়াবত ফার্ডিনাণ্ড্ ও মিবাণ্ডাকে প্রস্পেবো
কর্ত্তৃক প্রদর্শন।)

মি। বঞ্চনা ক'বনা প্রাণেশ।

ফা। না, প্রিযতমে, কবিব না পৃথ্বি বিনিমযে।

মি। অবশ্য, মহী বিংশ তবে, প্রভু, অবশ্য কবিবে,
সে বিবাদ বাখানিব মূর্ত্তিমান সৎ।

এ্যাল। ঘটে যদি কেবলি প্রপঞ্চ ইহা
দ্বীপেব বিভূতি মাত্র,
হেন প্রিয় পুত্র এক হাবা'ব দ্বিবাব।

সি। অতি অলৌকিক কাণ্ড।

ফা। ত্রাসে সিন্ধু যদ্যপিও, কিন্তু দয়াবান ;
আমি শাপ দিয়াছিনু তা'য় অকাবণ (জানুপাতন।)

এ্যাল। আনন্দিত জনকেব যত আশীর্ব্বাদ
চাবি পাশে বেড়ুক তোমাবে।
উঠ, কহ কিরূপে আসিলে হেথা'।

মি। কি, আশ্চর্য্য।
হেথা' কত অগণন সুন্দব মূবতি।
মানব কি সুন্দব সৃজন !
আহা সুন্দব সে নব নবলোক,
যথা' হেন নব আছে বিবাজিত।

প্র। তব পাশে ইহা নব।

এ্যাল। কে এ কুমাবী যা'ব সাথে ছিলে ক্রীড়াবত ?

বহুপূর্ব্ব পরিচয়ও ঘণ্টাত্রয় অনধিক :
ইনি কি সে দেবী যিনি ভিন্নিয়া মোদের,
মিলালেন পুন হেন রূপে ?

ফা।   মহারাজ, এ বালা মানুষী ;
কিন্তু অমানুষী দৈববলে আমার রমণী :
ইহাঁরে নির্ব্বাচি যবে না সুধি' জনকে
তাঁ'র অনুমতি তরে, জ্ঞাত নাহি ছিনু মম
জনক জীবিত। ইনি এই খ্যাতিপন্ন মিলান্-তনয়া,
প্রায় খ্যাতি শুনিতাম,
কিন্তু পূর্ব্বে নাহি সামন্তেরে নেহারি নয়নে ;
সামন্ত কৃপায় লভিয়াছি দ্বিতীয় জীবন ;
তিনি কুমারী সম্পর্কে মম জনক দ্বিতীয়।

এ্যাল।   আমি পিতা বালিকার :
কিন্তু, হায় ধ্বনিবে কীদৃশ
ক্ষমা চা'ব নিজ সন্তানের !

প্র।   অধিক, না কহ, রাজা :
স্মৃতি 'পরে কিবা কাজ রাখি' ভার
যাহা বিদূরিত।

গঞ্জা।   করি অন্তরে রোদন, নহে পূর্ব্বে কহিতাম কথা।
কৃপাচক্ষে হের, দেবগণ,
কর দম্পতির শির মুকুট শোভন
তব আশীর্ব্বাদ পূত ! এই পথ নিদেশিত

এই স্থানে এনেছে মোদেব।

এ্যাল। "শান্তি" কহি আমি গঞ্জালো!

গঞ্জা। মিলান্ তাড়িত মিলান্ হইতে, সে কি শুধু
সন্ততি তাহাব নেপল্‌সে নৃপতি হ'বে তাই?
আহা, কি আনন্দ জিনিয়া সামান্য প্রীতি,
লিখ কথা সুবর্ণ অক্ষবে তুঙ্গ সম স্তম্ভগাত্রে :
উপলক্ষি' এক পোত যাত্রা
ক্ল্যাবিবেল্ টিউনিসে প্রাপ্ত তা'ব পতি
আব ভ্রাতা ফার্ডিনাণ্ড্ পত্নী প্রাপ্ত যবে নিজে
প্রায নিমজ্জিত, প্রস্পেবো স্বকীয় বাজ্য মরু সম দ্বীপে,
প্রতি জন স্বজীবন মোবা যথা' নাহি ছিনু
নিজ নিজ প্রভু।

এ্যাল। (ফার্ডি ও মিবা প্রতি) দেখি দাও তব কব :
তব সুখ শান্তি নহে কামনা যাহাব
চিব বেদনা যাতনা যেন দগ্ধে হৃদি তা'ব।

গঞ্জা। বাঞ্ছা পূর্ণ হোক্! শান্তি! শান্তি!

(এবিয়লেব পুনঃ প্রবেশ তৎপশ্চাতে স্তম্ভিতভাবে পোতাধ্যক্ষ ও কর্ণধাবেব এবিয়ল্‌কে অনুসবণ কবত প্রবেশ।)

গঞ্জা। মহাবাজ, দেখুন, দেখুন!
আসিতেছে আমাদেব আবও কয়জন :
করেছিনু ভবিষ্যদ্বাণী,

ত্রিকা-কাষ্ঠ যত দিন ভূমিতলে স্থিত,
এই জন কভু নাহি হ'বে নিমজ্জিত।
তবে, বাক্‌স্ত্রী, পোত হ'তে দেব-কৃপা দূরে
ক্ষেপনেছ, ভূমে নামি' শপথ অভাব ?
রব নাহি মুখে ? কহ কি সম্বাদ ?

কর্ণ। বড়িয়া খবর্ এইডা, কর্ত্তা, বালয় বালয়
পাইচি রাজা, দলবলও মজুদ তাঁ'র সাতে ;
দোস্‌রা খবর্ অয়, কর্ত্তা, পুয়াটাক্ বেলা
আগায়ে, ঝে ছড়েবে তামাম্ বাতিল্ বুঝ্ করে
ছারাণ্ দ্যালাম্, সেই অইচে কি কই, কর্ত্তা
পোক্ত আর তোমাব গে এ্যারল্ তোফা পাল্ দরা ঠ্যাসা
যন্‌থে বার্ দরিয়া বীচে ভাসান্ পয়লা দ্যালাম্।

এরি। (প্রস্পে প্রতি জনান্তিকে)
এই কর্ম্মচয় শুন, মহাশয়, সমাপি গমন পরে।

প্র। (এবি প্রতি জনান্তিকে)
কামচর কৌশলী আমার!

এ্যাল। এ ঘটনা নহে স্বাভাবিক ;
অদ্ভুত অদ্ভুততর ক্রমে বলবান।
কহ, হেথা' আসিলে কেমনে ?

কর্ণ। রাজা মশয়, মনের মত্তি যদি মুই
এমন সমঝ্ করি, জলজ্যান্ত চায়েন্ আছি,
এত্তালাটা দিবার্ পারি। মরার হালে

ছিনু নিদে, কইতে নাবি কা'ব দোযায—
ঠ্যাসা খোলেব বিচে, খানিক বাদে
হল্লা শুনে গাল্‌কে পাল্ আল্‌সি সানে ;
বাপ্ বে বাপ্ কাবখানা কি। জুদো হুদো
ধূমোধূমি, হাকন্ ডাকন্, চিক্কুবি,
ছেকল্ লাড়ন্, তব তব আওয়াজ্ বি বি,
তামাম্ ধকড়্, শুন্‌লে লাগে কাপ্,
সোজাসুজি পালাম্ ছাবান্ ; খাহি তহন্
চ'খে আপন, লম্বা চৌবা তাজা ডিঙ্গা,
জববদস্ত কামে, পানিব মধ্যি তুলতিছে,
সাবেংযেব পো তাই না খাহে
আপন মনে নাচ্‌তিছে : আঁখেব ঠোবে,
স্বপন ঝ্যামন খেযাল্ খাহে ঝট্,
ছাবাছাবি অইল তামাম্
আব আমাগব বাউবা সাজে তাবা'যে আন্‌ছে সট্।

এবি। (প্রস্পে প্রতি জনান্তিকে) কবেছি কি ভাল ?

প্র। (এবি প্রতি জনান্তিকে) সাধু, দক্ষ অনুচব। হ'বে মুক্ত।

এ্যাল। কভু কেহ পবিক্রমে হেন ধন্ধ চক্র
ইহা সম বিস্ময চবম,
অলৌকিক শক্তি ধ্রুব নেতা বর্ত্তমান :
দৈববাণী কোন শোধিবে মোদেব জ্ঞান।

প্র। নবনাথ, নাহি কাজ পুনঃ পুনঃ আলোড়ি' বিস্ময়

নিহিত এ ঘটনায় ; নিরূপিত অবকাশে
লব্ধ যাহা হ'ব অচিরাৎ, একে একে বর্ণিব সকল,
সিদ্ধ বিবেচিবে প্রতি ঘটনা বিগত ;
তদবধি, সহর্ষে মানিয়া লহ সকলি মঙ্গলকর।
(এরি প্রতি জনান্তিকে) শুন, কামচর :
ক্যালিব্যান্ ও সঙ্গীগণে মুক্ত কর ;
মোচিত করহ মন্ত্র-পাশ। (এরিয়লের প্রস্থান।)
যাপ কাল কি ভাবে নৃমণি ?
অদ্যাপিও কতিপয় সঙ্গী তব রহি'ছে অভাব,
কয়জন ক্ষুদ্র জীব হ'তেছ বিস্মৃত।

(ক্যালিব্যান্, ষ্টীফানো, ও ট্রিন্‌কুলোকে অপহৃত পরিচ্ছদসহ তাড়িত করত এরিয়লের পুনঃ প্রবেশ।)

ষ্টী। প্রতি জন কর অপরের কাজ,
নিজ চরকায় নহে তেলং ;
কপালং কপালং কপালং মূলং।
রহ ধৈর্য্যং, বিথুব ভিন্দিপাল, বহ ধৈর্য্যং !

ট্রি। কপাল যোড়া চোখ দুট সত্যি যদি
দেখ্‌তে পায়, দেখি হে'থা চমৎকার।

ক্যা। উঃ সিটিবস্,
খাসা সব এ বাহারে পরী কিন্তু !
কর্ত্তা আমার রগরগে ! তরাস্ লাগে

বকাবকি কর্ব্বে মোকে।

সি। হাঃ, হাঃ! প্রভু এ্যাণ্টোনিও,

এ সকল দ্রব্যজাত, কিবা নাম ধবে?

ইহা অর্থ পণে ক্রীত হ'বে?

এ্যাণ্টো। সম্ভবত; একটি ত মীন দৃশ্যমান,

সুনিশ্চিত, বীথিকাব যোগ্য

প্র। প্রভুগণ, লক্ষ্য কব দাস-সজ্জা,

কহ, অকৃত্রিম কিবা নহে।

দেখ যাহা বীভৎস—আকৃতি দুষ্ট,

ছিল ডাকিনী জননী তাব,

শক্তিমতী এত শশীবে শাসিত,

সৃজন কবিত স্রোতোজান,

শক্তি কোন অংশে শশী হ'তে নহে ন্যূন।

এই তিন জন মোব দস্যুতা সেধেছে;

এই নব-প্রেত ডাকিনী—জাবজ—

মোব বধ হেতু এব সনে ষড়যন্ত্রে লিপ্ত।

চিনিবে ঘাতকদ্বয়ে ক'বে নিজ অনুচব;

এই ছায়া গর্ভ সম্ভূতেবে স্বীকৃতেছি মম অনুপ্লব।

ক্যা। চিম্‌টির চোটে প্রাণটা যা'বে।

এ্যাল। এ নহে কি ষ্টীফানো, আমাদেব মদ্যপ-ভাণ্ডাবী?

সি। এ সময়ও পানমত্ত: ও মদ্য পেলে কোথা?

এ্যাল। ট্রিন্‌কুলোটা টল্‌মল্‌:

কোথা' পেলে চতুরঙ্গ মদ্য এরা
একেবারে চুর্ চুরে? চুবান কিরূপে হ'লে?

ট্রি। হয়েছে চুবান হেন তব সাথে
শেষ সাক্ষাতের পরে, বোধ হয়
অস্থি হ'তে না হ'বে নির্গত কভু:
নির্ভয়ে রহিব করিবে না মাছি ভন্ ভন্।

সি। ওরে, বেটা, ষ্টীফানো!

ষ্টী। উঁহু, নাহি স্পর্শ তনু; নহি ষ্টীফানো,
ক্ষোট কিন্তু আপাদমস্তক।

প্র। দ্বীপপতি হ'বি যে রে, বেটা?

ষ্টী। ছিদ্রশতী হ'ব তবে।

এ্যাণ্টো। এটা কি অদ্ভুত জীব হেরিনি নয়নে কভু।
(ক্যালিবান্‌কে লক্ষ্য করত)

প্র। আকার সদৃশ ওর প্রকার বিরূপ।
যা' রে, বেটা, গুহার ভিতব; সাথে তোর সহচর;
ক্ষমা যদি পেতে চাস্,
সুন্দর করিয়া গুহা গুছাইয়া রাখ্।

ক্যা। হাঁ, কর্‌ব আমি তা';
আর এখন থেকে হ'ব চালাক্
মাফ্ চাইব পরে। তিন সত্যি গাধা আমি,
মাতালটাকে দেবতা মানি
সিন্নি ধরি কিনা এই নিকস্ বোকাটারে!

প্র। যা', যা', যা' স'রে !

এ্যাল। যা' এখন পোট্‌লা রাখ্ পেলি যেইস্থানে।

সি। সবা'লি, কহিলে হয়।

(ক্যালিব্যান্, ষ্টীফানো ও ট্রি্‌ন্‌কুলোর প্রস্থান।)

প্র। মহারাজ, আমন্ত্রি তোমায় ও তব অনুগামীগণে
মম দীন গুহাবাসে, তথা লভিবে বিশ্রাম
এই এক বিভাবরী ; বহু দণ্ড পাশবিব হেন উপাখ্যানে,
নিঃসন্দেহ শীঘ্র শীঘ্র উদিবে মিহির ;
মম জীবন-কাহিনী এই দ্বীপে
আগমন হ'তে একে একে আমূল ঘটনা :
প্রাতঃকালে ল'ব পোতে তথা' হ'তে নেপ্‌ল্‌স্ নগরে,
যথা' আছে আশা হেরিব মিলন
প্রাণসম পুত্র কন্যা উদ্বাহ-বন্ধন ;
তা'র পর নিভৃতে মিলানে মম র'ব,
মূল চিন্তা হ'বে তথা' সমাধি আপন।

এ্যাল। ব্যগ্র আমি শুনি তব জীবন-কাহিনী,
অবশ্য বিস্ময়কর ধ্বনিবে শ্রবণে।

প্র। কহিব সকল কথা ;
স্বীকৃত প্রদানে নিষ্কম্প জলধি, মৃদু মন্দ বাত
বাহিবে তরণী তব এত মনোমত
ল'বে ত্বরা দূরস্থিত রাজ-বহর সমীপে।
(এরি প্রতি জনান্তিকে) মোর এরিয়ল্, মণি, এটি তব ভার ;

অতঃপর পঞ্চভূতে বিচর স্বাধীন, লভ হে বিদায়!
রাজেন্দ্র, প্রসাদ ক্রমে গুহা সমীপস্থ হও।

(প্রস্থান।)

সমাপ্তি।

(প্রস্পেরো কর্ত্তৃক কথিত।)

মোহমন্ত্র যত মোর এবে দূরীকৃত,
আছে যা' শকতি তাহা মোর জন্মগত,
হয় তাহা অতি ক্ষীণ : কিন্তু, ইহা সত্য,
আদেশে তোমার হেথা' বদ্ধ র'ব নিত্য,
কিম্বা নেপ্‌ল্‌সে প্রেরিত। না ঘটয়ে যেন,
যে কারণ প্রাপ্ত আমি এবে রাজ্য পুন
ক্ষমিয়াছি প্রবঞ্চকে, কেবা বাস করে
এই ফলহীন দ্বীপমাঝে তব অভিচা'রে ;
মুক্তি দান মোরে দাও ছিন্ন করি' দলে
করি' সহায়তা তব শ্রীকর-কমলে :
মঙ্গল-নিশ্বাসে তব আমাব কেতন
পূর্ণ হ'বে, নহে সন্ধি মম অপূবণ,—
ছিল যাহা তব তুষ্টি। এবে আমি চাহি
বিশ্বচিত্ত বিনোদিতে, শিল্পে অবগাহি,
পবিণামে ধেয়ে যাই নিরাশা কবলে,
যদি নাহি হই মুক্ত প্রার্থনার বলে,
ভেদিবে এরূপে তাহা আঘাতে সক্ষম
কৃপা-পারাবার মোচি' পাপ তাপ তম।
পাতক হইতে যথা ক্ষমা পেতে চাও
প্রসাদে তোমার মোরে মুক্ত করি' দাও।